৩য়
সংস্করণ



CRACK
PREVIOUS MCQ

বইটির বৈশিষ্ট্য:

- বিসিএস পরীক্ষার সিলেবাস অনুযায়ী সাজানো
- চাকরির পরীক্ষার সকল সাবজেক্টের একক বই
- বিগত ৩০ বছরের সকল পরীক্ষার এমসিকিউ'র সংকলন
- এমসিকিউগুলো সাবজেক্টওয়াইজ ও চ্যাপ্টারওয়াইজ গোছানো
- পুনরাবৃত্তি বিবর্জিত ও পুরাতন প্রশ্নগুলো আপডেট তথ্য দিয়ে প্রতিস্থাপিত

Md. Ahasanur Haque Saikat Talukder

CRACK PUBLICATIONS

CamScanner

বিসিএস, বিজেএস, ব্যাংক, নন-ক্যাডার, তুদক, এনএসআই, ডিজিএফআই, প্রাইমারি, শিক্ষক নিবন্ধন,
অন্যান্য সরকারি চাকরি ও বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার জন্য অবশ্যপাঠ্য বই

CRACK PREVIOUS MCQ

Written & Compiled By:

Md. Ahasanur Haque Saikat Talukder

B.A. (Honours), M.A. (Philosophy), Jagannath University
BCS (General Education)
Lecturer (Philosophy)
Parshuram Govt. College, Feni
Ex-Senior Officer
Bangladesh Krishi Bank
Author, CRACK BCS VIVA
Author, CRACK BANK VIVA
Author, CRACK BASIC VIVA

CRACK PUBLICATIONS

CamScanner

প্রকাশক
মোঃ মোকছেদুল হক (সোহাগ)
ক্র্যাক পাবলিকেশন্স
Website: www.crackpublications.com
Gmail: crackpublications@gmail.com
Page: www.facebook.com/CrackPublications
Group: www.facebook.com/groups/crackpublications
Mobile: 01753 35 35 85

গ্রন্থস্বত্ব
লেখক (মোঃ আহসানুর হক সৈকত তালুকদার)

প্রকাশকাল
প্রথম প্রকাশঃ ডিসেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ
তৃতীয় সংস্করণঃ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

বিশেষ কৃতজ্ঞতা
মোঃ মোহামেদুল হক রাসেল, বিসিএস (সাধারণ শিক্ষা)
জান্নাতুল ফেরদৌস, সহকারী রাজস্ব কর্মকর্তা, এনবিআর
জাফর ইকবাল আনসারী, সিনিয়র অফিসার, কর্মসংস্থান ব্যাংক
মোঃ গোলাম কিবরিয়া আনন্দ, বিএসএস (রাষ্ট্রবিজ্ঞান), সরকারি তিতুমীর কলেজ
মোঃ আহসানুল হক সাগর, মাঠ সহকারী, পল্লী সঞ্চয় ব্যাংক

সর্বোচ্চ খুচরা মূল্যঃ ৯৫০ টাকা

বইটি কুরিয়ারে পেতে যোগাযোগ করুন
Website: www.crackpublications.com
Page: www.facebook.com/CrackPublications
Group: www.facebook.com/groups/crackpublications
Mobile: 01753 35 35 85

পরিবেশক

সুমনা বইঘর বাংলাবাজার ০১৯২০৪৯৪৬০৭	জয়ন্টার বুক হাউজ বাংলাবাজার ০১৯১৫৭৮৬৬২১	প্রমিজ বুকস্ বাংলাবাজার ০১৯৪৯৪৯৬১০১	দি বুক সেন্টার বাংলাবাজার ০১৯১২১২০১৫১	মামুন বুক হাউজ নীলক্ষেত ০১৭০৭১৪৪১২২	সোহেল লাইব্রেরি নীলক্ষেত ০১৮৮৭৭৯৭২৬৭	আলম বুকস নীলক্ষেত ০১৭১০২৯৭৫৬৪
নীলক্ষেত: মাইশা লাইব্রেরি (০১৭৫৯১৬০৮৫৩), তাজ লাইব্রেরি (০১৭১৬৫৭৪৭৪২), নাফিস লাইব্রেরি (০১৭৮৭৪২৬০১৫), বিডি ই-মার্ট (০১৫১১৯৯৯৭৫৮)						

বই সংক্রান্ত যেকোনো তথ্য ও পরামর্শের জন্য যোগাযোগ করুন
Saikat Talukder
https://www.facebook.com/saikat.crack

CamScanner

সূচক, লগারিদম ও ধারা (০৩ মার্কস)			**১০৬৬ - ১০৯৩**
সূচক	১০৬৬	অনুক্রম ও ধারা	১০৮২
লগারিদম	১০৭৬		
জ্যামিতি (০৩ মার্কস)			**১০৯৪ - ১১৩৯**
রেখা ও কোণ	১০৯৪	চতুর্ভুজ	১১০৯
ত্রিভুজ	১০৯৭	বৃত্ত	১১১১
পিথাগোরাসের উপপাদ্য	১১০৩	বহুভুজ	১১১৫
ত্রিকোণমিতি	১১০৫	পরিমিতি	১১১৭
সেট, বিন্যাস, সমাবেশ, পরিসংখ্যান ও সম্ভাব্যতা (০৩ মার্কস)			**১১৩৯ - ১১৬১**
পরিমাপ ও একক	১১৩৯	সমাবেশ	১১৪৯
সেট ও ফাংশন	১১৪৩	পরিসংখ্যান	১১৫২
বিন্যাস	১১৪৭	সম্ভাব্যতা	১১৫৮

মানসিক দক্ষতা (১৫ মার্কস)

ভাষাগত যৌক্তিক বিচার (০৩ মার্কস)	**১১৬২ - ১১৮৫**
ভাষাগত যৌক্তিক বিচার	১১৬২
সমস্যা সমাধান (০২ মার্কস)	**১১৮৬ - ১১৯৩**
সমস্যা সমাধান	১১৮৬
বানান ও ভাষা (০২ মার্কস)	**১১৯৩ - ১১৯৩**
বানান ও ভাষা	১১৯৩
যান্ত্রিক দক্ষতা (০২ মার্কস)	**১১৯৩ - ১১৯৭**
যান্ত্রিক দক্ষতা	১১৯৩
স্থানাঙ্ক সম্পর্ক (০২ মার্কস)	**১১৯৭ - ১২০২**
স্থানাঙ্ক সম্পর্ক	১১৯৭
সংখ্যাগত ক্ষমতা (০২ মার্কস)	**১২০২ - ১২১৩**
সংখ্যাগত ক্ষমতা	১২০২
ভাবমূলক যুক্তিবিন্যাস (০২ মার্কস)	**১২১৩ - ১২২৮**
ভাবমূলক যুক্তিবিন্যাস	১২১৩

বাংলাদেশ বিষয়াবলি (৩০ মার্কস)

বাংলাদেশের জাতীয় বিষয়াবলি (০৬ মার্কস)			**১২২৯ - ১২৯৫**
বাঙালির ইতিহাস	১২২৯	উপমহাদেশে ইংরেজ শাসন	১২৫০
বাংলার প্রাচীন জনপদ	১২২৯	ব্রিটিশ সরকারের ভারত শাসন	১২৫১
প্রাচীন বাংলার বিভিন্ন শাসনামল	১২৩২	ব্রিটিশ বিরোধী আন্দোলন	১২৫৩
বাংলায় মুসলিম শাসন	১২৩৬	নবজাগরণ ও সংস্কার আন্দোলন	১২৫৬
দিল্লি সালতানাতের শাসন	১২৩৭	বিভাগপূর্ব রাজনীতি	১২৫৭
স্বাধীন সুলতানি শাসন	১২৩৮	দেশ ভাগ	১২৫৮
বাংলায় বিদেশি পরিব্রাজক	১২৪০	ভাষা আন্দোলন	১২৫৯
মুঘল সাম্রাজ্য	১২৪১	যুক্তফ্রন্ট নির্বাচন	১২৬৩
শুর ও বারো ভূঁইয়া শাসন	১২৪৪	সংবিধান ও সামরিক শাসন	১২৬৪
বাংলায় সুবেদারি শাসন	১২৪৫	ছয় দফা আন্দোলন	১২৬৪
বাংলায় নবাবী শাসন	১২৪৬	উনসত্তরের গণঅভ্যুত্থান	১২৬৫
উপমহাদেশে ইউরোপীয়দের আগমন	১২৪৮	সত্তরের সাধারণ নির্বাচন	১২৬৭

CamScanner

অসহযোগ আন্দোলন	১২৬৭	আত্মসমর্পণ ও অভ্যুদয়	১২৭৮
৭ মার্চের ভাষণ	১২৬৮	বাংলাদেশকে স্বীকৃতিদান	১২৭৯
অপারেশন সার্চলাইট	১২৬৯	বঙ্গবন্ধু	১২৮০
স্বাধীনতার ঘোষণা	১২৭০	বীরত্বসূচক খেতাব	১২৮৫
মুজিবনগর সরকারের গঠন ও কার্যাবলি	১২৭১	মুক্তিযুদ্ধভিত্তিক স্থাপনা ও প্রতিষ্ঠান	১২৮৯
মুক্তিযুদ্ধের রণকৌশল	১২৭৩	যুদ্ধাপরাধীদের বিচার	১২৯২
মুক্তিযুদ্ধে বর্হিবিশ্বের ভূমিকা	১২৭৫	জাতীয় বিষয়াবলি	১২৯৩
বাংলাদেশের কৃষিজ সম্পদ (০৩ মার্কস)			**১২৯৫ - ১৩০৫**
ভূমি ব্যবস্থাপনা	১২৯৫	জিআই পণ্য ও কৃষি বিষয়ক প্রতিষ্ঠান	১৩০১
কৃষিখাত ও মৌসুম	১২৯৬	মৎস্য উৎপাদন ও ব্যবস্থাপনা	১৩০৩
খাদ্যশস্য উৎপাদন ও বহুমুখীকরণ	১২৯৭	প্রাণিসম্পদ ব্যবস্থাপনা	১৩০৪
অর্থকরী ফসল উৎপাদন ও বহুমুখীকরণ	১৩০০		
বাংলাদেশের জনসংখ্যা (০৩ মার্কস)			**১৩০৫ - ১৩২২**
জনসংখ্যা ও জনশুমারি	১৩০৫	মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা	১৩১৪
উপজাতি	১৩০৭	উচ্চ শিক্ষা	১৩১৬
শিক্ষা কমিশন ও রিপোর্ট	১৩১১	স্বাস্থ্য ও চিকিৎসা সেবা	১৩২০
প্রাথমিক শিক্ষা	১৩১২		
বাংলাদেশের অর্থনীতি (০৩ মার্কস)			**১৩২২ - ১৩৪৭**
অর্থনীতি	১৩২২	অ-তফসিলী ব্যাংক	১৩৩৬
অর্থনৈতিক সমীক্ষা, ২০২৩	১৩২৩	ব্যাংকিং টার্মস ও প্রোডাক্টস	১৩৩৮
জাতীয় বাজেট	১৩২৪	আর্থিক প্রতিষ্ঠান ও এনজিও	১৩৩৯
রাজস্বনীতি	১৩২৬	বিমা	১৩৪১
বাংলাদেশ ব্যাংক	১৩২৭	পুঁজিবাজার	১৩৪১
নোট ও মুদ্রা	১৩২৯	উন্নয়ন পরিকল্পনা	১৩৪৪
মুদ্রাবাজার	১৩৩০	দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন	১৩৪৬
তফসিলী ব্যাংক	১৩৩৩		
বাংলাদেশের শিল্প ও বাণিজ্য (০৩ মার্কস)			**১৩৪৭ - ১৩৭১**
শিল্প ও কলকারখানা	১৩৪৭	বিদ্যুৎ	১৩৫৯
বাণিজ্য ও অনুদান	১৩৫১	সড়ক ও নৌ যোগাযোগ	১৩৬৩
আমদানি ও রপ্তানি	১৩৫৩	রেল ও বিমান যোগাযোগ	১৩৬৭
ইপিজেড ও এসইজেড	১৩৫৪	স্থল, সমুদ্র ও বিমান বন্দর	১৩৬৯
খনিজ সম্পদ	১৩৫৫		
বাংলাদেশের সংবিধান (০৩ মার্কস)			**১৩৭১ - ১৩৮৭**
সংবিধান প্রণয়নের ইতিহাস	১৩৭১	সপ্তম ভাগ : নির্বাচন	১৩৮১
সংবিধানের ভাগ ও অনুচ্ছেদ	১৩৭৩	অষ্টম ভাগ : মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক	১৩৮২
প্রথম ভাগ : প্রজাতন্ত্র	১৩৭৩	নবম ভাগ : বাংলাদেশের কর্ম বিভাগ	১৩৮২
দ্বিতীয় ভাগ : রাষ্ট্র পরিচালনার মূলনীতি	১৩৭৪	দশম ভাগ : সংবিধান সংশোধন	১৩৮৩
তৃতীয় ভাগ : মৌলিক অধিকার	১৩৭৫	একাদশ ভাগ : বিবিধ	১৩৮৫
চতুর্থ ভাগ : নির্বাহী বিভাগ	১৩৭৬	সংবিধানের তফসিল	১৩৮৬
পঞ্চম ভাগ : আইনসভা	১৩৭৮	সাংবিধানিক পদ ও প্রতিষ্ঠান	১৩৮৬
ষষ্ঠ ভাগ : বিচার বিভাগ	১৩৮০		
বাংলাদেশের রাজনৈতিক ব্যবস্থা (০৩ মার্কস)			**১৩৮৭ - ১৩৯২**
রাজনৈতিক দল	১৩৮৭	চাপ সৃষ্টিকারী গোষ্ঠী	১৩৯১
রাজনৈতিক পরিক্রমা	১৩৮৯	সুশীল সমাজ	১৩৯২

CamScanner

বাংলাদেশের সরকার ব্যবস্থা (০৩ মার্কস)			১৩৯২ - ১৪১৮
সরকার	১৩৯২	আন্তর্জাতিক সংস্থায় বাংলাদেশ	১৪০২
আইন বিভাগ	১৩৯২	আইন-শৃঙ্খলা বাহিনী	১৪০৫
শাসন বিভাগ	১৩৯৪	প্রতিরক্ষা বাহিনী	১৪০৬
কেন্দ্রীয় ও মাঠ প্রশাসন	১৩৯৭	ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি	১৪০৮
স্থানীয় সরকার ব্যবস্থা	১৩৯৯	বিচার বিভাগ	১৪১১
কূটনীতি ও পররাষ্ট্রনীতি	১৪০১	গুরুত্বপূর্ণ আইন ও ধারা	১৪১৪
বাংলাদেশের জাতীয় অর্জন ও অন্যান্য (০৩ মার্কস)			**১৪১৮ - ১৪৫৪**
কৃষি ও সংস্কৃতি	১৪১৮	ধর্মীয় স্থান ও প্রতিষ্ঠান	১৪৩৮
বাদ্যযন্ত্র, সঙ্গীত ও সঙ্গীতশিল্পী	১৪২০	গুরুত্বপূর্ণ ব্যক্তি ও প্রতিষ্ঠান	১৪৪২
চলচ্চিত্র ও চলচ্চিত্রাকার	১৪২৬	গণমাধ্যম	১৪৪৪
চারু ও কারুকলা	১৪৩১	খেলাধুলা	১৪৪৬
স্থাপত্য ও ভাস্কর্য	১৪৩৫	জাতীয় পুরস্কার	১৪৫২
প্রত্নতাত্ত্বিক নিদর্শন	১৪৩৫		

আন্তর্জাতিক বিষয়াবলি (২০ মার্কস)

বৈশ্বিক ইতিহাস, আঞ্চলিক ও আন্তর্জাতিক ব্যবস্থা ও ভূ-রাজনীতি (০৪ মার্কস)			১৪৫৫ - ১৫২৬
মানব সভ্যতা	১৪৫৫	রাষ্ট্রের শ্রেণিবিভাগ	১৪৭৮
মেসোপেটেমীয় সভ্যতা	১৪৫৫	নাগরিক ও নাগরিকত্ব	১৪৭৯
মিশরীয় সভ্যতা	১৪৫৬	সরকার কাঠামো	১৪৭৯
সিন্ধু সভ্যতা	১৪৫৭	মহাদেশ	১৪৮১
ফিনিশীয় সভ্যতা	১৪৫৮	দক্ষিণ এশিয়া	১৪৮৩
পারস্য সভ্যতা	১৪৫৮	দক্ষিণ-পূর্ব এশিয়া	১৪৮৭
হিব্রু সভ্যতা	১৪৫৯	দক্ষিণ-পশ্চিম ও মধ্য এশিয়া	১৪৯১
চৈনিক সভ্যতা	১৪৫৯	দূর প্রাচ্য	১৪৯৫
মায়া সভ্যতা	১৪৫৯	উত্তর ইউরোপ	১৪৯৮
ঈজিয়ান সভ্যতা	১৪৫৯	দক্ষিণ ইউরোপ	১৫০১
গ্রিক সভ্যতা	১৪৬০	পূর্ব ইউরোপ	১৫০২
রোমান সভ্যতা	১৪৬২	পশ্চিম ইউরোপ	১৫০৫
আজটেক সভ্যতা	১৪৬৩	উত্তর আফ্রিকা	১৫০৮
ইনকা সভ্যতা	১৪৬৪	দক্ষিণ আফ্রিকা	১৫০৯
ইসলাম ধর্ম	১৪৬৪	পূর্ব আফ্রিকা	১৫১১
হিন্দু ধর্ম	১৪৭০	পশ্চিম আফ্রিকা	১৫১১
বৌদ্ধ ধর্ম	১৪৭১	মধ্য আফ্রিকা	১৫১২
খ্রিষ্টান ধর্ম	১৪৭২	পশ্চিম ভারতীয় দ্বীপপুঞ্জ	১৫১২
ইহুদি ধর্ম	১৪৭৩	উত্তর আমেরিকা	১৫১৩
জৈন ধর্ম	১৪৭৩	মধ্য আমেরিকা	১৫২০
শিখ ধর্ম	১৪৭৩	দক্ষিণ আমেরিকা	১৫২০
নৃগোষ্ঠী, জাতি ও উপজাতি	১৪৭৪	ওশেনিয়া	১৫২১
রাষ্ট্র ও জাতিরাষ্ট্র	১৪৭৫	পূর্বনাম ও ভৌগোলিক উপনাম	১৫২১
রাষ্ট্রের উপাদান ও কার্যাবলি	১৪৭৬		
আন্তর্জাতিক নিরাপত্তা ও আন্তঃরাষ্ট্রীয় ক্ষমতা সম্পর্ক (০৪ মার্কস)			**১৫২৬ - ১৫৭১**
ভাষা ও শিক্ষা	১৫২৬	আইন ও সংবিধান	১৫৩৮
দর্শন ও সাহিত্য	১৫২৮	আইনসভা	১৫৩৯
শিল্প ও সংস্কৃতি	১৫৩১	জাতীয় প্রতীক	১৫৪২
স্থাপত্য ও ঐতিহ্য	১৫৩৬	রাজধানী	১৫৪৩

CamScanner

সীমারেখা	১৫৪৯	বিশ্বযুদ্ধোত্তর প্রতিক্রিয়া	১৫৬০
বিরোধপূর্ণ দ্বীপ ও অঞ্চল	১৫৫০	স্নায়ুযুদ্ধের প্রেক্ষাপটে গঠিত সংস্থা	১৫৬২
গেরিলা ও সন্ত্রাসী সংগঠন	১৫৫২	আরব-ইসরায়েল ও উপসাগরীয় যুদ্ধ	১৫৬৪
পুলিশ ও গোয়েন্দা সংস্থা	১৫৫৪	নিরস্ত্রীকরণ ও অস্ত্র নিয়ন্ত্রণ	১৫৬৫
সামরিক শক্তি, ঘাঁটি ও অস্ত্র	১৫৫৫	গণমাধ্যম	১৫৬৬
প্রথম বিশ্বযুদ্ধ	১৫৫৮	চলচ্চিত্র ও চলচ্চিত্র পুরস্কার	১৫৬৯
দ্বিতীয় বিশ্বযুদ্ধ	১৫৫৯		
আন্তর্জাতিক পরিবেশগত ইস্যু ও কূটনীতি (০৪ মার্কস)			**১৫৭১ - ১৬১৮**
সাগর, উপসাগর ও মহাসাগর	১৫৭১	পরিবেশ বিষয়ক প্রটোকল	১৫৮৮
হ্রদ ও জলপ্রপাত	১৫৭৪	জাতিসংঘের পরিবেশ সংস্থা	১৫৮৯
নদ-নদী	১৫৭৫	পরিবেশ বিষয়ক সংগঠন	১৫৯০
খাল ও প্রণালি	১৫৭৭	পরিবেশ সম্পর্কিত দিবস	১৫৯১
দ্বীপ, উপদ্বীপ ও অন্তরীপ	১৫৮০	অন্যান্য দিবস, বর্ষ ও দশক	১৫৯২
দ্বীপরাষ্ট্র ও স্থলবেষ্টিত রাষ্ট্র	১৫৮২	ওজোনস্তরের অবক্ষয়	১৫৯৫
সমভূমি, মালভূমি ও মরুভূমি	১৫৮৩	গ্রিন হাউজ প্রতিক্রিয়া ও বৈশ্বিক পরিবর্তন	১৫৯৬
পর্বত, গিরিপথ ও উপত্যকা	১৫৮৪	পুরস্কার ও সম্মাননা	১৫৯৭
বন ও বনাঞ্চল	১৫৮৭	ক্রিকেট ও ফুটবল খেলা	১৬০৩
পরিবেশ সম্মেলন	১৫৮৭	অন্যান্য খেলাধুলা	১৬১১
আন্তর্জাতিক সংগঠনসমূহ ও বৈশ্বিক অর্থনৈতিক প্রতিষ্ঠান (০৪ মার্কস)			**১৬১৮ - ১৬৬৮**
জাতিপুঞ্জ	১৬১৮	অর্থনীতি	১৬৪২
জাতিসংঘ	১৬১৮	মুদ্রা	১৬৪৬
জাতিসংঘের মূল অঙ্গসংস্থা	১৬২০	কেন্দ্রীয় ব্যাংক	১৬৫১
জাতিসংঘের বিশেষায়িত সংস্থা	১৬২৪	বৈশ্বিক অর্থনৈতিক প্রতিষ্ঠান	১৬৫২
জাতিসংঘের ফান্ড ও প্রোগ্রাম	১৬২৬	বহুপাক্ষিক উন্নয়ন ব্যাংক	১৬৫৪
জাতিসংঘের অন্যান্য সংস্থা	১৬২৭	পুঁজিবাজার	১৬৫৫
জাতিসংঘ সংশ্লিষ্ট সংস্থা	১৬২৮	অর্থনৈতিক ও বাণিজ্যিক সংগঠন	১৬৫৬
জাতিসংঘের উদ্যোগ ও কার্যক্রম	১৬২৯	বাণিজ্য চুক্তি	১৬৬০
আঞ্চলিক জোট ও সংস্থা	১৬৩২	কৃষিজ সম্পদ	১৬৬১
আন্তর্জাতিক আদালত	১৬৪০	খনিজ সম্পদ	১৬৬২
স্বেচ্ছাসেবী সংস্থা	১৬৪০	শিল্প বিপ্লব ও শিল্প-কারখানা	১৬৬৩
অন্যান্য গুরুত্বপূর্ণ সংস্থা	১৬৪২	যোগাযোগ ব্যবস্থা	১৬৬৫
বিশ্বের সাম্প্রতিক ও চলমান ঘটনাপ্রবাহ (০৪ মার্কস)			**১৬৬৮ - ১৬৭৪**
বিশ্ব জনসংখ্যা রিপোর্ট, ২০২৩	১৬৬৮	শীর্ষ সম্মেলন	১৬৭১
মানব উন্নয়ন সূচক, ২০২১-২২	১৬৬৯	রানী দ্বিতীয় এলিজাবেথ	১৬৭১
বৈশ্বিক জরিপ, সূচক ও প্রতিবেদন	১৬৭০	নোবেল পুরস্কার, ২০২৩	১৬৭২
ফোর্বস ম্যাগাজিন জরিপ	১৬৭১	শস্য উৎপাদনে বাংলাদেশের শীর্ষ জেলা	১৬৭২

ভূগোল, পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা (১০ মার্কস)

বাংলাদেশ ও অঞ্চলভিত্তিক ভৌগোলিক অবস্থান (০২ মার্কস)			**১৬৭৫ - ১৬৮০**
ভূগোল	১৬৭৫	মানচিত্রে বাংলাদেশের বিভিন্ন স্থান	১৬৭৮
বাংলাদেশের ভৌগোলিক অবস্থান	১৬৭৫	বাংলাদেশের বিভিন্ন স্থানের ভৌগোলিক উপনাম	১৬৭৯
বাংলাদেশের আয়তন ও সীমানা	১৬৭৫	ছিটমহল সমস্যা ও সমাধান	১৬৮০
অঞ্চলভিত্তিক ভৌত পরিবেশ (০২ মার্কস)			**১৬৮০ - ১৬৮৬**
পৃথিবীর গতি	১৬৮০	পরিবেশ	১৬৮৫
পৃথিবীর কাল্পনিক রেখা	১৬৮২	পরিবেশ দূষণ	১৬৮৫

CamScanner

বাংলাদেশ বিষয়াবলি (৩০ মার্কস)
BANGLADESH AFFAIRS

প্রথম অধ্যায় | বাংলাদেশের জাতীয় বিষয়াবলি | ০৬ মার্কস

বাঙালির ইতিহাস

০১. **ইতিহাসের উৎস নয় কোনটি?** [বিআরটিএ'র মোটরযান পরিদর্শক: ১৭]
ক. পাঠ্যবই খ. মুদ্রা গ. শিলালিপি ঘ. দলিল **উত্তর: ক**
ব্যাখ্যা: মানব সমাজের অনন্ত ঘটনাপ্রবাহই হলো ইতিহাস। যে সব তথ্য প্রমাণের উপর ভিত্তি করে ঐতিহাসিক সত্যকে প্রতিষ্ঠিত করা সম্ভব তাকে ইতিহাসের উপাদান বলে। ইতিহাসের উপাদান দুই প্রকার। যথা- লিখিত ও অলিখিত উপাদান। লিখিত উপাদানগুলো হলো সাহিত্য (যেমন- কলহনের রজতরঙ্গিনী, মিনহাজ-উস-সিরাজের তবকাত-ই-নাসিরী, আবুল ফজলের আইন-ই-আকবরী ইত্যাদি), বৈদেশিক বিরবণ, দলিলপত্র, চিঠিপত্র, সরকারি নথি প্রভৃতি। অলিখিত উপাদানগুলো হলো মুদ্রা, শিলালিপি, স্তম্ভলিপি, তাম্রলিপি, ইমারত প্রভৃতি।

০২. **চীন দেশীয় ইতিহাসের জনক সুমা-কিয়েন কখন ভারতীয় ইতিহাসের গ্রন্থ রচনা করেন? / কখন সুমা-কিয়েন ভারতীয় ইতিহাসের গ্রন্থ রচনা করেছিলেন?** [বিবিএস'র ডাটা এন্ট্রি অপারেটর: ১৬]
ক. খ্রিস্টপূর্ব ১ম শতকে খ. খ্রিস্টপূর্ব ৩য় শতকে গ. খ্রিস্টপূর্ব ৪র্থ শতকে ঘ. খ্রিস্টপূর্ব ৫ম শতকে **উত্তর: ক**

০৩. **'রিয়াজ আস সালাতিন' এটা কী ধরনের গ্রন্থ?** [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৪]
ক. উপন্যাস খ. মহাকাব্য গ. ঐতিহাসিক ঘ. প্রবন্ধ **উত্তর: গ**

০৪. **'রাজতরঙ্গিনী' ইতিহাস গ্রন্থের রচয়িতা কে?** [নির্বাচন কমিশনের ডাটা এন্ট্রি অপারেটর: ২১]
ক. হিরোডোটাস খ. কলহন গ. আবুল ফজল ঘ. জিয়াউদ্দিন **উত্তর: খ**

০৫. **'তবকাত-ই-নাসিরী' গ্রন্থটি রচনা করেন -** [আইএফআইসি ব্যাংকের এমটিও: ১৭]
ক. মিনহাজ-উস-সিরাজ খ. আবুল ফজল গ. শাহ-মুহাম্মদ সগীর ঘ. মির্জা নাথান **উত্তর: ক**

০৬. **কোন গ্রন্থে সর্বপ্রথম 'বঙ্গ' নামের উল্লেখ পাওয়া যায়? / কোথায় সর্বপ্রথম 'বঙ্গ' শব্দের উল্লেখ পাওয়া যায়? / সর্বপ্রথম 'বঙ্গ' দেশের নাম পাওয়া যায় যে গ্রন্থে -** [১৬তম শিক্ষক নিবন্ধন]
ক. রামচরিত খ. চন্ডীমঙ্গল গ. ঐতরেয় আরণ্যক ঘ. করতোয়া মাহাত্যম **উত্তর: গ**

০৭. **কোন প্রাচীন গ্রন্থে 'বঙ্গ' কথাটির উল্লেখ আছে?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ২৩]
ক. রামায়ণ খ. মহাভারত গ. ঋগ্বেদ ঘ. চর্যাপদ **উত্তর: গ**

০৮. **নিচের কোন গ্রন্থে দেশবাচক বাংলা শব্দ সর্বপ্রথম ব্যবহৃত হয়? / বাংলা (দেশ ও ভাষা) নামের উৎপত্তির বিষয়টি নিচের কোন গ্রন্থে সর্বাধিক উল্লেখিত হয়েছে?** [৩৬তম বিসিএস]
ক. তারিখ-ই-হামিদিয়া খ. আইন-ই-আকবরী গ. অর্থশাস্ত্র ঘ. মহাভারত **উত্তর: খ**

০৯. **'আইন-ই-আকবরী' গ্রন্থটির রচয়িতা কে?** [শাহজালাল ইসলামী ব্যাংকের অফিসার: ০৪]
ক. ফেরদৌসী খ. আবুল ফজল গ. গালিব ঘ. কোনটিই নয় **উত্তর: খ**

১০. **'আকবর নামা' গ্রন্থের লেখক কে?** [গণমাধ্যম ইনস্টিটিউটের সহকারী পরিচালক: ০১]
ক. আবুল ফজল খ. জিয়াউদ্দিন বারানী গ. আল বেরুনী ঘ. মিনহাজ সিরাজ **উত্তর: ক**

১১. **কোন গোষ্ঠী থেকে বাঙালি জাতির প্রধান অংশ গড়ে উঠেছে?** [৩৬তম বিসিএস]
ক. নেগ্রিটো খ. ভোটচীন গ. দ্রাবিড় ঘ. অস্ট্রিক / নিষাদ **উত্তর: ঘ**

১২. **নৃতাত্ত্বিকভাবে বাংলাদেশের মানুষ প্রধানত কোন নরগোষ্ঠীর অন্তর্ভুক্ত?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]
ক. অ্যাল্পাইন খ. নর্ডিক গ. মঙ্গোলীয় ঘ. আদি-অস্ট্রেলীয় / অস্ট্রিক **উত্তর: ঘ**

১৩. **বাংলার আদি জনপদের অধিবাসীরা কোন জাতির অন্তর্ভুক্ত?** [বাংলাদেশ বিমানের গ্রাউন্ড সার্ভিস অ্যাসিস্ট্যান্ট: ২৩]
ক. বাঙালি খ. আর্য গ. নিষাদ / অস্ট্রিক ঘ. আলপাইন **উত্তর: গ**

১৪. **বাংলাদেশের প্রাচীন জাতি কোনটি?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০১]
ক. আর্য খ. মোঙ্গল গ. পুন্ড্র ঘ. দ্রাবিড় **উত্তর: ঘ**

বাংলার প্রাচীন জনপদ

০১. **প্রাচীন বাংলার পৃথক পৃথক অংশ কী নামে পরিচিত ছিল?** [ডাক বিভাগের উপজেলা পোস্টমাস্টার: ১৩]
ক. জনপদ খ. সমতট গ. বঙ্গ ঘ. হরিকেল **উত্তর: ক**
ব্যাখ্যা: খ্রিষ্টপূর্ব দেড় হাজার বছর পূর্বে অজয় নদীর তীরে বাংলার প্রাচীন সভ্যতা গড়ে উঠেছিল। প্রাচীন যুগে বাংলা কোনো একক ও অখন্ড রাষ্ট্র বা রাজ্য ছিল না। সে সময় বাংলা পৃথক পৃথক অঞ্চল বা অংশে বিভক্ত ছিল। প্রাচীন বাংলার পৃথক পৃথক অংশ জনপদ নামে পরিচিত ছিল। প্রাচীন আমলের উৎকীর্ণ শিলালিপি ও সাহিত্য গ্রন্থে প্রাচীন বাংলায় ছোট-বড় প্রায় ১৬ টি জনপদের নাম পাওয়া যায়। জনপদগুলো হলো পুন্ড্র, গৌড়, বঙ্গ, রাঢ় (উত্তর ও দক্ষিণ), সমতট, বরেন্দ্র বা বরেন্দ্রী, চন্দ্রদ্বীপ বা বাকলা, হরকূল বা হরিকেল, বাকেরগঞ্জ, বিক্রমপুর, তাম্রলিপ্ত

CamScanner

বা তাম্রলিপ্তি, সুহ্ম, সপ্তগাঁও, বঙ্গাল, কামরূপ ও রুহ্ম বা আরাকান। এই ১৬ টি জনপদের মধ্যে ১০ টি জনপদের পুরোপুরি বা বেশিরভাগ এলাকা বাংলাদেশ ভূখন্ডে অবস্থিত ছিল। সেগুলো হলো পুন্ড্র, বরেন্দ্র বা বরেন্দ্রী, বঙ্গ, সমতট, হরকূল বা হরিকেল, চন্দ্রদ্বীপ বা বাকলা, বঙ্গাল, সপ্তগাঁও, বিক্রমপুর ও বাকেরগঞ্জ।

০২. **প্রাচীন বাংলার পুন্ড্র নামটি ছিল একটি** - [ডাচ-বাংলা ব্যাংকের প্রবেশনারী অফিসার: ১২]
ক. জনপদের খ. প্রদেশের গ. গ্রামের ঘ. নগরের **উত্তর: ক**

০৩. **বাংলার সর্বপ্রাচীন জনপদের নাম কী? /বাংলার প্রাচীনতম জায়গা কোনটি? / বাংলার প্রাচীন জনপদ কোনটি?** [৪৪তম বিসিএস]
ক. পুন্ড্র খ. তাম্রলিপ্ত গ. গৌড় ঘ. হরিকেল **উত্তর: ক**

০৪. **প্রাচীন পুন্ড্রনগরের বর্তমান নাম কী?** [২৫তম বিসিএস]
ক. গৌড় খ. ময়নামতি গ. মহাস্থানগড় ঘ. পাটালিপুত্র **উত্তর: গ**

০৫. **বাংলাদেশের সবচেয়ে প্রাচীন বসতি কোনটি? / বাংলাদেশের প্রাচীনতম শহর** - [৪১তম বিসিএস]
ক. ময়নামতি খ. পুন্ড্রবর্ধন গ. পাহাড়পুর ঘ. সোনারগাঁও **উত্তর: খ**

০৬. **পুন্ড্রবর্ধনের রাজধানী কী ছিল?** [বাংলাদেশ রেলওয়ের সহকারী কমান্ড্যান্ট: ০৭]
ক. মহাস্থানগড় খ. ময়নামতি গ. পাহাড়পুর ঘ. বিনোদপুর **উত্তর: ক**

০৭. **পুন্ড্রবর্ধনের পুন্ড্র শব্দের অর্থ হলো** - [মাউশি অধিদপ্তরের উচ্চমান সহকারী: ০৩]
ক. আখ খ. গুড় গ. ধান ঘ. পাট **উত্তর: ক**

০৮. **প্রাচীন পুন্ড্রনগর কোথায় অবস্থিত?** [ডেসকোর সহকারী প্রকৌশলী: ২৩]
ক. ময়নামতি খ. বিক্রমপুর গ. মহাস্থানগড় ঘ. পাহাড়পুর **উত্তর: গ**

০৯. **বাংলাদেশের প্রাচীনতম জনপদ কোনটি?** [এনএসআই'র অফিস সহায়ক: ২১]
ক. মহাস্থানগড় খ. পাহাড়পুর গ. ময়নামতি ঘ. উয়ারী বটেশ্বর **উত্তর: ক**

১০. **বাংলাদেশের প্রাচীনতম নগরকেন্দ্র কোনটি?** [৯ম শিক্ষক নিবন্ধন]
ক. ময়নামতি খ. পাহাড়পুর গ. সোনারগাঁও ঘ. মহাস্থানগড় **উত্তর: ঘ**

১১. **মহাস্থানগড় বাংলার রাজধানী থাকার সময় মহাস্থানগড়ের নাম ছিল** - [১২তম বিসিএস]
ক. মহাস্থান খ. কর্ণসুবর্ণ গ. পুন্ড্রনগর ঘ. রামাবতী **উত্তর: গ**

১২. **'মহাস্থানগড় এবং প্রাচীন পুন্ড্রবর্ধন নগরী একই' এটি শনাক্তকরণ করেন কে?** [কর্মসংস্থান ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৫]
ক. কানিংহাম খ. মার্শাল গ. রাখালদাস ঘ. রেনেল **উত্তর: ক**

১৩. **বগুড়া প্রাচীন বাংলার কোন জনপদের অন্তর্ভুক্ত?** [স্বাস্থ্য অধিদপ্তরের মেডিকেল টেকনোলজিস্ট: ২৩]
ক. পুন্ড্র খ. বরেন্দ্র গ. হরিকেল ঘ. গৌড় **উত্তর: ক**

১৪. **প্রাচীনকালে এদেশের নাম ছিল** - [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার: ০১]
ক. বাংলাদেশ খ. বঙ্গ গ. বাংলা ঘ. বাঙ্গালা **উত্তর: খ**

১৫. **বর্তমান বৃহত্তর ঢাকা জেলা প্রাচীন কালে কোন জনপদের অন্তর্ভুক্ত ছিল?** [৪৪তম বিসিএস]
ক. সমতট খ. পুন্ড্র গ. বঙ্গ ঘ. হরিকেল **উত্তর: গ**

১৬. **বর্তমান বৃহৎ বরিশাল ও ফরিদপুর এলাকা প্রাচীনকালে কোন জনপদের অন্তর্ভুক্ত ছিল?** [খাদ্য অধিদপ্তরের উপ-খাদ্য পরিদর্শক: ১২]
ক. সমতট খ. পুন্ড্রবর্ধন গ. বঙ্গ ঘ. রাঢ় **উত্তর: গ**

১৭. **কুষ্টিয়া জেলা কোন জনপদে অবস্থিত?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১৩]
ক. বঙ্গ খ. সমতট গ. রাঢ় ঘ. পুন্ড্র **উত্তর: ক**

১৮. **কোন নদীটি বঙ্গ জনপদের উত্তরাঞ্চলের সীমানা ছিল?** [সমাজসেবা অধিদপ্তরের সহকারী শিক্ষক: ১৭]
ক. পদ্মা খ. মেঘনা গ. যমুনা ঘ. সুরমা **উত্তর: ক**

১৯. **প্রাচীন বাংলার ইতিহাসে গঙ্গা ও করতোয়া নদীর মধ্যবর্তী অঞ্চলের জনপদকে কী বলা হতো?** [রাবি: ১৮-১৯]
ক. বরেন্দ্র খ. সমতট গ. হরিকেল ঘ. পুন্ড্র **উত্তর: ক**

২০. **রাজশাহীর উত্তরাংশ, বগুড়ার পশ্চিমাংশ, রংপুর ও দিনাজপুরের কিছু অংশ নিয়ে গঠিত** - [১৯তম বিসিএস]
ক. বরেন্দ্রভূমি খ. উত্তরবঙ্গ গ. মহাস্থানগড় ঘ. পলল গঠিত সমভূমি **উত্তর: ক**

২১. **বাংলাদেশের কোন বিভাগে বরেন্দ্রভূমি অবস্থিত?** [বিআরডিবি'র উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা: ১২]
ক. সিলেট খ. বরিশাল গ. খুলনা ঘ. রাজশাহী **উত্তর: ঘ**

২২. **বরেন্দ্র অঞ্চল বলতে বর্তমানের কোন অঞ্চলকে বুঝায়?** [বিএমইটি'র উপ-সহকারী পরিচালক: ১৮]
ক. দিনাজপুর খ. রাজশাহী গ. পাবনা ঘ. বরিশাল **উত্তর: খ**

২৩. **বরেন্দ্রভূমি নামে পরিচিত** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. সুন্দরবন খ. মধুপুর ও ভাওয়াল গড়
গ. ময়নামতি ও লালমাই পাহাড় ঘ. রাজশাহী বিভাগের উত্তর-পশ্চিমাংশ **উত্তর: ঘ**

২৪. **বরেন্দ্র বলতে কোন এলাকাকে বুঝায়?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের হিসাবরক্ষক: ২১]
ক. উত্তরবঙ্গ খ. পশ্চিমবঙ্গ গ. উত্তর - পশ্চিমবঙ্গ ঘ. দক্ষিণ - পূর্ববঙ্গ **উত্তর: ক**

CamScanner

২৫. **প্রাচীনকালে সমতট বলতে বাংলাদেশের কোন অংশকে বুঝানো হতো? / প্রাচীন বাংলায় সমতট বর্তমান কোন অঞ্চল নিয়ে গঠিত ছিল?** [৪৩তম বিসিএস]
ক. বগুড়া ও দিনাজপুর অঞ্চল খ. বৃহত্তম সিলেট অঞ্চল গ. ঢাকা ও ময়মনসিংহ অঞ্চল ঘ. কুমিল্লা ও নোয়াখালী অঞ্চল **উত্তর: ঘ**

২৬. **বর্তমান কুমিল্লার প্রাচীন নাম কী ছিল?** [ডাক বিভাগের পোস্টম্যান: ২৩]
ক. সমতট খ. পুন্ড্র গ. বরেন্দ্র ঘ. গৌড় **উত্তর: ক**

২৭. **যশোর জেলা প্রাচীন কোন জনপদের অন্তর্ভুক্ত ছিল?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী প্রসিকিউটর: ২১]
ক. গৌড় খ. হরিকেল গ. রাঢ় ঘ. বঙ্গ ও সমতট **উত্তর: ঘ**

২৮. **শালবন বিহার প্রত্নস্থলটি কোন জনপদে অবস্থিত** - [পার্বত্য জেলা পরিষদের সহকারী পরিদর্শক: ২৩]
ক. বঙ্গ খ. সমতট গ. রাঢ় ঘ. পুন্ড্র **উত্তর: খ**

২৯. **বাংলাদেশের একটি প্রাচীন জনপদের নাম** - [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ সহকারী: ০৩]
ক. রাঢ় খ. চট্টলা গ. শ্রীহট্ট ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

৩০. **প্রাচীন রাঢ় জনপদ অবস্থিত** - [শ্রম পরিদপ্তরের শ্রম অফিসার: ৯৬]
ক. বগুড়া খ. কুমিল্লা গ. বর্ধমান ঘ. বরিশাল **উত্তর: গ**

৩১. **প্রাচীন কোন জনপদের অবস্থান বাংলাদেশের বাইরে?** [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার: ০৩]
ক. বঙ্গ খ. হরিকেল গ. রাঢ় ঘ. সমতট **উত্তর: গ**

৩২. **মধ্যযুগের গৌড় নগরীর অংশবিশেষ বাংলাদেশের কোন জেলায় অবস্থিত? / প্রাচীন গৌড় নগরীর অংশবিশেষ বাংলাদেশের কোন জেলায় অবস্থিত?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. চাঁপাইনবাবগঞ্জ খ. রাজশাহী গ. বগুড়া ঘ. কুমিল্লা **উত্তর: ক**

৩৩. **সমগোত্রীয় শহর** - [এনএসআই'র অফিস সহকারী: ১৭]
ক. শ্রীহট্ট, গৌড়, পাণ্ডুয়া খ. শ্রীহট্ট, ঘোড়াঘাট, একডালা গ. গৌড়, পাণ্ডুয়া, একডালা ঘ. ঘোড়াঘাট, পাণ্ডুয়া, একডালা **উত্তর: গ**

৩৪. **বাংলাদেশের একটি প্রাচীন জনপদ** - [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ০২]
ক. সোনারগাঁও খ. হরিকেল গ. ভুলুয়া ঘ. পঞ্চগড় **উত্তর: খ**

৩৫. **প্রাচীন বাংলার কোন অঞ্চলটি পূর্বাংশে অবস্থিত ছিল?** [১৩তম শিক্ষক নিবন্ধন]
ক. হরিকেল খ. সমতট গ. বরেন্দ্র ঘ. রাঢ় **উত্তর: ক**

৩৬. **প্রাচীন বাংলার হরিকেল জনপদ অঞ্চলভুক্ত এলাকা** - [৩৮তম বিসিএস]
ক. রাজশাহী খ. দিনাজপুর গ. খুলনা ঘ. চট্টগ্রাম **উত্তর: ঘ**

৩৭. **চট্টগ্রাম অঞ্চলের প্রাচীন নাম - / পার্বত্য চট্টগ্রাম প্রাচীন বাংলার কোন জনপদের অন্তর্ভুক্ত ছিল?** [কর্মসংস্থান ব্যাংকের সহকারী অফিসার: ২৩]
ক. রাঢ় খ. বঙ্গ গ. হরিকেল ঘ. গৌড় **উত্তর: গ**

৩৮. **সিলেট জেলা প্রাচীনকালে কোন জনপদের অর্ন্তভুক্ত ছিল?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের ক্র্যাফট ইন্সট্রাক্টর: ২১]
ক. বরেন্দ্র খ. পুন্ড্র গ. হরিকেল ঘ. গৌড় **উত্তর: গ**

৩৯. **বরিশাল ও পিরোজপুর জেলা কোন প্রাচীন জনপদের অন্তর্ভুক্ত ছিল?** [জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. চন্দ্রদ্বীপ খ. হরিকেল গ. বঙ্গ ঘ. সমতট **উত্তর: ক**

৪০. **গোপালগঞ্জ জেলা কোন প্রাচীন জনপদের অন্তর্ভুক্ত ছিল?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মেডিকেল অফিসার: ৯৪]
ক. চন্দ্রদ্বীপ খ. হরিকেল গ. বঙ্গ ঘ. সমতট **উত্তর: ক**

৪১. **প্রাচীন চন্দ্রদ্বীপ'র বর্তমান নাম** - [৩০তম বিসিএস]
ক. মালদ্বীপ খ. সন্দ্বীপ গ. বরিশাল ঘ. হাতিয়া **উত্তর: গ**

৪২. **'উয়ারী-বটেশ্বর' কী?** [পরিকল্পনা মন্ত্রণালয় ডাটা প্রসেসিং অপারেটর: ১৬]
ক. প্রাচীন মন্দির খ. প্রাচীন গ্রন্থ গ. প্রাচীন বৃক্ষ ঘ. প্রাচীন জনপদ **উত্তর: ঘ**

৪৩. **উয়ারী-বটেশ্বর গ্রামে কোন সময়ে নগর সভ্যতা গড়ে উঠেছিল?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. পাঁচ কোটি বছর আগে খ. তিন কোটি বছর আগে গ. দুইশত বছর আগে ঘ. আড়াই হাজার বছর আগে **উত্তর: ঘ**

৪৪. **তাম্রলিপ্তি বা তাম্রলিপ্ত কী?** [বিআরইবি'র সহকারী জেনারেল ম্যানেজার: ১৭]
ক. প্রাচীন জনপদ খ. প্রাচীন ভাষা গ. প্রাচীন গ্রন্থ ঘ. তামার পাতে শাসনাদেশ **উত্তর: ক**

৪৫. **বাংলার প্রাচীনতম বন্দরের নাম কী? / হুগলীর প্রাচীন নাম কী?** [ঢাবি: ১৮-১৯]
ক. তাম্রলিপ্তি / তাম্রলিপ্ত খ. চন্দ্রকেতুগড় গ. গঙ্গারিডাই ঘ. সমন্দর **উত্তর: ক**

৪৬. **বাংলার প্রাচীন নগর 'কর্ণসুবর্ণ' এর অবস্থান ছিল - / 'কর্ণসুবর্ণ' কোন জায়গার প্রাচীন নাম ছিল?** [ঢাবি: ১৭-১৮]
ক. কুমিল্লা খ. মুর্শিদাবাদ গ. বগুড়া ঘ. রাজশাহী **উত্তর: খ**

৪৭. **বাংলাদেশের কোথায় মাটি খুঁড়ে প্রাচীন জনপদ আবিষ্কৃত হয়েছে?** [জবি: ১৬-১৭]
ক. মিরসরাই খ. শৈলকুপা গ. চাঁপাইনবাবগঞ্জ ঘ. নাটেশ্বর **উত্তর: ঘ**

৪৮. **ষোড়শ মহাজনপদের অন্যতম 'বৎস' এর রাজধানী ছিল** - [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১০]
ক. কৌশাম্বী খ. পাটালিপুত্র গ. কুশিনগর ঘ. রাজপুর **উত্তর: ক**

CamScanner

৪৯. **কোনটি বাংলার প্রাচীন জনপদের নাম নয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. মৌর্য খ. পুন্ড্র গ. গৌড় ঘ. রাঢ় **উত্তর: ক**

প্রাচীন বাংলার বিভিন্ন শাসনামল

০১. **গঙ্গারিডাই রাজ্যের অস্তিত্বকাল -** [ডাচ-বাংলা ব্যাংকের এমটিও: ১২]
ক. খ্রিস্টপূর্ব ৯ম শতক খ. খ্রিস্টপূর্ব ৮ম শতক গ. খ্রিস্টপূর্ব ৪র্থ শতক ঘ. খ্রিস্টপূর্ব ৫ম শতক **উত্তর: গ**
ব্যাখ্যা: প্রাচীন বাংলার জনপদগুলো সময়ের সাথে সাথে বিভিন্ন বংশের শাসনে ছিল। গ্রিক লেখকদের বিবরণ থেকে জানা যায়, বাংলায় গঙ্গারিডাই নামে এক শক্তিশালী রাজ্য ছিল। মৌর্য শাসন প্রতিষ্ঠিত হলে গঙ্গারিডাই রাজ্যটি মৌর্যদের একটি প্রদেশে পরিণত হয়েছিল।

০২. **গঙ্গারিডাই বা গঙ্গারিডি সম্পর্কে জানার উৎস** - [রাকাব'র সিনিয়র অফিসার: ১৪]
ক. হিন্দু ধর্মগ্রন্থ খ. বৌদ্ধ ধর্মগ্রন্থ গ. গ্রিক লেখকদের বিবরণ ঘ. চৈনিক পরিব্রাজকদের বিবরণ **উত্তর: গ**

০৩. **গঙ্গারিডাই রাজ্যের অবস্থান ছিল?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক. কশৌজ খ. কাশ্মীরে গ. উড়িষ্যায় ঘ. বাংলায় **উত্তর: ঘ**

০৪. **গঙ্গারিডাই রাজ্যের অস্তিত্বকালে গ্রিক সেনাপতি ছিলেন -** [জনতা ব্যাংকের অফিসার (ক্যাশ): ০৮]
ক. ফিলিপ খ. নেপোলিয়ন গ. আলেকজান্ডার ঘ. সিজার **উত্তর: গ**

০৫. **ভারতীয় উপমহাদেশে প্রথম সাম্রাজ্যের নাম - / ভারতীয় উপমহাদেশের বৃহৎ সাম্রাজ্যের নাম কী?** [ডাক বিভাগের উপজেলা পোস্টমাস্টার: ১০]
ক. গুপ্ত সাম্রাজ্য খ. চন্দ্র সাম্রাজ্য গ. মৌর্য সাম্রাজ্য ঘ. কুষাণ সাম্রাজ্য **উত্তর: গ**

০৬. **প্রাচীন বাংলা মৌর্য শাসনের প্রতিষ্ঠাতা কে? / মৌর্য সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা কে? / মৌর্য বংশের প্রথম সম্রাট কে?** [৪০তম বিসিএস]
ক. অশোক মৌর্য খ. চন্দ্রগুপ্ত মৌর্য গ. সমুদ্র গুপ্ত ঘ. কোনটিই না **উত্তর: খ**

০৭. **প্রাচীন ভারতে কে সর্বপ্রথম সর্বভারতীয় ঐক্য স্থাপন করেন?** [বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের অ্যাডমিন অ্যাসিস্ট্যান্ট: ২৩]
ক. অশোক মৌর্য খ. চন্দ্রগুপ্ত মৌর্য গ. সমুদ্র গুপ্ত ঘ. শশাঙ্ক **উত্তর: খ**

০৮. **পাটালিপুত্র রাজধানী ছিল -** [স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সহকারী প্রকৌশলী: ১৭]
ক. গুপ্তদের খ. সেনদের গ. পালদের ঘ. মৌর্যদের **উত্তর: ক, ঘ**

০৯. **অশোক কোন বংশের সম্রাট ছিলেন?** [এলজিইডি'র কার্য সহকারী: ২৩]
ক. মৌর্য খ. গুপ্ত গ. পুষ্যভূতি ঘ. কুশান **উত্তর: ক**

১০. **সম্রাট আশোকের রাজত্বকাল ছিল -** [আবাআখা প্রকল্পের ফিল্ড সুপারভাইজার: ১৮]
ক. খ্রিষ্টপূর্ব ২৭৩ - ২৩২ অব্দ খ. খ্রিষ্টপূর্ব ২৭৬ -২৩০ অব্দ গ. খ্রিষ্টপূর্ব ৩২৮ - ৩০০ অব্দ ঘ. ৩২০ - ৩৪০ খ্রিষ্টাব্দ **উত্তর: ক**

১১. **কোন সম্রাটের আমলে এদেশে বৌদ্ধ ধর্মের প্রসার ঘটে? / কোন শাসকের অনুশাসনের সময় উপমহাদেশে আর্যভাষার প্রাচীনতম বর্ণমালার সন্ধান পাওয়া যায়?** [বিএসসি'র অফিসার: ২৩]
ক. দ্বিতীয় চন্দ্রগুপ্ত খ. সম্রাট অশোক গ. সমুদ্রগুপ্ত ঘ. ধর্মপাল **উত্তর: খ**

১২. **বৌদ্ধ ধর্মের কনস্ট্যানটাইন কাকে বলা হয়? / মৌর্য বংশের শ্রেষ্ঠ সম্রাট কে?** [জবি: ০৯-১০]
ক. অশোক খ. চন্দ্রগুপ্ত গ. মহাবীর ঘ. গৌতম বুদ্ধ **উত্তর: ক**

১৩. **কোন যুদ্ধের ভয়াবহ পরিণাম প্রত্যক্ষ করে মহারাজ অশোক বৌদ্ধ ধর্ম গ্রহণ করেছিলেন? / কোন যুদ্ধের কারণে সম্রাট অশোক বৌদ্ধ ধর্ম গ্রহণ করেছিলেন?** [দুদকের সহকারী পরিচালক: ০১]
ক. হিদাস্পিসের যুদ্ধ খ. কলিঙ্গের যুদ্ধ গ. মেবারের যুদ্ধ ঘ. পানিপথের যুদ্ধ **উত্তর: খ**

১৪. **চাণক্য ছিলেন প্রাচীন ভারতে একজন বিখ্যাত -** [বিআইডব্লিউটিএ'র সহকারী পরিচালক: ২৩]
ক. কৃষিবিদ খ. অর্থনীতিবিদ গ. কূটনীতিক ঘ. রাজা **উত্তর: খ, গ**

১৫. **চাণক্য কার প্রধানমন্ত্রী ছিলেন?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের ক্রাফট ইন্সট্রাক্টর: ২১]
ক. চন্দ্রগুপ্ত মৌর্য খ. প্রথম চন্দ্রগুপ্ত গ. দ্বিতীয় চন্দ্রগুপ্ত ঘ সমুদ্রগুপ্ত **উত্তর: ক**

১৬. **কৌটিল্য কার নাম?** [মার্কেন্টাইল ব্যাংকের অফিসার: ০৪]
ক. প্রাচীন রাজনীতিবিদ খ. প্রাচীন অর্থশাস্ত্রবিদ গ. পন্ডিত ঘ. রাজ করি **উত্তর: খ**

১৭. **'অর্থশাস্ত্র' বইটি কে রচনা করেন?** [শাবিপ্রবি: ১৩-১৪]
ক. কৌটিল্য খ. কনফুসিয়াস গ. ম্যাক্স ওয়েবার ঘ. ট্যালকট পারসন্স **উত্তর: ক**

১৮. **মৌর্য বংশের শেষ সম্রাট কে?** [ডাক বিভাগের পোস্টমাস্টার: ১৬]
ক. বৃহদ্রথ খ. চন্দ্রগুপ্ত মৌর্য গ. মহাবীর ঘ. অশোক **উত্তর: ক**

১৯. **রাজা কনিষ্ক কোন বংশের শাসক?** [এক্সিম ব্যাংকের অফিসার: ১৫]
ক. গুপ্ত খ. মৌর্য গ. কুষাণ ঘ. দেব **উত্তর: গ**
ব্যাখ্যা: মৌর্য সম্রাজের পতনের পর দীর্ঘদিন কোনো ঐক্যবদ্ধ রাষ্ট্র ব্যবস্থা ছিল না। সে সময় ক্ষুদ্র ক্ষুদ্র শক্তির (যেমন- কুষাণ জাতি প্রভৃতি) প্রাধান্য প্রতিষ্ঠিত হয়। কুষাণ সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা হলেন কুজলা কদফিসিস। তবে কুষাণ শ্রেষ্ঠ বা কুষাণ সাম্রাজ্যের শ্রেষ্ঠ রাজা হলেন কনিষ্ক। বসুমিত্র, অশ্বঘোষ, চরক, সশ্রুত, নাগার্জুন প্রমুখ ব্যক্তিবর্গ কনিষ্কের রাজসভা অলংকৃত করেছিলেন।

২০. **চরক ছিলেন -** [পানি উন্নয়ন বোর্ডের অফিস সহায়ক: ১৫]
ক. গণিতবিদ খ. জ্যোতির্বিদ গ. চিকিৎসাবিদ ঘ. আয়ুর্বেদ শাস্ত্রবিশারদ **উত্তর: ঘ**

CamScanner

২১. **কোন যুগ প্রাচীন ভারতের স্বর্ণযুগ হিসেবে পরিচিত?** [বিআইডব্লিউটিএ'র সহকারী পরিচালক: ২৩]
ক. মৌর্যযুগ খ. শুঙ্গযুগ গ. কুষাণযুগ ঘ. গুপ্তযুগ **উত্তর: ঘ**
ব্যাখ্যা: কুষাণ সাম্রাজ্যের পতনের পর খ্রিষ্টীয় চতুর্থ শতকে গুপ্ত সাম্রাজ্য গড়ে উঠেছিল। গুপ্তযুগে সুষ্ঠু শাসন, শিল্প, সাহিত্য, ধর্ম, রাষ্ট্র ও সমাজের বিভিন্ন ক্ষেত্রে এক অভূতপূর্ব উৎকর্ষ সাধিত হয়েছিল। এ জন্য গুপ্ত যুগকে প্রাচীন ভারতের স্বর্ণযুগ বলা হয়।

২২. **গুপ্ত সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা কে? / গুপ্ত বংশের প্রথম রাজা কে?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী: ০৩]
ক. প্রথম চন্দ্রগুপ্ত খ. দ্বিতীয় চন্দ্রগুপ্ত গ. সমুদ্র গুপ্ত ঘ. কুমার গুপ্ত **উত্তর: ক**

২৩. **ভারতের নেপোলিয়ন কাকে বলা হয়? / গুপ্ত বংশের শ্রেষ্ঠ রাজা কে?** [রাবি: ১০-১১]
ক. কণিষ্ক খ. অশোক গ. সমুদ্রগুপ্ত ঘ. হর্ষবর্ধন **উত্তর: গ**

২৪. **ভারতবর্ষের কোন যুগের ভাস্কর্যকে ধ্রুপদী ভাস্কর্য বলা হয়?** [ঢাবি: ১৩-১৪]
ক. মৌর্য যুগের খ. গুপ্ত যুগের গ. পাল যুগের ঘ. সুঙ্গ যুগের **উত্তর: খ**

২৫. **প্রাচীন ভারতের কোন শাসকের অপর নাম বিক্রমাদিত্য ছিল?** [রাবি: ১১-১২]
ক. দ্বিতীয় চন্দ্রগুপ্ত খ. অশোক গ. সমুদ্রগুপ্ত ঘ. হর্ষবর্ধন **উত্তর: ক**

২৬. **'তাম্রলিপি' কী? / 'তাম্রশাসন' মানে** - [বিকেবি'র অফিসার (ক্যাশ): ১০]
ক. প্রাচীন ভাষা খ. প্রাচীন জনগণ গ. প্রাচীন গ্রন্থ ঘ. তামার পাতে খোদাই করা শাসনাদেশ **উত্তর: ঘ**

২৭. **তামার পাতে খোদাই করা প্রাচীন কালের রাজাজ্ঞা হলো** - [বিআইডব্লিউটিএ'র সহকারী পরিচালক: ২৩]
ক. তাম্রশাসন খ. তাম্রলিপি গ. তাম্রফলক ঘ. প্রত্নতত্ত্ব **উত্তর: ক**

২৮. **মহাকবি কালিদাস যে যুগের কবি ছিলেন** - [গণযোগাযোগ অধিদপ্তরের সহকারী তথ্য অফিসার: ১৩]
ক. পাল খ. সেন গ. মৌর্য ঘ. গুপ্ত **উত্তর: ঘ**

২৯. **'মেঘদূত' কাব্য কার লেখা?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৬]
ক. কালিদাস খ. রবীন্দ্রনাথ ঠাকুর গ. সত্যেন্দ্রনাথ দত্ত ঘ. জসীমউদদীন **উত্তর: ক**

৩০. **অমরসিংহ রচিত 'অমরকোষ' কী জাতীয় গ্রন্থ?** [জাতীয় সংসদ সচিবালয়ের সহকারী পরিচালক: ০৪]
ক. মহাকাব্য খ. নাটক গ. অভিধান ঘ. উপন্যাস **উত্তর: গ**

৩১. **কোনটি প্রাচীন নগরী নয়?** [ডাচ-বাংলা ব্যাংকের অফিসার: ০৯]
ক. কর্ণসুবর্ণ খ. উজ্জয়িনী গ. বিশাখাপট্টম ঘ. পটিলিপুত্র **উত্তর: গ**

৩২. **গুপ্ত বংশের শেষ শাসক কে?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ সহকারী: ০৩]
ক. বিষ্ণু গুপ্ত / জীবিত গুপ্ত খ. দ্বিতীয় চন্দ্রগুপ্ত গ. সমুদ্র গুপ্ত ঘ. কুমার গুপ্ত **উত্তর: ক**

৩৩. **প্রাচীন বাংলার কতটি রাজ্য ছিল? / প্রাচীন বাংলায় কতটি স্বাধীন রাজ্য ছিল?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১১]
ক. ২ টি (বঙ্গ ও গৌড়) খ. ৩ টি গ. ৪ টি ঘ. ৫ টি **উত্তর: ক**
ব্যাখ্যা: ষষ্ঠ শতাব্দীতে গুপ্ত সাম্রাজ্যের পতন ঘটে। সেই অস্থিতিশীল পরিবেশে দুইটি স্বাধীন রাজ্যের উত্থান ঘটে। যথা- বঙ্গ ও গৌড় রাজ্য।

৩৪. **কত শতকে বঙ্গ ও গৌড় দুইটি স্বাধীন রাষ্ট্রের উদ্ভব ঘটে?** [নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিষ্ট্রার: ০১]
ক. ষষ্ঠ খ. অষ্টম গ. দশম ঘ. একাদশ **উত্তর: ক**

৩৫. **গুপ্তোত্তর বঙ্গের স্বাধীন রাজা ছিলেন** - [সিজিডিএফ কার্যালয়ের অডিটর: ১৪]
ক. গোপচন্দ্র খ. শশাঙ্ক গ. শ্রীচন্দ্র ঘ. লড়হচন্দ্র **উত্তর: ক**

৩৬. **'মহারাজাধিরাজ' পদবি কারা গ্রহণ করেন?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. আকবর, হুমায়ুন ও জাহাঙ্গীর খ. ধর্মপাল ও গোপাল
গ. গোপচন্দ্র, ধর্মাদিত্য ও সমাচারদেব ঘ. ইলিয়াস শাহ, তুগলক ও জালালউদ্দিন **উত্তর: গ**

৩৭. **ধারণা করা হয়, প্রাচীন গৌড় জনপদের অন্তর্ভুক্ত ছিল** - [রাজউকের ইমারত পরিদর্শক: ১৪]
ক. মুর্শিদাবাদ খ. যশোর গ. ময়মনসিংহ ঘ. চট্টগ্রাম **উত্তর: ক**

৩৮. **একসময়ে বাংলা, বিহার ও উড়িষ্যার রাজধানী মুর্শিদাবাদের প্রাক্তন নাম ছিল** - [রাকাব'র ক্যাশিয়ার: ১৪]
ক. সিনহাবাদ খ. চন্দ্রদ্বীপ গ. গৌড় ঘ. মাকসুদাবাদ **উত্তর: গ**

৩৯. **প্রাচীন জনপদগুলোকে একত্রিত করে গৌড় রাজ্য প্রতিষ্ঠা করেন কে? / স্বাধীন গৌড় রাজ্য প্রতিষ্ঠা করেন কে?** [১৩তম শিক্ষক নিবন্ধন]
ক. ধর্মপাল খ. লক্ষ্মণ সেন গ. শশাঙ্ক ঘ. ইলিয়াস শাহ **উত্তর: গ**

৪০. **'মহাসামন্ত' কার উপাধি ছিল? / 'মহারাজাধিরাজ' উপাধি ধারণ করেন কে?** [বেরোবি: ১১-১২]
ক. গোপাল খ. লক্ষণ সেন গ. হর্ষবর্ধন ঘ. শশাঙ্ক **উত্তর: ঘ**

৪১. **শশাঙ্ক প্রথম জীবনে ছিলেন** - [রাজউকের অফিস সহায়ক: ১৫]
ক. কৃষক খ. সামন্ত গ. রাজা ঘ. সম্রাট **উত্তর: খ**

৪২. **কে গৌড়ের স্বাধীন নরপতি ছিলেন? / প্রাচীন বাংলার প্রথম নরপতি কে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ৯২]
ক. শশাঙ্ক খ. বর্মন গ. ভাস্কর ঘ. দেবগুপ্ত **উত্তর: ক**

৪৩. **বাংলার প্রথম স্বাধীন ও সার্বভৌম রাজা বা নরপতি হলেন - / প্রথম বাঙালি রাজা কে?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. ধর্মপাল খ. গোপাল গ. শশাঙ্ক ঘ. দ্বিতীয় চন্দ্র গুপ্ত **উত্তর: গ**

CamScanner

৪৪. **প্রাচীন গৌড়ের রাজধানী ছিল** - [খুবি: ১৯-২০]
ক. পুন্ড্রনগর খ. কনৌজ গ. কর্ণাটক ঘ. কর্ণসুবর্ণ **উত্তর: ঘ**

৪৫. **শশাঙ্কের রাজধানী ছিল** - [বিবি: ১৩-১৪]
ক. কর্ণসুবর্ণ খ. গৌড় গ. নদীয়া ঘ. ঢাকা **উত্তর: ক**

৪৬. **বাংলার প্রাচীন নগর কর্ণসুবর্ণর অবস্থান ছিল** - [ঢাবি: ১৭-১৮]
ক. কুমিল্লা খ. মুর্শিদাবাদ গ. বগুড়া ঘ. রাজশাহী **উত্তর: খ**

৪৭. **পুষ্যভূতি বংশের শ্রেষ্ঠ রাজা কে ছিলেন?** [জাবি: ৯৬-৯৭]
ক. হর্ষবর্ধন খ. বানভট্ট গ. লক্ষ্মণ সেন ঘ. সামন্ত সেন **উত্তর: ক**
ব্যাখ্যা: হর্ষবর্ধন প্রাচীন ভারতের শেষ সাম্রাজ্যবাদী রাজবংশ পূর্ব পাঞ্জাবের পুষ্যভূতি রাজবংশের শ্রেষ্ঠ রাজা ছিলেন হর্ষবর্ধণ। হর্ষবর্ধন উত্তর ভারতে শশাঙ্কের প্রধান প্রতিদ্বন্দ্বী ছিলেন। হর্ষবর্ধনের সভাকবি ছিলেন বানভট্ট।

৪৮. **হর্ষবর্ধনের সভাকবি** - [বিআরইবি'র সহকারী এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর: ১৭]
ক. কালিদাস খ. বানভট্ট গ. মেগাস্থিনিস ঘ. সন্ধ্যাকর নদী **উত্তর: খ**

৪৯. **'হর্ষচরিত' গ্রন্থটি রচনা করেন?** [জবি: ১২-১৩]
ক. হর্ষবর্ধন খ. কলহন গ. বানভট্ট ঘ. কৌটিল্য **উত্তর: গ**

৫০. **মাৎস্যন্যায় বাংলায় কোন সময়কাল নির্দেশ করে?** [পরিকল্পনা মন্ত্রণালয়ের ডাটা প্রসেসিং অপারেটর: ০২]
ক. ৫ম - ৬ষ্ঠ শতক খ. ৬ষ্ঠ - ৭ম শতক গ. ৭ম - ৮ম শতক ঘ. ৮ম - ৯ম শতক **উত্তর: গ**
ব্যাখ্যা: শশাঙ্কের পর দীর্ঘদিন বাংলায় কোনো যোগ্য শাসক ছিল না। ফলে রাজ্যে বিশৃঙ্খলা ও অরাজকতা দেখা দেয়। ৭ম - ৮ম শতকে বাংলার সবল অধিপতিরা প্রভাব-প্রতিপত্তির মাধ্যমে ছোট ছোট অঞ্চলগুলোকে গ্রাস করেছিল। অরাজকতাপূর্ণ এই সময়কে পাল তাম্র শাসনে মাৎস্যন্যায় বলে আখ্যায়িত করা হয়েছে। উল্লেখ্য, পুকুরে বড় মাছগুলো শক্তির দাপটে ছোট ছোট মাছ ধরে ধরে খেয়ে ফেলার বিশৃঙ্খল পরিস্থিতিকে মাৎস্যন্যায় বলে।

৫১. **মাৎস্যন্যায় নির্দেশ করে** - [ইসলামী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৭]
ক. পাল পরবর্তীকাল খ. সেন পরবর্তীকাল গ. ব্রিটিশ শাসনামল ঘ. শশাঙ্ক পরবর্তীকাল **উত্তর: ঘ**

৫২. **মাৎস্যন্যায় নির্দেশ করে** - [বাংলাদেশ গ্যাস ফিল্ডের উপ-সহকারী প্রকৌশলী: ২১]
ক. মৎস্যময় বাংলাদেশ খ. রাজনৈতিক পরিস্থিতি গ. মৎস্যময় ভারত ঘ. প্রাকৃতিক পরিস্থিতি **উত্তর: খ**

৫৩. **মাৎস্যন্যায় ধারণাটি কিসের সাথে সম্পর্কিত?** [বিকেবি'র অফিসার (ক্যাশ): ১০]
ক. মাছবাজার খ. ন্যায় বিচার প্রতিষ্ঠা গ. মাছ ধরার নৌকা ঘ. আইন-শৃঙ্খলাহীন অরাজক অবস্থা **উত্তর: ঘ**

৫৪. **মাৎস্যন্যায় সম্পর্কে জানার উৎস** - [জাবি: ১৫-১৬]
ক. তারনাথের বিবরণ খ. সন্ধ্যাকর নন্দীর বিবরণ গ. হর্ষচরিত ঘ. আর্যমঞ্জুশ্রীমূলকল্প **উত্তর: খ**

৫৫. **মাৎস্যন্যায় কোন শাসন আমলে দেখা যায়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. খলজি শাসন আমলে খ. সেন শাসন আমলে গ. যুগল শাসন আমলে ঘ. পাল তাম্র শাসন আমলে **উত্তর: ঘ**

৫৬. **মাৎস্যন্যায় নির্দেশ করে** - [জাবি: ১৬-১৭]
ক. আলেকজান্ডারের আগমন খ. বখতিয়ারের আগমন গ. রামপালের আগমন ঘ. গোপালের আগমন **উত্তর: ঘ**

৫৭. **বাংলার প্রথম দীর্ঘস্থায়ী রাজত্বের নাম কী? / বাংলার দীর্ঘস্থায়ী রাজবংশ কোনটি?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]
ক. পাল বংশ খ. সেন বংশ গ. ভুইয়া বংশ ঘ. গুপ্ত বংশ **উত্তর: ক**
ব্যাখ্যা: মাৎস্যন্যায়ের অবসান ঘটিয়ে গোপাল বাংলার সিংহাসনে আরোহণ করেন এবং পাল রাজবংশের সূচনা করেন। প্রায় ৪০০ বছর ধরে ১৭ জন পাল নৃপতি বাংলা শাসন করেন। পাল সম্রাটরা বৌদ্ধধর্মের মহাযান ও তান্ত্রিক সম্প্রদায়ের অনুগামী ছিলেন।

৫৮. **নিম্নের কোন বংশ প্রায় চারশো বছরের মতো বাংলা শাসন করেছে?** [১২তম শিক্ষক নিবন্ধন]
ক. মৌর্য বংশ খ. গুপ্ত বংশ গ. পাল বংশ ঘ. সেন বংশ **উত্তর: গ**

৫৯. **বরেন্দ্র যে রাজাদের পিতৃভূমি** - বাংলাদেশ রেলওয়ের সহকারী কমান্ডেন্ট: ০৭]
ক. পাল রাজা খ. সেন রাজা গ. চন্দ্র রাজা ঘ. খড়্গরাজা **উত্তর: ক**

৬০. **বাংলার প্রাচীন পাল রাজবংশ কোন ধর্মাবলম্বী?** [ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী ড্রিলিং প্রকৌশলী: ৯৮]
ক. হিন্দু খ. জৈন গ. বৌদ্ধ ঘ. খ্রিস্টান **উত্তর: গ**

৬১. **বাংলার প্রথম বংশানুক্রমিক শাসন শুরু করেন কে?** [জাককানইবি: ১৬-১৭]
ক. গোপাল খ. রামপাল গ. বিজয় সেন ঘ. লক্ষণ সেন **উত্তর: ক**

৬২. **বঙ্গে পাল বংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন? / পাল বংশের প্রতিষ্ঠাতা কে?** [সিজিডিএফ কার্যালয়ের জুনিয়র অডিটর: ১৪]
ক. ধর্মপাল খ. দেবপাল গ. গোপাল ঘ. মহীপাল **উত্তর: গ**

৬৩. **পালবংশের শ্রেষ্ঠ রাজা কে ছিলেন?** [পরিবারকল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণার্থী: ১০]
ক. গোপাল খ. ধর্মপাল গ. রামপাল ঘ. দেবপাল **উত্তর: খ**

৬৪. **'অষ্টাসাহস্রিকা প্রজ্ঞাপারমিতা' কী?** [ঢাবি: ১৬-১৭]
ক. হিন্দু ধর্মগ্রন্থ খ. কালিদাসের কাব্যগ্রন্থ গ. বৌদ্ধ পুঁথি ঘ. জৈন ধর্মগ্রন্থ **উত্তর: গ**

CamScanner

৬৫. **তালপাতার পুঁথিচিত্র কোন যুগের নিদর্শন?** [বিকেবি'র সিনিয়র অফিসার: ১৭]
ক. পাল যুগ খ. সেন যুগ গ. গুপ্ত যুগ ঘ. কুষাণ যুগ **উত্তর: ক**

৬৬. **পালযুগের পুঁথিচিত্র কোন বস্তুর উপর আঁকা?** [বিআরইবি'র লাইন ক্রু: ২৩]
ক. কাগজের উপর খ. টিনের উপর গ. পাথরের উপর ঘ. তালপাতার উপর **উত্তর: ঘ**

৬৭. **কার সময়ে কৈবর্ত বিদ্রোহ সংঘটিত হয়েছিল? / কার সময়ে বরেন্দ্র বা সামন্ত বিদ্রোহ হয়েছিল?** [দুদক'র উপ-সহকারী পরিচালক: ২০]
ক. বল্লাল সেন খ. দ্বিতীয় মহীপাল গ. ধর্মপাল ঘ. হেমন্ত সেন **উত্তর: খ**

৬৮. **কৈবর্ত বিদ্রোহের নেতা কে ছিলেন?** [বিআরইবি'র সহকারী সচিব: ১৩]
ক. কৈবর্ত খ. অশোক গ. দিব্যোক / দিব্য ঘ. কানু কৈবর্ত **উত্তর: গ**

৬৯. **পাল শাসনামলে রচিত একটি কাব্য হলো –** [রাজউকের ইমারত পরিদর্শক: ১৪]
ক. গীতগোবিন্দ খ. মনসামঙ্গল গ. চন্ডীমঙ্গল ঘ. রামচরিত **উত্তর: ঘ**

৭০. **'রামচরিত' কাব্য কে লিখেছেন?** [বিআরইবি'র অফিস সহকারী: ১৬]
ক. হর্ষবর্ধন খ. সন্ধ্যাকর নন্দী গ. কালিদাস ঘ. ধোয়ী **উত্তর: খ**

৭১. **মহাস্থবীর শীলভদ্র কোন মহাবিহারের আচার্য ছিলেন?** [৩৫তম বিসিএস]
ক. আনন্দ বিহার খ. নালন্দা বিহার গ. গোসিপো বিহার ঘ. সোমপুর বিহার **উত্তর: খ**

৭২. **কোন বাঙালি সপ্তম শতাব্দীতে নালন্দা বিশ্ববিদ্যালয়ে সর্বাধ্যক্ষের পদ অলংকৃত করেন?** [ঢাবি: ১৮-১৯]
ক. শীলভদ্র খ. অতীশ দীপঙ্কর গ. কাহ্নপা ঘ. জীমূতবাহন **উত্তর: ক**

৭৩. **শ্রীজ্ঞান অতীশ দীপঙ্কর কে ছিলেন?** [ঢাবি: ১৬-১৭]
ক. বিশ্বখ্যাত বৌদ্ধ পন্ডিত খ. ব্রাহ্মণ পন্ডিত গ. হিন্দু সমাজ সংস্কারক ঘ. প্রাচীন বাংলার নৃপতি **উত্তর: ক**
ব্যাখ্যা: দীপঙ্কর শ্রীজ্ঞান ৯৮০ খ্রিষ্টাব্দে ঢাকার বিক্রমপুরের (বর্তমান: মুন্সিগঞ্জ) বজ্রযোগিনী গ্রামে এক রাজপরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর বাল্যনাম ছিল চন্দ্রগর্ভ। দীপঙ্কর শ্রীজ্ঞান বৌদ্ধ ধর্ম ও দর্শন চর্চা এবং প্রচার-প্রসারের ক্ষেত্রে পূর্ব এশিয়া জুড়ে স্মরণীয়। তিব্বতিরা তাকে অতীশ উপাধিতে ভূষিত করেন। অতীশ অর্থ শান্তি। ১০৫৩ বা ১০৫৪ খ্রিষ্টাব্দে তিববতের লাসা নগরের নিকটস্থ লেথান পল্লীতে মৃত্যুবরণ করেন।

৭৪. **বৌদ্ধ পন্ডিত ও দার্শনিক অতীশ দীপঙ্কর বাংলাদেশের বিক্রমপুরের বা মুন্সিগঞ্জের কোন গ্রামে জন্মগ্রহণ করেন?** [ঢাবি: ১২-১৩]
ক. বজ্রযোগিনী খ. ভাগ্যকুল গ. গঙ্গানগর ঘ. বালিগাঁও **উত্তর: ক**

৭৫. **পন্ডিত অতীশ দীপঙ্করের জন্মস্থান কোনটি?** [ঢাবি: ১৬-১৭]
ক. চট্টগ্রাম খ. কুমিল্লা গ. বিক্রমপুর ঘ. ময়মনসিংহ **উত্তর: গ**

৭৬. **অতীশ দীপঙ্কর বাংলাদেশের বর্তমান কোন জেলার বাসিন্দা ছিলেন?** [ডাক অধিদপ্তরের বিল্ডিং ওভারশিয়ার: ১৮]
ক. ফরিদপুর খ. টাঙ্গাইল গ. মুন্সিগঞ্জ ঘ. চট্টগ্রাম **উত্তর: গ**

৭৭. **অতীশ দীপঙ্কর কোন জেলায় জন্মগ্রহণ করেছিলেন?** [চবি: ০৭-০৮]
ক. ঢাকা খ. চট্টগ্রাম গ. কুমিল্লা ঘ. বগুড়া **উত্তর: ক**

৭৮. **অতীশ দীপঙ্কর কোন দেশে বৌদ্ধধর্ম প্রচার করে বিখ্যাত হোন?** [জাতীয় সংসদ সচিবালয়ের সহকারী সচিব: ৯৬]
ক. তিব্বত খ. মায়নমার গ. শ্রীলংকা ঘ. দক্ষিণ ভারত **উত্তর: ক**

৭৯. **সেন বংশের প্রতিষ্ঠাতা কে?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী: ০৩]
ক. সামন্ত সেন খ. বিজয় সেন গ. বল্লাল সেন ঘ. লক্ষ্মণ সেন **উত্তর: ক**
ব্যাখ্যা: কৈবর্ত বা সামন্ত বিদ্রোহের সময় পাল সাম্রাজ্য দুর্বল হলে সামন্ত সেন দাক্ষিণাত্যের কর্ণাট থেকে বাংলায় আসেন এবং সেন বংশ প্রতিষ্ঠা করেন। কিন্তু তিনি রাজ্য প্রতিষ্ঠা না করায় তাঁর পুত্র হেমন্ত সেনকে সেন বংশের প্রথম রাজা ও প্রকৃত প্রতিষ্ঠাতা বলা হয়।

৮০. **সেন বংশের প্রথম রাজা কে? / সেন বংশের প্রকৃত প্রতিষ্ঠাতা কে?** [জাবি: ১৬-১৭]
ক. হেমন্ত সেন খ. বল্লাল সেন গ. বিজয় সেন ঘ. সামন্ত সেন **উত্তর: ক**

৮১. **সেন বংশের আদি নিবাস –** [বিএডিসি'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ২১]
ক. বিক্রমপুর খ. নদীয়া গ. দাক্ষিণাত্য ঘ. কামরূপ **উত্তর: গ**

৮২. **সেন রাজাদের ধর্ম ছিল –** [সিটি ব্যাংকের প্রবেশনারী অফিসার: ১১]
ক. ব্রাহ্ম খ. বৌদ্ধ গ. জৈন ঘ. হিন্দু **উত্তর: ঘ**

৮৩. **হিন্দুমতে, মান্ধাতা ছিলেন --- এর শাসক। / হিন্দু মতে মান্ধাতা কোন যুগের শাসক ছিলেন?** [ঢাবি: ১৫-১৬]
ক. সত্যযুগ খ. ত্রেতাযুগ গ. দাপরযুগ ঘ. কলিযুগ **উত্তর: ক**

৮৪. **'মান্ধাতার আমল' এখানে মান্ধাতা হলো –** [বাংলাদেশ ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৬]
ক. প্রাচীনকাল খ. এক রাজার নাম গ. অন্ধকারময় অবস্থা ঘ. বহুপুরোনো কিছু **উত্তর: খ**

৮৫. **সামন্ত রাজা থেকে স্বাধীন রাজা – / সেন বংশের প্রথম সার্বভৌম রাজা কে? / সেন বংশের শ্রেষ্ঠ রাজা কে?** [জবি: ১৬- ১৭]
ক. হেমন্ত সেন খ. বল্লাল সেন গ. বিজয় সেন ঘ. লক্ষণ সেন **উত্তর: গ**

৮৬. **বিজয় সেনের প্রথম রাজধানী –** [পানি উন্নয়ন বোর্ডের উচ্চমান সহকারী: ১৬]
ক. হুগলী খ. নদীয়া গ. মুন্সীগঞ্জ ঘ. বিক্রমপুর **উত্তর: ক**

CamScanner

৮৭. **কৌলিন্য প্রথা বাংলায় প্রবর্তন করেন** - [ডাক বিভাগের মেইল অপারেটর: ১৭]
ক. লক্ষণ সেন খ. বল্লাল সেন গ. বিজয় সেন ঘ. শ্রী চৈতন্য দেব **উত্তর: খ**

৮৮. **'দানসাগর' ও 'অদ্ভুতসাগর' গ্রন্থটির রচয়িতা** - [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. বল্লাল সেন খ. বিজয় সেন গ. লক্ষণ সেন ঘ. হেমন্ত সেন **উত্তর: ক**

৮৯. **বাংলার শেষ হিন্দু রাজা কে ছিলেন? / সেন বংশের সর্বশেষ সার্বভৌম রাজা কে ছিলেন? / অবিভক্ত বাংলার সর্বপ্রথম রাজা কাকে বলা হয়?** [এলজিইডি'র অফিস সহায়ক: ২৩]
ক. বিজয় সেন খ. লক্ষ্মণ সেন গ. হেমন্ত সেন ঘ. বল্লাল সেন **উত্তর: খ**

৯০. **'অসমাপ্ত অদ্ভুতসাগর' গ্রন্থটি কে সমাপ্ত করেন?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. লক্ষণ সেন খ. বল্লাল সেন গ. আলাউদ্দিন খলজি ঘ. সম্রাট আকবর **উত্তর: ক**

৯১. **বাংলায় সেন বংশের শেষ শাসনকর্তা ছিলেন? / সেন বংশের সর্বশেষ রাজা কে ছিলেন?** [৪১তম বিসিএস]
ক. হেমন্ত সেন খ. বল্লাল সেন গ. লক্ষ্মণ সেন ঘ. কেশব সেন **উত্তর: ঘ**

বাংলায় মুসলিম শাসন

০১. **কত খ্রিষ্টাব্দে আরবরা সিন্ধু আক্রমণ করে?** [বেরোবি: ০৮-০৯]
ক. ৭১০ খ্রি. খ. ৭১২ খ্রি. গ. ৭১৪ খ্রি. ঘ. ৭১৬ খ্রি. **উত্তর: খ**
ব্যাখ্যা: মুহম্মদ বিন কাসিম ৭১২ খ্রিষ্টাব্দে সিন্ধুর দেবল শহরে উপস্থিত হয়ে সিন্ধু রাজা দাহিরের বিরুদ্ধে অভিযান পরিচালনা করেন। অভিযানে মুহম্মদ বিন কাসিম বিজয়ী হোন এবং ভারতীয় উপমহাদেশে ইসলাম প্রতিষ্ঠার পথ সুগম করেন।

০২. **মুহাম্মদ বিন কাসিম সর্বপ্রথম সিন্ধুর কোন শহরে উপস্থিত হোন?** [জাবি: ১২-১৩]
ক. মুলতান খ. রাওয়ার গ. দেবল ঘ. অমৃতসর **উত্তর: গ**

০৩. **আরবদের আক্রমণের সময় সিন্ধু দেশের রাজা ছিলেন** - [সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা: ১৬]
ক. মানসিংহ খ. জয়পাল গ. দাহির ঘ. দাউদ **উত্তর: গ**

০৪. **ভারতে প্রথম মুসলিম অভিযান পরিচালনা করেন** - [জাবি: ১৫-১৬]
ক. হাজ্জাজ বিন ইউসুফ খ. মুহম্মদ বিন কাসিম গ. মুহম্মদ ঘুরী ঘ. বখতিয়ার খলজি **উত্তর: খ**

০৫. **প্রথম সিন্ধু বিজয়ী মুসলিম সেনাপতি কে ছিলেন? / প্রথম মুসলিম সিন্ধু বিজেতা ছিলেন** - [কাস্টস হাউসের সিপাই: ২২]
ক. ফখরউদ্দিন মুবারক শাহ খ. ইলিয়াস শাহ গ. মুহাম্মদ ঘুরী ঘ. মুহম্মদ বিন কাসিম **উত্তর: ঘ**

০৬. **সিন্ধু বিজয়ের মাধ্যমে কে ভারতীয় উপমহাদেশে ইসলাম প্রতিষ্ঠার পথ সুগম করেন?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ৯৩]
ক. হাজ্জাজ-বিন-ইউসূফ খ. মুহম্মদ বিন কাসিম গ. মুহম্মদ ঘুরী ঘ. বখতিয়ার খলজি **উত্তর: খ**

০৭. **সুলতান মাহমুদ কত বার ভারতবর্ষ আক্রমণ করেন?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]
ক. ১৫ বার খ. ১৭ বার গ. ১৮ বার ঘ. ২০ বার **উত্তর: খ**
ব্যাখ্যা: আফগানিস্তানের গজনীর সুলতান মাহমুদ ১৭ বার ভারতবর্ষ আক্রমণ করেন। তার অভিযানগুলোর মধ্যে ভারতের গুজরাটে অবস্থিত সোমনাথ মন্দির বিজয় একটি গুরুত্বপূর্ণ ঘটনা। গজনীতে ঘুর সাম্রাজ্য প্রতিষ্ঠিত হলে মুহম্মদ ঘুরী ও পৃথ্বীরাজ চৌহানের মধ্যে ১১৯১ সালে প্রথম ও ১১৯২ সালে দ্বিতীয় তরাইনের যুদ্ধ সংঘটিত হয়। প্রথম তরাইনের যুদ্ধে মুহম্মদ ঘুরী পরাজিত হলেও দ্বিতীয় তরাইনের যুদ্ধে মুহম্মদ ঘুরী বিজয়ী হোন এবং ভারতবর্ষে সর্বপ্রথম মুসলিম শাসন প্রতিষ্ঠা করেন।

০৮. **মুহম্মদ ঘুরী ও পৃথীরাজ চৌহানের মধ্যে দ্বিতীয় তরাইনের যুদ্ধ কত সালে সংঘটিত হয়?** [১০ম বিজেএস]
ক. ১১৯০ খ. ১১৯২ গ. ১২০৬ ঘ. ৭১২ **উত্তর: খ**

০৯. **তরাইনের দ্বিতীয় যুদ্ধে কে পরাজিত হোন?** [ববি: ১৬-১৭]
ক. মুহম্মদ ঘুরী খ. লক্ষণ সেন গ. পৃথীরাজ ঘ. জয়চন্দ্র **উত্তর: গ**

১০. **ভারতবর্ষে সর্বপ্রথম মুসলিম শাসন প্রতিষ্ঠা করেন** - [দুদক'র সহকারী পরিদর্শক: ০৮]
ক. মুহম্মদ বিন কাসিম খ. সুলতান মাহমুদ গ. মুহম্মদ ঘুরী ঘ. গিয়াস উদ্দিন আজম শাহ **উত্তর: গ**

১১. **মুসলিম শাসন আমলে রাজভাষা ছিল** - [সংস্কৃতি মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ১৯]
ক. বাংলা খ. আরবি গ. সংস্কৃত ঘ. ফারসি **উত্তর: ঘ**

১২. **ইতিহাস বিখ্যাত সেনানায়ক ইখতিয়ার উদ্দিন মুহম্মদ বিন বখতিয়ার খলজি কোন দেশের নাগরিক ছিলেন?** [রাজউকের ইমারত পরিদর্শক: ১৪]
ক. পাকিস্তান খ. তুরস্ক গ. আফগানিস্তান ঘ. ভারত **উত্তর: গ**
ব্যাখ্যা: ইখতিয়ার উদ্দিন মুহম্মদ বিন বখতিয়ার খলজি আফগানিস্তানের গরমশিরের অধিবাসী ছিলেন। তিনি তুর্কিদের খলজি সম্প্রদায়ভুক্ত ছিলেন। তিনি ত্রয়োদশ শতাব্দীতে ভারতেবর্ষে বা বাংলাদেশে আসেন। তিনি ১২০৪ সালে মাত্র ১৭ জন অশ্বারোহী সেনা নিয়ে নদীয়ার রাজা লক্ষণ সেনকে পরাজিত করে বাংলা জয় করেন।

১৩. **কোন শতাব্দীতে মুহম্মদ বখতিয়ার খলজি বাংলাদেশে বা ভারতবর্ষে আসেন?** [বিটিভি'র সহকারী প্রকৌশলী: ১৭]
ক. একাদশ খ. দশম গ. ত্রয়োদশ ঘ. পঞ্চদশ **উত্তর: গ**

১৪. **বাংলার প্রথম মুসলিম অভিযান পরিচালনা করেন** - [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইন্সট্রাক্টর: ১৮]
ক. হাজ্জাজ বিন ইউসুফ খ. মুহম্মদ বিন কাসিম গ. মুহম্মদ ঘুরী ঘ. বখতিয়ার খলজি **উত্তর: ঘ**

১৫. **কত সালে ইখতিয়ার উদ্দিন মুহম্মদ বখতিয়ার খলজি বাংলা জয় করেন? / বখতিয়ার খলজি কত সালে লক্ষ্মণাবতী জয় করেন?** [৩০তম বিসিএস]
ক. ১২১২ খ. ১২০০ গ. ১২০৪ ঘ. ১২১১ **উত্তর: গ**

১৬. **বাংলার প্রথম মুসলিম বিজেতা কে?** [জাতীয় বিশ্ববিদ্যালয়: ১২-১৩]
ক. বখতিয়ার খলজি খ. ইলিয়াস শাহ গ. হুসেন শাহ ঘ. শিরান খলজি **উত্তর: ক**

১৭. **বখতিয়ার খলজি বঙ্গ বিজয়ের সময়ে বাংলার শাসক ছিলেন** - [পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৪]
ক. লক্ষ্মণ সেন খ. বিজয় সেন গ. বল্লাল সেন ঘ. কেউই নন **উত্তর: ক**

১৮. **বাংলায় মুসলিম শাসনের আধিপত্য বিস্তারের সূচনা করেন** - [২৪তম বিসিএস]
ক. মুহম্মদ বখতিয়ার খলজি খ. মুহম্মদ বিন কাসিম গ. মুহম্মদ ঘুরী ঘ. সুলতান মাহমুদ **উত্তর: ক**

১৯. **কোন শতাব্দীতে বাংলায় মুসলিম শাসন প্রতিষ্ঠিত হয়?** [সিএজি কার্যালয়ের অডিটর: ১১]
ক. অষ্টম শতাব্দী খ. দশম শতাব্দী গ. দ্বাদশ শতাব্দী ঘ. ত্রয়োদশ শতাব্দী **উত্তর: ঘ**

২০. **বাংলার প্রথম মুসলমান সুলতান কে ছিলেন?** [আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ: ০০]
ক. বখতিয়ার খলজি খ. হুসেন শাহ গ. ইলিয়াস শাহ ঘ. সরফরাজ খান **উত্তর: ক**

২১. **জিয়াউদ্দিন বারাণী একজন** - [রাবি: ১০- ১১]
ক. সুলতান খ. সম্রাট গ. কবি ঘ. ঐতিহাসিক **উত্তর: ঘ**

২২. **কোনটি জিয়াউদ্দিন বারাণী রচিত গ্রন্থ?** [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. তারিখ-ই-মুবারকশাহী খ. রিয়াজুস সালাতিন গ. তারিখ-ই-ফিরোজশাহী ঘ. সিরাত-ই-ফিরোজশাহী **উত্তর: গ**

২৩. **দিল্লির ঐতিহাসিক জিয়াউদ্দিন বারাণী বাংলার নাম দিয়েছিলেন বুলগাকপুর, যার অর্থ** - [জাবি: ১২-১৩]
ক. বিদ্রোহের নগর খ. শান্তির নগর গ. সমৃদ্ধ নগর ঘ. শ্যামল নগর **উত্তর: ক**

২৪. **হযরত শাহজালাল কোন দেশের অধিবাসী ছিলেন?** [বেরোবি: ১৭-১৮]
ক. আফগানিস্তান খ. ইরান গ. আরাকান ঘ. তুরস্ক **উত্তর: ঘ**

২৫. **গৌর গোবিন্দ যে অঞ্চলের রাজা ছিল** - [জাতীয় বিশ্ববিদ্যালয়: ০৯-১০]
ক. চট্টগ্রাম খ. সিলেট গ. গৌড় ঘ. পান্ডুয়া **উত্তর: খ**

২৬. **হযরত শাহজালাল (রহ.) কোন শাসককে পরাজিত করে সিলেটে আযান ধ্বনি দিয়েছিলেন?** [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ০৬]
ক. বিক্রমাদিত্য খ কৃষ্ণচন্দ্র গ. গৌর গোবিন্দ ঘ. লক্ষ্মণ সেন **উত্তর: গ**

২৭. **ইয়েমেন থেকে আসা কোন দীনের মুজাহিদের তরবারী বাংলাদেশে সংরক্ষণ বলা আছে?** [পিএসসি'র সহকারী পরিচালক: ০৪]
ক. খান জাহান আলী (র.) খ. বায়জীদ বোস্তামী (র.) গ. শাহ মখদুম (র.) ঘ. শাহজালাল (র.) **উত্তর: ঘ**

২৮. **বাংলাদেশের কোন অঞ্চলকে ৩৬০ আউলিয়ার দেশ বলা হয়?** [৩৫তম বিসিএস]
ক. চট্টগ্রাম খ. রাজশাহী গ. সিলেট ঘ. খুলনা **উত্তর: গ**

২৯. **বারো আউলিয়ার শহর** - [স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক: ২৩]
ক. সিলেট খ. চট্টগ্রাম গ. কুমিল্লা ঘ. বগুড়া **উত্তর: খ**

দিল্লি সালতানাতের শাসন

০১. **ভারতীয় উপমহাদেশে স্থায়ী মুসলিম শাসনের সূচনা ঘটে - / কখন ভারতীয় উপমহাদেশে স্থায়ী মুসলিম শাসনের সূচনা ঘটে?** [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার পরিকল্পনা সহকারী: ০৩]
ক. খ্রিষ্টীয় একাদশ শতকে খ. খ্রিষ্টীয় নবম শতকে গ. খ্রিষ্টীয় ত্রয়োদশ শতকে ঘ. খ্রিষ্টীয় ষোড়শ শতকে **উত্তর: গ**
ব্যাখ্যা: খ্রিষ্টীয় ত্রয়োদশ শতকে ভারতীয় উপমহাদেশে স্থায়ী মুসলিম শাসনের সূচনা ঘটে। ১২০৬ থেকে ১৫২৬ খ্রিষ্টাব্দের মধ্যবর্তী সময়ে ভারতীয় উপমহাদেশে রাজত্বকারী ৫ টি মুসলিম রাজ্য ও সাম্রাজ্য একত্রে দিল্লী সালতানাত নামে পরিচিত। ৫ টি মুসলিম রাজ্য ও সাম্রাজ্য হলো মামলুক রাজবংশ বা দাস বংশ (১২০৬-১২৯০), খিলজি রাজবংশ (১২৯০-১৩২০), তুঘলক রাজবংশ (১৩২০-১৪১৩), সৈয়দ রাজবংশ (১৪১৩-১৪৫১) এবং লোদী রাজবংশ (১৪৫১-১৫২৬)। ভারতে দাস বংশের প্রতিষ্ঠাতা ও দিল্লি সালতনাতের প্রতিষ্ঠাতা হলেন কুতুবউদ্দিন আইবেক। তবে দিল্লি সালতানাতের প্রকৃত প্রতিষ্ঠাতা ছিলেন কুতুবউদ্দিন আইবেকের জামাতা শামসউদ্দিন ইলতুৎমিশ।

০২. **দিল্লি সালতনাতের প্রতিষ্ঠাতা - / ভারতে দাস বংশের প্রতিষ্ঠাতা কে? / কোন শাসক ভারতে মুসলিম শাসন স্থায়ীভাবে প্রতিষ্ঠা করেন? / উপমহাদেশে স্থায়ী মুসলিম শাসনের প্রতিষ্ঠাতা কে? / ভারতে মুসলিম শাসনের গোড়াপত্তন করেন কে?** [দুদকের সহকারী পরিদর্শক: ০৪]
ক. মুহম্মদ বিন কাসিম খ. মাহমুদ গজনী গ. মুহম্মদ ঘুরী ঘ. কুতুবউদ্দিন আইবেক **উত্তর: ঘ**

০৩. **দিল্লির প্রথম স্বাধীন সুলতান কে? / দিল্লির কুতুব মিনার নির্মাণ করেন কে?** [জাতীয় সংসদ সচিবালয়ের সহকারী পরিচালক: ০৬]
ক. মুহম্মদ বিন কাসিম খ. মাহমুদ গজনী গ. মুহম্মদ ঘুরী ঘ. কুতুবউদ্দিন আইবেক **উত্তর: ঘ**

০৪. **দিল্লি সালতানাতের প্রকৃত প্রতিষ্ঠাতা - / কুতুবউদ্দিন আইবেকের জামাতা ছিলেন** - [জাতীয় বিশ্ববিদ্যালয়: ০৭-০৮]
ক. কুতুবউদ্দিন আইবেক খ. শামসউদ্দিন ইলতুৎমিশ গ. গিয়াসউদ্দিন বলবন ঘ. আলাউদ্দিন খলজি **উত্তর: খ**

০৫. **'বন্দেগান-ই-চেহেলগান' কে প্রতিষ্ঠা করেন? / 'চল্লিশ চক্র' কে প্রতিষ্ঠা করেন?** [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. ইলতুৎমিশ খ. কুতুব উদ্দিন আইবেক গ. সুলতান মাহমুদ ঘ. আরাম শাহ **উত্তর: ক**

০৬. **ভারতে প্রথম মুদ্রা প্রবর্তন করেন** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. লর্ড কর্নওয়ালিস খ. শেরশাহ গ. মুহম্মদ বিন তুগলক ঘ. শামসউদ্দিন ইলতুৎমিশ **উত্তর: ঘ**

CamScanner

০৭. **কার শাসনামলে সুউচ্চ কুতুব মিনারের নির্মাণ কাজ শেষ হয়?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৯]
ক. মুহাম্মদ ঘুরী খ. শামসউদ্দিন ইলতুৎমিশ গ. বলবন ঘ. কুতুবউদ্দিন আইবেক **উত্তর: খ**

০৮. **'কুতুব মিনার' কোথায় অবস্থিত?** [সমবায় অধিদপ্তরের ক্যাশিয়ার: ২৩]
ক. চীন খ. ভারত গ. বাংলাদেশ ঘ. বার্মা **উত্তর: খ**

০৯. **'সুলতান-ই-আজম' উপাধি কে লাভ করেছিলেন?** [বাংলাদেশ কমার্স ব্যাংকের অফিসার: ০১]
ক. কুতুবউদ্দিন আইবেক খ. শামসউদ্দিন ইলতুৎমিশ গ. ফিরোজ শাহ তুগলক ঘ. আলাউদ্দিন খলজি **উত্তর: খ**

১০. **দিল্লির সিংহাসনে অধিষ্ঠিত প্রথম মুসলিম নারী কে?** [বিআইডব্লিউটিএ'র সহকারী পরিচালক: ২৩]
ক. সম্রাট নূরজাহান খ. সুলতানা রাজিয়া গ. মমতাজ ঘ. যোধাবাঈ **উত্তর: খ**

১১. **দিল্লির সিংহাসনে আরোহণকারী প্রথম মুসলমান নারী সুলতানা রাজিয়া কার কন্যা ছিলেন?** [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৬]
ক. কুতুবউদ্দিন আইবক খ. শামসউদ্দিন ইলতুৎমিশ গ. গিয়াসউদ্দিন বলবন ঘ. মুহম্মদ বিন তুগলক **উত্তর: খ**

১২. **গিয়াসউদ্দিন বলবনের শাসনকাল কোনটি?** [রাবি: ১২- ১৩]
ক. ১২৬৬ - ৮৭ খ্রিস্টাব্দ খ. ১২৬০ - ৮০ খ্রিস্টাব্দ গ. ১২৬০ - ৮৬ খ্রিস্টাব্দ ঘ. ১২৬৮ - ৮৮ খ্রিস্টাব্দ **উত্তর: ক**

১৩. **রক্তপাত ও কঠোরনীতি কার শাসনের বৈশিষ্ট্য ছিল?** [১২তম প্রভাষক নিবন্ধন]
ক. সুলতানা রাজিয়া খ. নাসিবউদ্দিন মাহমুদ গ. গিয়াসউদ্দিন বলবন ঘ. আলাউদ্দিন খলজি **উত্তর: গ**

১৪. **'তুত-ই-হিন্দ' কাকে বলা হয়? / কাকে 'ভারতের তোতা পাখি' বা 'ভারতের কণ্ঠস্বর' বলা হয়?** [জাতীয় সংসদ সচিবালয়ের সহকারী পরিচালক: ০৬]
ক. তানসেন খ. আমীর খসরু গ. আবুল ফজল ঘ. গালিব **উত্তর: খ**

১৫. **কোন মুসলমান প্রশাসক প্রথম দক্ষিণ ভারত জয় করেন?** [শ্রম অধিদপ্তরের শ্রম অফিসার: ৯৮]
ক. আলাউদ্দিন খলজি খ. শের শাহ গ. আকবর ঘ. আওরঙ্গজেব **উত্তর: ক**

১৬. **আলাউদ্দিন খলজির প্রধান সেনাপতি কে ছিলেন?** [রাবি: ১০-১১]
ক. উলুঘ খাঁ খ. মালিক কাফুর গ. নসরত খান ঘ. জাফর খান **উত্তর: খ**

১৭. **কোন মুসলিম সেনাপতি সর্বপ্রথম দাক্ষিণাত্য জয় করেন?** [প্রাণিসম্পদ অধিদপ্তরের মাঠ সহকারী: ০৭]
ক. মালিক কাফুর খ. বৈরাম খাঁন গ. শায়েস্তা খান ঘ. মীরজুমলা **উত্তর: ক**

১৮. **ফ্রান্সের রাজা চর্তুদশ লুই এর ন্যায় কোন সুলতান ঘোষণা করেন আমিই রাষ্ট্র? / মূল্য ও বাজার নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রবর্তন করেন -** [জাবি: ১৩-১৮]
ক. গিয়াসউদ্দিন বলবন খ. জালালউদ্দিন খলজি গ. মুহম্মদ বিন তুগলক ঘ. আলাউদ্দিন খলজি **উত্তর: ঘ**

১৯. **দিল্লি থেকে রাজধানী দেবগিরিতে স্থানান্তর করেন কে?** [১১তম বিজেএস]
ক. সম্রাট আকবর খ. মুহম্মদ বিন তুগলক গ. সম্রাট জাহাঙ্গীর ঘ. সুলতান ইলিয়াস শাহ **উত্তর: খ**

২০. **মুহম্মদ বিন তুঘলক রাজধানী স্থানান্তর করেন -** [ডাক বিভাগের মেইল অপারেটর: ০৮]
ক. করাচি খ. দেবগিরি গ. নগরকোট ঘ. ঘোড়াশাল **উত্তর: খ**

২১. **ভারতে প্রথম প্রতীক মুদ্রা প্রবর্তন করেন - / সোনা ও রূপার মুদ্রার পরিবর্তে প্রতীক তামার মুদ্রা প্রচলন করেন - / কোন সুলতান ভারতের কৃষির উন্নতির জন্য আমির কোহী নামে কৃষি বিভাগ তৈরি করেন?** [নার্সিং অধিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স: ১৭]
ক. শেরশাহ খ. মুহম্মদ বিন তুগলক গ. ইলতুৎমিশ ঘ. লর্ড কর্নওয়ালিস **উত্তর: খ**

২২. **তুঘলক বংশের শেষ সুলতান কে ছিলেন?** [কুবি: ১৪-১৫]
ক. মুহম্মদ বিন তুগলক খ. মাহমুদ শাহ গ. ইলিয়াস শাহ ঘ. আলাউদ্দিন খলজি **উত্তর: খ**

২৩. **তৈমুর লঙের পিতার নাম কী?** [খুবি: ১৭-১৮]
ক. তুরঘাই খ. চাগতাই গ. আবাগা ঘ. কাজঘান **উত্তর: ক**

ক. অগ্ন্যুৎপাত খ. আগ্নেয় পর্বত ক্ষয় গ. ভূমিকম্প ঘ. ভূ-পৃষ্ঠের কোনো অংশে প্রবল পার্শ্বচাপ সৃষ্টি **উত্তর: ঘ**

৪৬. **আলপাইন গিরিপথ কোথায় অবস্থিত?** [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৬]
ক. সুইজারল্যান্ড খ. ভারত গ. পাকিস্তান ঘ. ইরান **উত্তর: ক**
ব্যাখ্যা: পার্বত্য অঞ্চলে পর্বতশ্রেণির মধ্যবর্তী সংকীর্ণ ও অনুচ্চ পথকে গিরিপথ বলে। যেমন- আলপাইন (সুইজারল্যান্ড), সেন্ট বার্নার্ড (সুইজারল্যান্ড), সেন্ট গোথার্ড (সুইজারল্যান্ড), সিম্পলন (সুইজারল্যান্ড), বোলান (পাকিস্তান), খাইবার (পাকিস্তান ও আফগানিস্তান), শিপকা (বুলগেরিয়া), খারদুং লা পাস (জম্মু ও কাশ্মীর), মানা পাস ও মারসিমিক লা (হিমালয়) ইত্যাদি।

৪৭. **বোলান গিরিপথ কোথায় অবস্থিত?** [শাবিপ্রবি: ০৪-০৫]
ক. পাকিস্তান খ. আফগানিস্তান গ. বুলগেরিয়া ঘ. সুইজারল্যান্ড **উত্তর: ক**

৪৮. **খাইবার গিরিপথ কোথায়?** [বিকেবি'র সিনিয়র অফিসার: ১২]
ক. ভারত - পাকিস্তান খ. নেপাল - ভারত গ. ভারত - বাংলাদেশ ঘ. পাকিস্তান - আফগানিস্তান **উত্তর: ঘ**

৪৯. **সেন্ট বার্নার্ড গিরিপথ কোথায়?** [শ্রম অধিদপ্তরের রেজিস্ট্রার: ০০]
ক. কলোরাডো, যুক্তরাষ্ট্র খ. আল্পস, অস্ট্রেলিয়া গ. কাবুল, আফগানিস্তান ঘ. আল্পস, সুইজারল্যান্ড **উত্তর: ঘ**

৫০. **দুই পাহাড়ের মাঝখানের তুলনামুলক সমতল ভূমিকে বলা হয়** - [বিএডিসি'র উপ-সহকারী কৃষি কর্মকর্তা: ২১]
ক. চূড়া খ. গিরিঙ্গম গ. পর্বতশৃঙ্গ ঘ. উপত্যকা **উত্তর: ঘ**
ব্যাখ্যা: দুই দিকে পাহাড় বা পর্বতের মধ্যবর্তী বিস্তীর্ণ এলাকাকে উপত্যকা বলে। যেমন- সোয়াত (পাকিস্তান), গিলগিত (পাকিস্তান), হুনজা (পাকিস্তান), মৃত্যু উপত্যকা (যুক্তরাষ্ট্র), তিব্বত (চীন), ভ্যালি অব দ্য কিংস (মিশর), ভ্যালি অব দ্য সান (যুক্তরাষ্ট্র) ইত্যাদি।

CamScanner

৫১. **তিব্বত একটি -** [৪৫তম বিসিএস]
ক. উপত্যকা খ. উপদ্বীপ গ. দ্বীপ ঘ. মরুভূমি **উত্তর: ক**

৫২. **সোয়াত উপত্যকা কোন দেশে অবস্থিত?** [বিআইডব্লিউটিএ'র অফিস সহায়ক: ১০]
ক. আফগানিস্তান খ. ভারত গ. পাকিস্তান ঘ. ইরান **উত্তর: গ**

৫৩. **মৃত্যু উপত্যকা কোথায় অবস্থিত? / বিখ্যাত 'ডেথ ভ্যালি' কোথায় অবস্থিত? / The Death Velly is situated in -** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৫]
ক. হারারে, জিম্বাবুয়ে খ. ব্রাসিলিয়া, ব্রাজিল গ. ক্যালিফোর্নিয়া, যুক্তরাষ্ট্র ঘ. অটোয়া, কানাডা **উত্তর: গ**

বন ও বনাঞ্চল

০১. **বিশ্বের সবচেয়ে চিরহরিৎ বনাঞ্চল কোনটি? / পৃথিবীর বৃহত্তম বন কোনটি / পৃথিবীর বৃহত্তম বৃষ্টিপ্রধান বনাঞ্চল কোনটি?** [বন ও পরিবেশ অধিদপ্তরের ফরেস্ট অফিসার: ২৩]
ক. সুন্দরবন খ. কঙ্গো ফরেস্ট গ. আমাজন ফরেস্ট ঘ. সাভানা **উত্তর: গ**

০২. **আমাজন বনভূমি কোন ধরণের বনভূমি?** [এনএসআই'র সহকারী পরিচালক: ১৯]
ক. ম্যানগ্রোভ খ. ঘনবর্ষণ বনাঞ্চল গ. উপক্রান্তীয় ঘনবর্ষণ বনাঞ্চল ঘ. গ্রীষ্মমন্ডলীয় ঘনবর্ষণ বনাঞ্চল **উত্তর: ঘ**

০৩. **আমাজন অববাহিকার ক্রান্তীয় বনভূমি হলো -** [জাতীয় বিশ্ববিদ্যালয়ের সেকশন অফিসার: ১৭]
ক. সাভানা খ. প্রেইরি গ. পাম্পাস ঘ. সেলভাস **উত্তর: ঘ**

০৪. **কোন বনাঞ্চল হতে পৃথিবীর অক্সিজেনের সর্বোচ্চ যোগান আসে?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক: ১৯]
ক. সুন্দরবন খ. ডেনড্রি গ. কঙ্গো রেইনফরেস্ট ঘ. আমাজন **উত্তর: ঘ**

০৫. **কোন বনভূমিকে পৃথিবীর ফুসফুস বলা হয়?** [ডিটিসিএ'র সহকারী পরিচালক: ১৯]
ক. সুন্দরবন খ. মিয়োম্ব গ. আমাজন ঘ. ডেইনড্রি রেইন ফরেস্ট **উত্তর: গ**

০৬. **পৃথিবীর ফুসফুস খ্যাত আমাজন বনভূমির আয়তন কত?** [ববিপ্রবি: ১৯-২০]
ক. ৭৭ লাখ বর্গ কি.মি. খ. ৭০ লাখ বর্গ কি.মি. গ. ৫৫ লাখ বর্গ কি.মি. ঘ. ৬৬ লাখ বর্গ কি.মি. **উত্তর: গ**

০৭. **আমাজন ফরেস্ট কোন মহাদেশে অবস্থিত?** [জেলা প্রশাসকের কার্যালয়ের নাজির: ২০]
ক. অস্ট্রেলিয়া খ. দক্ষিণ আমেরিকা গ. এশিয়া ঘ. ইউরোপ **উত্তর: খ**

০৮. **আমাজন বনের মোট আয়তনের ৬০ শতাংশ কোন দেশে অবস্থিত?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক: ১৯]
ক. কলম্বিয়া খ. ব্রাজিল গ. বলিভিয়া ঘ. পেরু **উত্তর: খ**

০৯. **কোন দেশে পৃথিবীর বৃহত্তম বৃষ্টিপ্রধান বনাঞ্চল অবস্থিত?** [রাকাব'র অফিসার: ১০]
ক. অস্ট্রেলিয়া খ. ব্রাজিল গ. বাংলাদেশ ঘ. জাপান **উত্তর: খ**

১০. **নিচের কোন দেশটি আমাজন বনাঞ্চলের অর্ন্তভুক্ত নয়?** [ঢাবি: ১৯-২০]
ক. ব্রাজিল খ. পেরু গ. আর্জেন্টিনা ঘ. বলিভিয়া **উত্তর: গ**

১১. **নিচের কোন দেশটিতে সর্বাধিক ম্যানগ্রোভ বন রয়েছে?** [বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের এস্টিমেটর: ২০]
ক. ব্রাজিল খ. বাংলাদেশ গ. ইন্দোনেশিয়া ঘ. ভারত **উত্তর: গ**

১২. **নিম্নের কোনটি ওরিয়েন্টাল অঞ্চলের অন্তর্ভুক্ত?** [ডেন্টাল: ০৩-০৪]
ক. ইউরোপ খ. গ্রিনল্যান্ড গ. উত্তর আমেরিকা ঘ. দক্ষিণ পূর্ব-এশিয়া **উত্তর: ঘ**

১৩. **রুটির ঝুড়ি বলা হয় - / পৃথিবীর কোন অঞ্চলে সবচেয়ে বেশি গম উৎপাদিত হয়?** [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১৫]
ক. সাইবেরিয়া খ. ভ্যাংকুভার অঞ্চল গ. প্রেইরি অঞ্চল ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

১৪. **আফ্রিকার সাব-সাহারা অঞ্চলকে কী নামে অভিহিত করা হয়?** [৩৮তম বিসিএস]
ক. সাভানা খ. তুন্দ্রা গ. প্রেইরি ঘ. সাহেল **উত্তর: ক, ঘ**

১৫. **নিচের কোনটি তৃণ ও বৃক্ষ আচ্ছাদিত বনভূমি?** [আইএফআইসি ব্যাংকের এমটিও: ১৩]
ক. সাভানা খ. তৈগা গ. পাম্পাস ঘ. প্রেইরি **উত্তর: ক**

১৬. **তুন্দ্রা অঞ্চল কোন দেশে অবস্থিত?** [ডাক বিভাগের এস্টিমেটর: ১৮]
ক. রাশিয়া খ. চীন গ. মার্কিন যুক্তরাষ্ট্র ঘ. ব্রাজিল **উত্তর: ক**

১৭. **নিচের কোন দেশের সাথে আর্কটিকের বৃহত্তম সীমান্ত রয়েছে?** [প্রতিরক্ষা মন্ত্রনালয়ের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. আমেরিকা খ. নরওয়ে গ. কানাডা ঘ. রাশিয়া **উত্তর: ঘ**

পরিবেশ সম্মেলন

০১. **বিশ্বের প্রথম পরিবেশ বিষয়ক সম্মেলন কোনটি?** [ব্র্যাক ব্যাংকের এমটিও: ০৬]
ক. রামসার কনভেনশন খ. গ্লাসগো সম্মেলন গ. ধরিত্রী সম্মেলন ঘ. কপ সম্মেলন **উত্তর: ক**

০২. **বাংলাদেশে কয়টি রামসার স্থান রয়েছে? / বাংলাদেশে কয়টি রামসার সাইট রয়েছে?** [এবি ব্যাংকের এমটিও: ০৮]
ক. ৫ টি খ. ৪ টি গ. ৩ টি ঘ. ২ টি (সুন্দরবন ও টাঙ্গুয়ার হাওর) **উত্তর: ঘ**

CamScanner

০৩. **বিশ্বের প্রথম পরিবেশ সম্মেলন - / প্রথম পরিবেশ বিষয়ক সম্মেলন অনুষ্ঠিত হয় - / জাতিসংঘের উদ্যোগে প্রথম পরিবেশ বিষয়ক সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?** [নির্বাচন কমিশন সচিবালয়ের প্রশাসনিক কর্মকর্তা: ০৪]
ক. নিউইয়র্ক খ. স্টকহোম গ. বেইজিং ঘ. রিও ডি জেনিরো **উত্তর: খ**

০৪. **ধরিত্রী সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়? / Earth Summit কোথায় অনুষ্ঠিত হয়?** [৩৭তম বিসিএস]
ক. নাইরোবি, কেনিয়া খ. ওয়াশিংটন, যুক্তরাষ্ট্র গ. রোম, ইতালি ঘ. রিও ডি জেনিরো, ব্রাজিল **উত্তর: ঘ**

০৫. **রিও ডি জেনিরোতে অনুষ্ঠিত ধরিত্রী সম্মেলনে কয়টি দেশের প্রতিনিধি অংশগ্রহণ করেছিলেন?** [১৫তম বিসিএস]
ক. ১৫০ টি খ. ১৫৬ টি গ. ১৭৮ টি ঘ. ১৭৯ টি **উত্তর: গ**

০৬. **এজেন্ডা-২১ বিষয়বস্তু কী?** [ডিটিসিএ'র সহকারী পরিচালক: ২৩]
ক. পরমাণু খ. পরিবেশ গ. নারী ঘ. সন্ত্রাসবাদ **উত্তর: খ**

০৭. **এজেন্ডা-২১ কোন বিশ্ব সংস্থা গ্রহণ করে?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৫]
ক. UN খ. Word Bnak গ. ADB ঘ. WTO **উত্তর: ক**

০৮. **Conference of the parties (COP) সম্মেলনের আয়োজন করে কোনটি?** [৩৮তম বিসিএস]
ক. WFP খ. WIPO গ. WHO ঘ. UNFCCC **উত্তর: ঘ**

০৯. **'কপ সম্মেলন' কিসের সাথে সম্পর্কিত? / 'কপ-২১ সম্মেলন' কিসের সাথে সম্পর্কিত?** [সামরিক ভূমি অধিদপ্তরের জুনিয়র শিক্ষক: ২৩]
ক. বিশ্ব পরিবেশ পরিবর্তন খ. বিশ্ব সন্ত্রাসবাদ গ. দারিদ্র্য বিমোচন ঘ. নিরস্ত্রীকরণ **উত্তর: ক**

১০. **১৯৯৫ সালে কোথায় প্রথম কপ সম্মেলন অনুষ্ঠিত হয়?** [পল্লী উন্নয়ন বোর্ডের সহকারী পরিচালক: ২১]
ক. জার্মানি বার্লিন খ. ফ্রান্সের প্যারিস গ. যুক্তরাজ্যের গ্লাসগো ঘ. নেদারল্যান্ডের হেগ **উত্তর: ক**

১১. **COP-26 এ COP মানে কী?** [৪৪তম বিসিএস]
ক. কনফারেন্স অব প্যারিস খ. কনফারেন্স অব পাওয়ার গ. কনফারেন্স অব প্রটোকল ঘ. কনফারেন্স অব দ্য পার্টিস **উত্তর: ঘ**

১২. **২০২৩ সালের কপ-২৮ শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হবে –** [খাদ্য অধিদপ্তরের স্প্রেম্যান: ২২]
ক. স্কটল্যান্ড খ. চীন গ. ফ্রান্স ঘ. সংযুক্ত আরব আমিরাত (কপ-২৭ অনুষ্ঠিত: মিশর) **উত্তর: ঘ**

১৩. **২০২৪ সালের কপ-২৯ শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হবে –** [বিএসসি'র অফিসার (ক্যাশ): ২২]
ক. স্কটল্যান্ড খ. চীন গ. মিশর ঘ. অস্ট্রেলিয়া (২০২৫ সালে কপ-৩০: ব্রাজিল) **উত্তর: ঘ**

১৪. **United Nations Framework Convention on Climate Change (UNFCCC) এর মূল আলোচ্য বিষয় - / UNFCCC এর মূল আলোচ্য বিষয় -** [৪৩তম বিসিএস]
ক. সমুদ্রের উচ্চতা বৃদ্ধি খ. গ্রিন হাউস গ্যাসের নিঃসরণ ও প্রশমন
গ. জীবাশ্ম জ্বালানীর ব্যবহার নিয়ন্ত্রণ ঘ. বৈশ্বিক মরুকরণ প্রক্রিয়া এবং বনায়ণ **উত্তর: খ**

১৫. **তৃতীয় বিশ্ব জলবায়ু সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?** [জারাবো'র সহকারী রাজস্ব কর্মকর্তা: ১৫]
ক. জেনেভা খ. কোপেন হেগেন গ. নিউইয়র্ক ঘ. হেগ **উত্তর: ক**

১৬. **ওজন স্তরের সুরক্ষা ও সংরক্ষণের জন্য নিচের কোন সনদ স্বাক্ষরিত হয়?** [এনএসআই'র সহকারী পরিচালক: ১৯]
ক. কিয়াটো প্রটোকল খ. ভিয়েনা কনভেনশন গ. বাসেল কনভেনশন ঘ. কার্টাগেনা প্রটোকল **উত্তর: খ**

পরিবেশ বিষয়ক প্রটোকল

০১. **১৯৮৭ সালে স্বাক্ষরিত মন্ট্রিল প্রটোকলের বিষয়বস্তু কী ছিল?** [প্রত্নতত্ত্ব অধিদপ্তরের সহকারী কাস্টোডিয়ান: ২৩]
ক. পরমাণু খ. পরিবেশ গ. নিরস্ত্রীকরণ ঘ. বাণিজ্য **উত্তর: খ**

০২. **মন্ট্রিল প্রটোকল কিসের সাথে সম্পর্কিত?** [সিজিএস কার্যালয়ের অডিটর: ২১]
ক. সাদা বাঘ খ. পানি দূষণ গ. ভূমি ক্ষয় ঘ. ক্লোরো ফ্লুরো কার্বন **উত্তর: ঘ**

০৩. **১৯৮৯ সালে থেকে ওজোনস্তর বিষয়ক মন্ট্রিল প্রটোকল কতবার সংশোধন করা হয়?** [৩৫তম বিসিএস]
ক. ৫ খ. ৪ গ. ৮ ঘ. ৭ **উত্তর: ক**

০৪. **ক্রমহ্রাসমান হারে ওজোনস্তর ক্ষরকারী উপাদান বিলীনের বিষয়টি কোন চুক্তিতে বলা হয়েছে?** [৩৮তম বিসিএস]
ক. মন্ট্রিল প্রটোকল খ. কার্বন চুক্তি গ. আইপিসিসি চুক্তি ঘ. কোনোটিই নয় **উত্তর: ক**

০৫. **মন্ট্রিল প্রটোকল হলো -** [বেবিচকের সিনিয়র অফিসার: ২১]
ক. ভ্যাট সংক্রান্ত একটি আন্তর্জাতিক বাণিজ্য চুক্তি খ. যুদ্ধবিরতিকল্পে প্রণীত আন্তর্জাতি চুক্তি
গ. ওজোনস্তর রক্ষা করার জন্য একটি আন্তর্জাতিক চুক্তি ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

০৬. **প্যারিস চুক্তি হলো - / Paris Agreement হলো -** [বিবিএস'র পরিসংখ্যান সহকারী: ২১]
ক. শান্তি সমঝোতা খ. পারমাণবিক নিরস্ত্রীকরণ সমঝোতা
গ. অস্ত্র নিয়ন্ত্রণ সমঝোতা ঘ. জলবায়ু পরিবর্তন সংক্রান্ত সমঝোতা **উত্তর: ঘ**

০৭. **জলবায়ু সংক্রান্ত চুক্তি কোথায় স্বাক্ষরিত হয়?** [গণপূর্ত অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী: ১৭]
ক. প্যারিস খ. লন্ডন গ. তেহরান ঘ. টোকিও **উত্তর: ক**

CamScanner

০৮. **প্যারিস জলবায়ু চুক্তিতে বাংলাদেশ স্বাক্ষর দেয় –** [এনএসআই'র সহকারী পরিচালক: ১৭]
ক. ২১ এপ্রিল, ২০১৫ খ. ২১ এপ্রিল, ২০১৬ গ. ২২ এপ্রিল, ২০১৫ ঘ. ২২ এপ্রিল, ২০১৬ **উত্তর: ঘ**

০৯. **২০১৫ সালের প্যারিস চুক্তির সাথে সম্পর্কিত বিষয়বস্তু হলো –** [৪১তম বিসিএস]
ক. আপদ ঝুঁকি হ্রাস খ. জলবায়ু পরিবর্তন হ্রাস গ. জনসংখ্যা বৃদ্ধি হ্রাস ঘ. সমুদ্র পরিবহণ ব্যবস্থাপনা **উত্তর: খ**

১০. **কিয়োটো প্রটোকল কখন স্বাক্ষরিত হয়?** [সমাজসেবা অধিদপ্তরের ফিল্ড সুপারভাইজার: ১৭]
ক. ১১ ডিসেম্বর, ১৯৯৭ খ. ১৭ মার্চ, ১৯৯৭ গ. ১৫ জুন, ১৯৯২ ঘ. ৭ অক্টোবর, ২০০১ **উত্তর: ক**

১১. **গ্রিনহাউজ গ্যাসসমূহ নিঃসরণ নিয়ন্ত্রণ সংক্রান্ত চুক্তি 'The Kyoto Protocol' জাতিসংঘ কর্তৃক কত সালে গৃহীত হয়?** [৪২তম বিসিএস]
ক. ১৯৯৭ খ. ১৯৯৯ গ. ২০০৩ ঘ. ২০০৪ **উত্তর: ক**

১২. **পরিবেশ বিষয়ক কিয়াটো প্রটোকল কোন দেশে স্বাক্ষরিত হয়?** [বিআরটিএ'র মোটরযান পরিদর্শক: ১৭]
ক. জাপান খ. রাশিয়া গ. বাংলাদেশ ঘ. ভারত **উত্তর: ক**

১৩. **বিশ্বের উষ্ণতা রোধের জন্য স্বাক্ষরিত চুক্তি –** [বিকেবি'র অফিসার (ক্যাশ): ১১]
ক. জেনেভা চুক্তি খ. কিয়োটো চুক্তি গ. সিটিবিটি ঘ. রোম চুক্তি **উত্তর: খ**

১৪. **গ্রিনহাউজ গ্যাস হ্রাস সংক্রান্ত চুক্তি কোনটি?** [বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. ব্যাসল কনভেনশন খ. কার্টাগেনা প্রটোকল গ. কিয়াটো প্রটোকল ঘ. মন্ট্রিল প্রটোকল **উত্তর: গ**

১৫. **কিয়াটো প্রটোকল কিসের সাথে সম্পর্কিত?** [বিএমইটি'র কম্পিউটার অপারেটর: ২৩]
ক. শান্তি খ. পরিবেশ গ. কৃষি ঘ. বাণিজ্য **উত্তর: খ**

১৬. **কিয়াটো চুক্তির গুরুত্বের বিষয় কী ছিল?** [জনপ্রশাসন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ১৫]
ক. জনসংখ্যা হ্রাস খ. দারিদ্র হ্রাস গ. নিরস্ত্রীকরণ ঘ. বিশ্ব উষ্ণতা হ্রাস **উত্তর: ঘ**

১৭. **কিয়াটো প্রটোকলের লক্ষ্য কী?** [বিআরইবি'র মিটার টেস্টার: ২৩]
ক. যানজট কমানো খ. আলোর ব্যবহার কমানো গ. সীসার ব্যবহার কমানো ঘ. CO_2 এর নিঃসরণ কমানো **উত্তর: ঘ**

১৮. **কিয়োটো প্রটোকল, ১৯৯৭ কী?** [বিএসটিআই'র ফিল্ড অফিসার: ১০]
ক. ব্যবসা বাণিজ্য সংক্রান্ত চুক্তি খ. কৃষি ভর্তুকি হ্রাস করা সংক্রান্ত চুক্তি
গ. গভীর সমুদ্রে মাছ ধরা সংক্রান্ত চুক্তি ঘ. গ্রিন হাউস গ্যাস নির্গমন হ্রাস সংক্রান্ত একটি চুক্তি **উত্তর: ঘ**

১৯. **নিচের কোনটি থেকে কার্বন ক্রেডিট ধারণাটির উৎপত্তি হয়?** [ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংকের অফিসার: ১৪]
ক. ধরিত্রী সম্মেলন খ. কার্টাগেনা প্রটোকল গ. কিয়াটো প্রটোকল ঘ. মন্ট্রিল প্রটোকল **উত্তর: গ**

২০. **বিশ্বের উষ্ণতা রোধে কোন ফোরামকে কার্বন সনদ হিসেবে মনে করা হতো?** [অগ্রণী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৩]
ক. ধরিত্রী সম্মেলন খ. কিয়াটো প্রটোকল গ. মন্ট্রিল প্রটোকল ঘ. কমনওয়েলথ **উত্তর: খ**

২১. **কোন দেশটি কিয়োটো প্রটোকল থেকে নিজেকে প্রত্যাহার করে নিয়েছে?** [ঢাবি: ০৪-০৫]
ক. মার্কিন যুক্তরাষ্ট্র খ. জাপান গ. ফ্রান্স ঘ. কানাডা **উত্তর: ক**

২২. **কার্টাগেনা প্রটোকল হচ্ছে –** [৩৫তম বিসিএস]
ক. জাতিসংঘের যুদ্ধ মোকাবেলা সংক্রান্ত চুক্তি খ. জাতিসংঘের শিশু অধিকার বিষয়ক চুক্তি
গ. জাতিসংঘের নারী অধিকার বিষয়ক প্রটোকল ঘ. জাতিসংঘের জৈব নিরাপত্তা বিষয়ক চুক্তি **উত্তর: ঘ**

২৩. **কত সালে কার্টাগেনা প্রটোকল স্বাক্ষরিত হয়?** [৪২তম বিসিএস]
ক. ২০০০ খ. ২০০১ গ. ২০০৩ ঘ. ২০০৫ **উত্তর: ক**

২৪. **যে দেশে জলবায়ু সংক্রান্ত আইন প্রথম প্রণীত হয়েছিল –** [বিআইডব্লিউটিএ'র সহকারী পরিচালক: ২৩]
ক. গ্রেট ব্রিটেন খ. ভারত গ. কানাডা ঘ. অস্ট্রেলিয়া **উত্তর: ক**

জাতিসংঘের পরিবেশ সংস্থা

০১. **পরিবেশ রক্ষাকারী জাতিসংঘের সংগঠন কোনটি?** [কর্মসংস্থান ব্যাংকের ডাটা এন্ট্রি অপারেটর: ২৩]
ক. UNICEF খ. UNEP গ. UNDP ঘ. UNESCO **উত্তর: খ**

০২. **United Nations Environment Programme (UNEP) এর সদর দপ্তর কোন দেশে অবস্থিত?** [মাউশি অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]
ক. ইতালি খ. ইন্দোনেশিয়া গ. নিউজিল্যান্ড ঘ. নাইরোবি, কেনিয়া **উত্তর: ঘ**

০৩. **জাতিসংঘের কোন অঙ্গসংগঠন কর্তৃক 'চ্যাম্পিয়ন্স অব দ্য আর্থ' পুরস্কার প্রবর্তিত হয়?** [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার: ১৭]
ক. UNDP খ. UNESCO গ. WHO ঘ. UNEP **উত্তর: ঘ**

০৪. **কোন বিষয়ে অবদানের জন্য ২০১৫ সালের ২৭ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে 'চ্যাম্পিয়ন অব দ্য আর্থ' পুরস্কার প্রদান করা হয়েছে?** [সহকারী থানা / উপজেলা শিক্ষা কর্মকর্তা: ১৬]
ক. স্বাস্থ্য খ. নারী উন্নয়ন গ. পরিবেশ / জলবায়ু পরিবর্তন ঘ. প্রতিবন্ধী কল্যাণ **উত্তর: গ**

০৫. **জাতিসংঘের 'চ্যাম্পিয়ন অব দ্য আর্থ' খেতাবপ্রাপ্ত কে?** [৩৯তম বিসিএস]
ক. থেরেসা মে খ. অ্যাঞ্জেলা মার্কেল গ. শেখ হাসিনা ঘ. হিলারি ক্লিনটন **উত্তর: গ**

CamScanner

০৬. **মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে 'চ্যাম্পিয়ন অব দ্য আর্থ' পুরস্কার প্রদানকারী সংস্থার নাম - / 'চ্যাম্পিয়ন অব দ্য আর্থ' পুরস্কার প্রদানকারী সংস্থার নাম কী?** [যবিপ্রবি: ১৬-১৭]
ক. GAVI খ. UNEP গ. UNICEF ঘ. UNDP **উত্তর: খ**

০৭. **প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘের পরিবেশ বিষয়ে সর্বোচ্চ সম্মাননা 'চ্যাম্পিয়ন অব দ্য আর্থ' খেতাবে ভূষিত হোন - / প্রধানমন্ত্রী শেখ হাসিনা কবে 'চ্যাম্পিয়ন অব দ্য আর্থ' খেতাবে ভূষিত হোন?** [জনতা ব্যাংকের অফিসার (আইটি): ২০]
ক. ২০১৫ খ. ২০১৭ গ. ২০১৮ ঘ. ২০১৯ **উত্তর: ক**

০৮. **কত তারিখে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'চ্যাম্পিয়ন অব দ্য আর্থ' পুরস্কার গ্রহণ করেন?** [ইবি: ১৫-১৬]
ক. ২৫ সেপ্টেম্বর, ২০১৫ খ. ২৭ সেপ্টেম্বর, ২০১৫ গ. ২৮ সেপ্টেম্বর, ২০১৫ ঘ. ৩০ সেপ্টেম্বর, ২০১৫ **উত্তর: খ**

০৯. **কোন ক্ষেত্রে অবদানের জন্য 'গ্লোবাল ৫০০ রোল অফ অনার' পুরস্কারে ভূষিত করা হয়?** [সাউথইস্ট ব্যাংকের অফিসার: ১৮]
ক. এইডসবিরোধী প্রচারণা খ. পরিবেশ রক্ষা গ. নিরক্ষরতা দূরীকরণ ঘ. জনসংখ্যা নিয়ন্ত্রণ **উত্তর: খ**

১০. **IPCC একটি -** [প্রাণিসম্পদ অধিদপ্তরের মাঠ সহকারী: ০৭]
ক. সার্কের অর্থনৈতিক সংস্থা খ. সার্কের পরিবেশবাদী সংস্থা
গ. জাতিসংঘের অর্থনৈতিক সংস্থা ঘ. জাতিসংঘের পরিবেশবাদী সংস্থা **উত্তর: ঘ**

১১. **জলবায়ু পরিবর্তন বিষয়ক বিশ্বের সর্বোচ্চ সংস্থা কোনটি?** [৮ম প্রভাষক নিবন্ধন]
ক. IUCN খ. IPCC গ. UNOCC ঘ. SANDEE **উত্তর: খ**

১২. **IPCC এর পূর্ণরূপ কী?** [জবি: ১৪-১৫]
ক. International Population Control Council খ. International Poverty Control Commission
গ. International Postal Control and Conduct ঘ. Intergovernmental Panel on Climate Change **উত্তর: ঘ**

১৩. **নিচের কোন সংস্থাটি পরিবেশ সম্পর্কিত?** [সোনালী ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৯]
ক. OIC খ. MIGA গ. IPCC ঘ. WMO **উত্তর: গ**

১৪. **জাতিসংঘ পরিবেশ বিষয়ক সংস্থা ও জলবায়ু বিষয়ক সংস্থার মিলিত উদ্যোগে প্রতিষ্ঠা লাভ করে?** [৩৭তম বিসিএস]
ক. IPCC খ. COP 21 গ. গ্রিন পিস ঘ. ভিয়েনা ক্লাব **উত্তর: ক**

১৫. **কোন সম্মেলনে গ্রিন ক্লাইমেট ফান্ড গঠনের অঙ্গীকার করা হয়?** [এনএসআই'র সহকারী পরিচালক: ১৫]
ক. বার্লিন সম্মেলন খ. কানকুন সম্মেলন গ. কোপেন হেগেন সম্মেলন ঘ. ডারবান সম্মেলন **উত্তর: গ**

১৬. **জলবায়ু পরিবর্তন রোধে গঠিত গ্রিন ক্লাইমেট ফান্ড এর সদর দপ্তর কোথায়?** [যবিপ্রবি: ১৯-২০]
ক. জাপান খ. যুক্তরাজ্য গ. ফ্রান্স ঘ. দক্ষিণ কোরিয়া **উত্তর: ঘ**

১৭. **জলবায়ু পরিবর্তন মোকাবেলায় গ্রিন ক্লাইমেট ফান্ড বিশ্বের দরিদ্র দেশগুলোর জন্য কত অর্থ মঞ্জুর করেছে?** [৩৬তম বিসিএস]
ক. ৮০ বিলিয়ন ডলার খ. ১০০ বিলিয়ন ডলার গ. ১৫০ বিলিয়ন ডলার ঘ. ২০০ বিলিয়ন ডলার **উত্তর: খ**

১৮. **বিশ্বব্যাংক অনুযায়ী ভবিষ্যতের জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব মোকাবেলায় বিশ্ব সাহায্যের কত শতাংশ বাংলাদেশকে প্রদান করবে?** [৩৬তম বিসিএস]
ক. ৩০% খ. ৪০% গ. ৫০% ঘ. ৬০% **উত্তর: ক**

১৯. **Climate Vulnerable Forum (CVF) এর বর্তমান সভাপতি কে?** [ডেসকো'র সুপারভাইজার: ১৯]
ক. নরেন্দ্র মোদি (ভারত) খ. শিনজো অ্যাবে (জাপান) গ. জো বাইডেন (যুক্তরাষ্ট্র) ঘ. নানা আকুফো আদ্দো (ঘানা) **উত্তর: ঘ**

২০. **ঘানার সভাপতি হওয়ার পূর্বে Climate Vulnerable Forum (CVF) এর সভাপতি ছিল -** [৪২তম বিসিএস]
ক. মালদ্বীপ খ. গ্রানাডা গ. বাহামা ঘ. বাংলাদেশ **উত্তর: ঘ**

পরিবেশ বিষয়ক সংগঠন

০১. **পরিবেশ আন্দোলনের সূচনাকারী কে?** [বেসিক ব্যাংকের সহকারী ব্যবস্থাপক: ১৮]
ক. হেনরি ডেভিড হিরো খ. ম্যাকিয়াভেলি গ. অ্যাডাম স্মিথ ঘ. পি. স্যামুয়েলসন **উত্তর: ক**

০২. **'Fridays for Future' কী ধরণের আন্দোলন?** [যবিপ্রবি: ১৯-২০]
ক. ভাষা রক্ষা খ. পরিবেশবাদী গ. সাংস্কৃতিক ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

০৩. **মিস আর্থ প্রতিযোগিতার উদ্দেশ্য কী?** [রাবি: ১৭-১৮]
ক. নারী সচেতনতা বৃদ্ধি খ.সামাজিক সচেতনতা বৃদ্ধি গ. স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি ঘ. পরিবেশ সচেতনতা বৃদ্ধি **উত্তর: ঘ**

০৪. **কখন এবং কোথায় International Union for Conservation of Nature (IUCN) প্রতিষ্ঠিত হয়?** [৪৪তম বিসিএস]
ক. ১৯৪৮, ফ্রান্স খ. ১৯৪৯, সুইজারল্যান্ড গ. ১৯৫২, লন্ডন ঘ. ১৯৬১, রোম **উত্তর: ক**

০৫. **IUCN এর কাজ হলো বিশ্বব্যাপী -** [৪২তম বিসিএস]
ক. পানি সম্পদ সংরক্ষণ করা খ. মানবাধিকার সংরক্ষণ করা গ. প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ করা ঘ. আন্তর্জাতিক সন্ত্রাস দমন করা **উত্তর: গ**

০৬. **প্রকৃতি ও প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ সংস্থার প্রথম অধিবেশন কোথায় অনুষ্ঠিত হয়?** [১৩তম বিসিএস]
ক. নাগাসাকি, জাপান খ. ক্যানবেরা, অস্ট্রেলিয়া গ. ভ্যানকুভার, কানাডা ঘ. ফন্টেইনব্লিউ, ফ্রান্স **উত্তর: ঘ**

CamScanner

০৭. **কবে উত্তর আমেরিকায় গ্রিন পিস সংগঠনটি গঠিত হয়? / গ্রিন পিস সংগঠনটি গঠিত হয়** - [জেলা প্রশাসকের কার্যালয়ের ইউনিয়ন পরিষদ সচিব: ২৩]
ক. ১৯৭১ খ. ১৯৭২ গ. ১৯৮২ ঘ. ১৯৮১ **উত্তর: ক**

০৮. **গ্রিন পিস কী? / গ্রিন পিস কোন ধরণের সংগঠন?** [প্রত্নতত্ত্ব অধিদপ্তরের সহকারী কাস্টোডিয়ান: ২৩]
ক. জাতীয়তাবাদী সংগঠন খ. রাজনৈতিক সংগঠন গ. মানবতাবাদী সংগঠন ঘ. পরিবেশবাদী সংগঠন **উত্তর: ঘ**

০৯. **আন্তর্জাতিক পরিবেশবাদী গ্রুপ 'গ্রিন পিস' এর দপ্তর কোথায়? / বিখ্যাত গ্রিন পিস কোন দেশের পরিবেশবাদী সংস্থা?** [বাংলাদেশ গ্যাস ফিল্ডের উপ-সহকারী প্রকৌশলী: ২১]
ক. লন্ডন, যুক্তরাজ্য খ. প্যারিস, ফ্রান্স গ. আমস্টারডাম, নেদারল্যান্ড ঘ. জেনেভা, সুইজারল্যান্ড **উত্তর: গ**

১০. **V20 গ্রুপ কিসের সাথে সম্পর্কিত?** [৪০তম বিসিএস]
ক. কৃষি উন্নয়ন খ. দারিদ্র্য বিমোচন গ. জলবায়ু পরিবর্তন ঘ. বিনিয়োগ **উত্তর: গ**

১১. **ওয়াশিংটনভিত্তিক WRI কী? / যুক্তরাষ্ট্রের ওয়াশিংটনভিত্তিক ওয়ার্ল্ড রিসোর্স ইনস্টিটিউট কী?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০০]
ক. জাতিসংঘের পরিবেশ বিষয়ক কর্মসূচি খ. বন সম্পর্কিত প্রতিষ্ঠান
গ. জাতিসংঘের পরিবেশ দূষণের বিরুদ্ধে গৃহীত কর্মসূচি ঘ. প্রকৃতি এবং প্রাকৃতিক সম্পদ সংরক্ষণের আন্তর্জাতিক গোষ্ঠী **উত্তর: ঘ**

১২. **ওয়ার্ল্ড ওয়াচ কী?** [প্রাণিসম্পদ অধিদপ্তরের মাঠ সহকারী: ০৭]
ক. পৃথিবীর প্রাচীনতম ঘড়ি খ. সময় পর্যবেক্ষণকারী সংস্থা গ. মস্কোর ঘণ্টা ঘ. ওয়াশিংটনভিত্তিক বিশ্ব পরিবেশ সংস্থা **উত্তর: ঘ**

১৩. **World Wildlife Fund (WWF) এর লোগোতে কোন প্রাণী রয়েছে? / 'ওয়ার্ল্ড ওয়াইড ফান্ড ফর ন্যাচার' এর লোগোতে কোন প্রাণী রয়েছে?** [পিকেবি'র সিনিয়র অফিসার: ২১]
ক. ডলফিন খ. ক্যাঙ্গারু গ. বাঘ ঘ. পান্ডা **উত্তর: ঘ**

১৪. **পৃথিবীর কোন দেশে বাঘ নেই?** [ডিএমএলসি'র সহকারী শিক্ষক: ২৩]
ক. ভারত খ. শ্রীলংকা গ. মিয়ামমার ঘ. থাইল্যান্ড **উত্তর: খ**
ব্যাখ্যা: বিশ্বের ১৩ টি দেশে বাঘ আছে। দেশগুলো হলো বাংলাদেশ, ভারত, মিয়ানমার, নেপাল, ভূটান, চীন, রাশিয়া, থাইল্যান্ড, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, কম্বোডিয়া, ভিয়েতনাম ও লাওস।

১৫. **কোন সংস্থা জ্বালানি সাশ্রয়ের মাধ্যমে জলবায়ু পরিবর্তনজনিত বিরূপ প্রভাব মোকাবেলায় বিশ্ববাসীকে সচেতন করার লক্ষ্যে অর্থ আওয়ার কর্মসূচি আয়োজন করে?** [স্ট্যান্ডার্ড ব্যাংকের এমটিও: ১৬]
ক. বিশ্বব্যাংক খ. ইউনেস্কো গ. গ্রিন পিস ঘ. ওয়ার্ল্ড ওয়াইড ফান্ড ফর ন্যাচার **উত্তর: ঘ**

১৬. **ই-৮ কী?** [পরিকল্পনা মন্ত্রণালয়ের ডাটা প্রসেসিং অপারেটর: ০৪]
ক. ৮টি গরীব দেশ খ. ৮টি ধনী দেশ গ. ৮টি শিল্পোন্নত দেশ ঘ. ৮টি পরিবেশ দূষণকারী দেশ **উত্তর: ঘ**

পরিবেশ সম্পর্কিত দিবস

০১. **বিশ্ব প্রাণী দিবস হচ্ছে** - [৩৫তম বিসিএস]
ক. ৪ অক্টোবর খ. ২৯ জুন গ. ২৩ অক্টোবর ঘ. ১১ ফেব্রুয়ারি **উত্তর: ক**

০২. **বিশ্ব বাঘ দিবস কবে পালিত হয়?** [জীবন বীমা কর্পোরেশনের অফিস সহকারী: ২১]
ক. ১৯ জুলাই খ. ২৯ জুলাই গ. ১ আগস্ট ঘ. ১ জুলাই **উত্তর: খ**

০৩. **বিশ্ব বন্যপ্রাণী দিবস দিবস কবে পালিত হয়?** [এসআইবিএল'র প্রবেশনারী অফিসার: ২১]
ক. ৭ ফেব্রুয়ারি খ. ৩ মার্চ গ. ১৮ এপ্রিল ঘ. ৭ ডিসেম্বর **উত্তর: খ**

০৪. **আন্তর্জাতিক বন দিবস কবে উদযাপিত হয়?** [বন অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২৩]
ক. ২১ মার্চ খ. ২১ আগস্ট গ. ৩১ মার্চ ঘ. ৩১ ডিসেম্বর **উত্তর: ক**

০৫. **আন্তর্জাতিক জীববৈচিত্র্য দিবস** - [বন অধিদপ্তরের বন প্রহরী: ১৫]
ক. ২২ মার্চ খ. ২২ এপ্রিল গ. ২২ মে ঘ. ২২ জুন **উত্তর: গ**

০৬. **আন্তর্জাতিক ওজন দিবস পালিত হয়** - [বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ০১]
ক. ২২ জুলাই খ. ২৮ জুলাই গ. ১৭ আগস্ট ঘ. ১৬ সেপ্টেম্বর **উত্তর: ঘ**

০৭. **বিশ্ব পরিবেশ দিবস পালিত হয়** - [এনএসআই'র ওয়াচার কনস্টেবল: ২১]
ক. ১৭ জানুয়ারি খ. ১৫ আগস্ট গ. ৫ জুন ঘ. ২৪ মে **উত্তর: গ**

০৮. **২০২৩ সালের বিশ্ব পরিবেশ দিবসের প্রতিপাদ্য বিষয় কোনটি?** [৩৯তম বিসিএস]
ক. প্লাস্টিক দূষণকে পরাজিত করি খ. সবুজ বিশ্ব গড়ে তুলি
গ. প্রতিবেশ পুনরুদ্ধার, হোক সবার অঙ্গীকার ঘ. প্লাস্টিক দূষণের সমাধানে সামিল হই সকলে **উত্তর: ঘ**

০৯. **বিশ্ব ধরিত্রী দিবস কবে পালিত হয়? / International Mother Earth Day কবে পালিত হয়?** [৩৬তম বিসিএস]
ক. ১৮ এপ্রিল খ. ২০ এপ্রিল গ. ২২ এপ্রিল ঘ. ২৪ এপ্রিল **উত্তর: গ**

১০. **কোন ঘটনার কারণে ধরিত্রী দিবসের সূচনা হয়?** [ডিটিসিএ'র সহকারী পরিচালক: ২৩]
ক. ব্যাপক তেল নিঃসরণ খ. জলবায়ু পরিবর্তন গ. ব্যাপক বায়ু দূষণ ঘ. পারমাণবিক বিস্ফোরণ **উত্তর: ক**

CamScanner

অন্যান্য দিবস, বর্ষ ও দশক

০১. **বিশ্ব বেতার দিবস পালিত হয়** - [বাংলাদেশ বেতারের সহকারী সম্পাদক: ১৯]
ক. ১০ জানুয়ারি খ. ১৩ ফেব্রুয়ারি গ. ১৬ মে ঘ. ২৬ আগস্ট **উত্তর: খ**

০২. **বিশ্ব নারী দিবস কবে? / আন্তর্জাতিক নারী দিবস কবে?** [বিএডিসি'র সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা: ২২]
ক. ৭ মার্চ খ. ৮ মার্চ গ. ৮ এপ্রিল ঘ. ১৮ এপ্রিল **উত্তর: খ**

০৩. **৮ মার্চকে আন্তর্জাতিক নারী দিবস পালনের প্রস্তাব করেন** - [বেবিচকের প্রকিউরমেন্ট অফিসার: ২১]
ক. ক্রুপস্কায়া খ. কোলনতাই গ. রোজা লুক্সেমবার্গ ঘ. ক্লারা জেটকিন **উত্তর: ঘ**

০৪. **২০২৩ সালের আন্তর্জাতিক নারী দিবসের প্রতিপাদ্য কী ছিল?** [বেজা'র সহকারী ব্যবস্থাপক: ২০]
ক. একসাথে শান্তিতে রূপান্তর খ. নারীদের সহায়তা করুন
গ. প্রজন্ম হোক সমতার এবং সকল নারীর অধিকার ঘ. ডিজিটাল প্রযুক্তি ও উদ্ভাবন জেন্ডার বৈষম্য করবে নিরসন **উত্তর: ঘ**

০৫. **আন্তর্জাতিক ভোক্তা অধিকার দিবস** - [ইবি: ১৪-১৫]
ক. ৫ জানুয়ারি খ. ১০ মার্চ গ. ১৫ মার্চ ঘ. ৭ এপ্রিল **উত্তর: গ**

০৬. **আন্তর্জাতিক বর্ণবাদ বিরোধী দিবস কোনটি? / আন্তর্জাতিক বর্ণবৈষম্য বিলোপ দিবস কবে?** [খাদ্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ২১]
ক. ১ জানুয়ারি খ. ২১ মার্চ গ. ২১ মে ঘ. ৩০ জুন **উত্তর: খ**

০৭. **বিশ্ব পানি দিবস কবে পালিত হয়?** [এনএসআই'র জুনিয়র ফিল্ড অফিসার: ২১]
ক. ২১ জানুয়ারি খ. ২২ মার্চ গ. ২৩ অক্টোবর ঘ. ২৯ নভেম্বর **উত্তর: খ**

০৮. **বিশ্ব নাট্য দিবস** - [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৪]
ক. ১ জানুয়ারি খ. ২৭ মার্চ গ. ১১ অক্টোবর ঘ. ২ নভেম্বর **উত্তর: খ**

০৯. **বিশ্ব সমাজকর্ম দিবস কবে?** [সমাজসেবা অধিদপ্তরের ফিল্ড সুপারভাইজার: ১৮]
ক. মার্চ মাসের ১ম মঙ্গলবার খ. মার্চ মাসের ২য় মঙ্গলবার গ. মার্চ মাসের ৩য় মঙ্গলবার ঘ. মার্চ মাসের ৪র্থ মঙ্গলবার **উত্তর: গ**

১০. **বিশ্ব অটিজম দিবস কোনটি? / আন্তর্জাতিক অটিজম সচেতনতা দিবস কবে? / জাতিসংঘ ঘোষিত বিশ্ব অটিস্টিক সচেতনতা দিবস পালিত হয়** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২২]
ক. ২ ফেব্রুয়ারি খ. ২ এপ্রিল গ. ২ জুন ঘ. ২ জুলাই **উত্তর: খ**

১১. **বিশ্ব স্বাস্থ্য দিবস** - [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবারকল্যাণ পরিদর্শিকা: ২৩]
ক. ৭ মার্চ খ. ৬ এপ্রিল গ. ৭ এপ্রিল ঘ. ৭ সেপ্টেম্বর **উত্তর: গ**

১২. **World Intellectual Property Right Day - / বিশ্ব মেধাসম্পদ দিবস কবে? / বিশ্ব মেধাস্বত্ব দিবস কবে?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১২]
ক. ২৫ জানুয়ারি খ. ২৬ জানুয়ারি গ. ২৬ এপ্রিল ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

১৩. **আন্তর্জাতিক শ্রমিক দিবস - / মে দিবস কবে?** [১৫তম শিক্ষক নিবন্ধন]
ক. ১ জানুয়ারি খ. ৬ এপ্রিল গ. ৭ এপ্রিল ঘ. ১ মে **উত্তর: ঘ**

১৪. **কোন সাল থেকে বিশ্বব্যপী মে দিবস পালিত হয়ে আসছে** - [যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার: ১৮]
ক. ১৮৮৬ খ. ১৮৯০ গ. ১৯০০ ঘ. ১৯২৩ **উত্তর: খ**

১৫. **কোন শহরের শ্রমিক আন্দোলনের ঘটনাকে কেন্দ্র করে প্রতি বছর পহেলা মে শ্রমিক দিবস পালিত হয়** - [জাতীয় সংসদ সচিবালয়ের সহকারী সচিব: ৯৬]
ক. নিউইয়র্ক খ. মস্কো গ. শিকাগো ঘ. লেনিনগ্রাদ **উত্তর: গ**

১৬. **বিশ্ব সংবাদপত্র স্বাধীনতা দিবস** - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ২০]
ক. ১ জানুয়ারি খ. ২১ মার্চ গ. ৩ মে ঘ. ১০ নভেম্বর **উত্তর: গ**

১৭. **বিশ্ব রেডক্রস ও রেডক্রিসেন্ট দিবস পালিত হয় কবে?** [বিএসসি'র সিনিয়র অফিসার: ১৯]
ক. ৮ মে খ. ১৮ মে গ. ৮ জুন ঘ. ১৮ জুন **উত্তর: ক**

১৮. **আন্তর্জাতিক সেবিকা দিবস - / International Nurse Day কবে?** [স্বাস্থ্য মন্ত্রণালয়ের সিনিয়র স্টাফ নার্স: ১৭]
ক. ১২ জানুয়ারি খ. ১২ মে গ. ১২ অক্টোবর ঘ. ১২ ডিসেম্বর **উত্তর: খ**

১৯. **বিশ্ব মা দিবস কোনটি?** [মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৯]
ক. মে মাসের দ্বিতীয় রবিবার খ. জুন মাসের তৃতীয় রবিবার গ. জুলাই মাসের প্রথম রবিবার ঘ. অক্টোবর মাসের প্রথম রবিবার **উত্তর: ক**

২০. **বিশ্ব টেলিকমিউনিকেশন দিবস কবে?** [বিটিআরসি'র কম্পিউটার অপারেটর: ২১]
ক. ১০ এপ্রিল খ. ১৭ মে গ. ১৮ জুন ঘ. ১৯ ডিসেম্বর **উত্তর: খ**

২১. **আন্তর্জাতিক জাদুঘর দিবস** - [কর্মসংস্থান ব্যাংকের সহকারী অফিসার: ২৩]
ক. ১১ এপ্রিল খ. ১৮ মে গ. ২৩ জুন ঘ. ১৬ ডিসেম্বর **উত্তর: খ**

২২. **আন্তর্জাতিক নিরাপদ মাতৃত্ব দিবস** - [মাউশি অধিদপ্তরের প্রদর্শক: ২১]
ক. ৩ এপ্রিল খ. ২৮ মে গ. ১৮ জুন ঘ. ১২ ডিসেম্বর **উত্তর: খ**

২৩. **বিশ্ব তামাকমুক্ত দিবস - / World No-Tobacco Day কবে?** [৩৪তম বিসিএস]
ক. ২৫ মে খ. ২৮ মে গ. ৩০ মে ঘ. ৩১ মে **উত্তর: ঘ**

CamScanner

২৪. **বিশ্ব শরণার্থী দিবস - / World Refugee Day কবে?** [সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. ২০ জুন খ. ২০ জানুয়ারি গ. ২০ আগস্ট ঘ. ২০ ডিসেম্বর **উত্তর: ক**

২৫. **আন্তর্জাতিক মাদক বিরোধী দিবস কবে?** [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]
ক. ৫ জুন খ. ২৩ জুন গ. ২৬ জুন ঘ. ২৭ জুন **উত্তর: গ**

২৬. **বিশ্ব জনসংখ্যা দিবস - / World Population Day কবে?** [বাংলাদেশ ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৬]
ক. ৩১ মে খ. ১১ জুলাই গ. ৪ অক্টোবর ঘ. ১০ ডিসেম্বর **উত্তর: খ**

২৭. **২০২৩ সালের বিশ্ব জনসংখ্যা দিবসের প্রতিপাদ্য বিষয় কোনটি?** [বিএসসি'র অফিসার: ১৮]
ক. প্রকৃতির জন্য সময় খ. বৈশ্বিক কর্মে যুবশক্তি গ. নারী ও কিশোরীদের সুস্বাস্থের অধিকার
ঘ. জেন্ডার সমতাই শক্তি : নারী ও কন্যাশিশুর মুক্ত উচ্চারণে হোক পৃথিবীর অবারিত সম্ভাবনার দ্বার উন্মোচন **উত্তর: ঘ**

২৮. **International Day of Friendship কবে? / আন্তর্জাতিক বন্ধুত্ব দিবস কবে?** [বেজা'র সহকারী ব্যবস্থাপক: ২০]
ক. ১ মে খ. ১ জুলাই গ. ২৫ জুলাই ঘ. ৩০ জুলাই **উত্তর: ঘ**

২৯. **আন্তর্জাতিক মানব পাচার বিরোধী দিবস কবে? / বিশ্ব মানব পাচার বিরোধী দিবস** - [বিআরইবি'র সহকারী ব্যবস্থাপক: ১২]
ক. ১ মে খ. ১ জুলাই গ. ২৫ জুলাই ঘ. ৩০ জুলাই **উত্তর: ঘ**

৩০. **২০২৩ সালের বিশ্ব মানব পাচার বিরোধী দিবসের প্রতিপাদ্য বিষয় কোনটি?** [১৪তম বিজেএস]
ক. সুরক্ষিত বিশ্ব, নিশ্চিত সমুদ্র খ. মানুষের জন্য যুব উন্নয়ন
গ. প্রযুক্তির ব্যবহার ও অপব্যবহার ঘ. রিচ এভরি ভিকটিম অব ট্রাফিকিং, লিভ নো ওয়ান বিহাইন্ড **উত্তর: ঘ**

৩১. **বিশ্ব আদিবাসী দিবস পালিত হয়ে থাকে** - [অগ্রণী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৩]
ক. ২ আগস্ট খ. ৫ আগস্ট গ. ৭ আগস্ট ঘ. ৯ আগস্ট **উত্তর: ঘ**

৩২. **আন্তর্জাতিক যুব দিবস কবে?** [ঢাবি: ১৮-১৯]
ক. ১২ জুলাই খ. ১২ আগস্ট গ. ১২ সেপ্টেম্বর ঘ. ১২ অক্টোবর **উত্তর: খ**

৩৩. **বিশ্ব মানবিক দিবস কোনটি?** [রাকাব'র ক্যাশিয়ার: ১৬]
ক. ১ আগস্ট খ. ১৯ আগস্ট গ. ২০ ডিসেম্বর ঘ. ২৭ সেপ্টেম্বর **উত্তর: খ**

৩৪. **বিশ্ব সাক্ষরতা দিবস পালিত হয়** - [আইইআর'র আরবান প্রোগ্রাম কো-অর্ডিনেটর: ২০]
ক. ১৭ মার্চ খ. ২১ মার্চ গ. ৮ সেপ্টেম্বর ঘ. ১১ সেপ্টেম্বর **উত্তর: গ**

৩৫. **আন্তর্জাতিক গণতন্ত্র দিবস কত তারিখে পালিত হয়?** [৪৩তম বিসিএস]
ক. ১৫ আগস্ট খ. ১৫ সেপ্টেম্বর গ. ১৫ নভেম্বর ঘ. ১৫ ডিসেম্বর **উত্তর: খ**

৩৬. **আন্তর্জাতিক শান্তি দিবস উদযাপিত হয়** - [ঢাবি: ১১-১২]
ক. ৩ জুন খ. ১১ জুলাই গ. ২১ সেপ্টেম্বর ঘ. ১৬ ডিসেম্বর **উত্তর: গ**

৩৭. **জাতিসংঘ ঘোষিত শান্তি দিবস পালিত হয়** - [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৬]
ক. ১ জানুয়ারি খ. ৫ জুন গ. ২১ সেপ্টেম্বর ঘ. ২৪ অক্টোবর **উত্তর: গ**

৩৮. **বিশ্ব পর্যটন দিবস** - [জীবন বীমা কর্পোরেশনের সহকারী ব্যবস্থাপক: ২০]
ক. ১ জানুয়ারি খ. ৫ জুন গ. ২৭ সেপ্টেম্বর ঘ. ২৪ অক্টোবর **উত্তর: গ**

৩৯. **আন্তর্জাতিক তথ্য জানার অধিকার দিবস - / International Right to Know Day কবে?** [পিকেএসএফ'র সহকারী ব্যবস্থাপক: ১৪]
ক. ২৮ আগস্ট খ. ২৮ সেপ্টেম্বর গ. ২৮ নভেম্বর ঘ. ২৮ ডিসেম্বর **উত্তর: খ**

৪০. **আন্তর্জাতিক প্রবীণ দিবস কত তারিখে পালিত হয়?** [থানা সহকারী শিক্ষা অফিসার: ০৮]
ক. ১ মে খ. ৫ জুন গ. ১ অক্টোবর ঘ. ৩১ অক্টোবর **উত্তর: গ**

৪১. **আন্তর্জাতিক অহিংস দিবস** - [ঢাবি: ০৭-০৮]
ক. ৩০ জানুয়ারি খ. ২ অক্টোবর খ. ৩ অক্টোবর ঘ. ১০ অক্টোবর **উত্তর: খ**

৪২. **বিশ্ব শিক্ষক দিবস** - [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ১৬]
ক. ৪ অক্টোবর খ. ৫ অক্টোবর গ. ৬ অক্টোবর ঘ. ৭ অক্টোবর **উত্তর: খ**

৪৩. **প্রতি বছর অক্টোবর মাসের কোন দিন বিশ্ব প্রতিবেশ দিবস পালিত হয়ে থাকে? / প্রতি বছর অক্টোবর মাসের কোন দিন World Habitat Day পালিত হয়?** [১৪তম বিসিএস]
ক. প্রথম সোমবার খ. দ্বিতীয় সোমবার গ. তৃতীয় সোমবার ঘ. চতুর্থ সোমবার **উত্তর: ক**

৪৪. **বিশ্ব ডাক দিবস পালন করা হয়** - [সমবায় অধিদপ্তরের ক্যাশিয়ার: ২৩]
ক. ৮ সেপ্টেম্বর খ. ৯ অক্টোবর গ. ১১ অক্টোবর ঘ. ১০ ডিসেম্বর **উত্তর: খ**

৪৫. **বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস কবে পালিত হয়?** [স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সহকারী প্রকৌশলী: ০৫]
ক. ১০ অক্টোবর খ. ১২ অক্টোবর গ. ১৪ অক্টোবর ঘ. ১৫ অক্টোবর **উত্তর: ক**

৪৬. **বিশ্ব কন্যা শিশু দিবস কবে পালিত হয়?** [চবি: ১৫-১৬]
ক. ৭ অক্টোবর খ. ৮ অক্টোবর গ. ৯ অক্টোবর ঘ. ১১ অক্টোবর **উত্তর: ঘ**

CamScanner

৪৭. বিশ্ব মান দিবস প্রতিপালিত হয় প্রতি বছর - [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ০৫]
ক. ৭ মার্চ খ. ১০ এপ্রিল গ. ৭ মে ঘ. ১৪ অক্টোবর **উত্তর: ঘ**

৪৮. বিশ্ব হাত ধোয়া দিবস কত তারিখে পালন করা হয়? [ইবি: ১৯-২০]
ক. ৭ এপ্রিল খ. ১১ অক্টোবর গ. ১৫ অক্টোবর ঘ. ১৪ নভেম্বর **উত্তর: গ**

৪৯. বিশ্ব সাদা ছড়ি দিবস কবে পালিত হয়? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৫]
ক. ১১ অক্টোবর খ. ১২ অক্টোবর গ. ১৪ অক্টোবর ঘ. ১৫ অক্টোবর **উত্তর: ঘ**

৫০. বিশ্ব ছাত্র দিবস কোনটি? [জবি: ১৭-১৮]
ক. ১৫ অক্টোবর খ. ১৬ অক্টোবর গ. ৩১ অক্টোবর ঘ. ১ নভেম্বর **উত্তর: ক**

৫১. বিশ্ব খাদ্য দিবস কোনটি? [বিবিএস'র জুনিয়র পরিসংখ্যান সহকারী: ১৬]
ক. ১৬ অক্টোবর খ. ১৬ নভেম্বর গ. ১৭ অক্টোবর ঘ. ১৭ নভেম্বর **উত্তর: ক**

৫২. আন্তর্জাতিক দারিদ্র্য দূরীকরণ দিবস পালিত হয় কবে? [খুবি: ০৯-১০]
ক. ১৬ অক্টোবর খ. ১৬ নভেম্বর গ. ১৭ অক্টোবর ঘ. ১৭ নভেম্বর **উত্তর: গ**

৫৩. বিশ্ব পরিসংখ্যান দিবস কোনটি? [রাকাব'র ক্যাশিয়ার: ১৬]
ক. ২০ অক্টোবর খ. ২২ অক্টোবর গ. ২০ নভেম্বর ঘ. ২০ ডিসেম্বর **উত্তর: ক**

৫৪. বিশ্ব শিশু দিবস উদযাপিত হয় - / বিশ্ব শিশু অধিকার দিবস - / International Child Rights Day - [প্রাণিসম্পদ অধিদপ্তরের মাঠ সহকারী: ০৭]
ক. ২০ অক্টোবর খ. ২২ অক্টোবর গ. ২০ নভেম্বর ঘ. ২০ ডিসেম্বর **উত্তর: গ**

৫৫. কোন মাসের কত তারিখে বিশ্ব শিশু দিবস উদযাপিত হয়? [ইসলামী ব্যাংকের ফিল্ড অফিসার: ০২]
ক. সেপ্টেম্বর মাসের প্রথম সোমবার খ. অক্টোবর মাসের প্রথম সোমবার
গ. নভেম্বর মাসের প্রথম সোমবার ঘ. কোনোটিই নয় **উত্তর: ঘ**

৫৬. অক্টোবর মাসের দ্বিতীয় শুক্রবার 'বিশ্ব ডিম দিবস' সর্বপ্রথম কোন সালে পালিত হয়? [চবি: ১৭-১৮]
ক. ১৯৯০ খ. ১৯৯৬ গ. ১৯৯৮ ঘ. ২০০৪ **উত্তর: খ**

৫৭. বিশ্ব ডায়াবেটিস দিবস বা World Diabetes Day কবে? [বিকেবি'র অফিসার: ১৭]
ক. ১৪ নভেম্বর খ. ১১ ডিসেম্বর গ. ১৫ ডিসেম্বর ঘ. ১৭ ডিসেম্বর **উত্তর: ক**

৫৮. আন্তর্জাতিক নারী নির্যাতন বিলোপ দিবস কোনটি? [প্রাণিসম্পদ অধিদপ্তরের মাঠ সহকারী: ০৭]
ক. ২৩ নভেম্বর খ. ২৫ নভেম্বর গ. ২৭ নভেম্বর ঘ. ২৯ নভেম্বর **উত্তর: খ**

৫৯. জাতিসংঘ কোন তারিখে ফিলিস্তিনি দিবস পালন করে? / কবে আন্তর্জাতিক ফিলিস্তিন সংহতি দিবস পালিত হয়? [কারিগরি শিক্ষা অধিদপ্তরের জুনিয়র ইন্সট্রাক্টর: ০৫]
ক. ১৭ জানুয়ারি খ. ২২ আগস্ট গ. ২৯ নভেম্বর ঘ. ১৬ ডিসেম্বর **উত্তর: গ**

৬০. বিশ্ব এইডস দিবস পালিত হয় - [বিবিএস'র পরিসংখ্যান কর্মকর্তা: ১০]
ক. ১ ডিসেম্বর খ. ১২ ডিসেম্বর গ. ১৬ ডিসেম্বর ঘ. ১৯ ডিসেম্বর **উত্তর: ক**

৬১. বিশ্ব প্রতিবন্ধী দিবস পালিত হয় প্রতি বছর - [সমাজসেবা অধিদপ্তরের ইউনিয়ন সমাজকর্মী: ১৬]
ক. ১ ডিসেম্বর খ. ৩ ডিসেম্বর গ. ১৫ ডিসেম্বর ঘ. ৬ ডিসেম্বর **উত্তর: খ**

৬২. আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস - [ডাক বিভাগের মেইল অপারেটর: ১৫]
ক. ২৭ ফেব্রুয়ারি খ. ২৩ সেপ্টেম্বর গ. ৩১ অক্টোবর ঘ. ৯ ডিসেম্বর **উত্তর: ঘ**

৬৩. বিশ্ব মানবাধিকার দিবস - / World Human Rights Day পালিত হয় কবে? [৪৩তম বিসিএস]
ক. ১ মে খ. ২৬ জুন গ. ১ আগস্ট ঘ. ১০ ডিসেম্বর **উত্তর: ঘ**

৬৪. আন্তর্জাতিক অভিবাসী দিবস কত তারিখ? [বিএমইটি'র কম্পিউটার অপারেটর: ২৩]
ক. ১৫ ডিসেম্বর খ. ১৮ ডিসেম্বর গ. ১৯ ডিসেম্বর ঘ. ২০ ডিসেম্বর **উত্তর: খ**

৬৫. জাতিসংঘ আদিবাসী বর্ষ হিসাবে কোন সালকে ঘোষণা করেছে? [১৫তম বিসিএস]
ক. ১৯৯১ খ. ১৯৯২ গ. ১৯৯৩ ঘ. ১৯৯৪ **উত্তর: গ**

৬৬. সার্ক কোন সালকে দারিদ্র্য বিমোচন বর্ষ হিসাবে পালন করেছে? [খুবি: ১৯-২০]
ক. ১৯৯২ খ. ১৯৯৩ গ. ১৯৯৪ ঘ. ১৯৯৫ **উত্তর: ঘ**

৬৭. কোন সালটি আন্তর্জাতিক প্রবীণ বর্ষ - [রাবি: ০৩-০৪]
ক. ১৯৯৮ খ. ১৯৯৯ গ. ২০০০ ঘ. ২০০৪ **উত্তর: খ**

৬৮. জাতিসংঘ ১৯৯৯ সালকে কী বর্ষ হিসেবে ঘোষণা করেছিল? [উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা: ০৭]
ক. শিশুবর্ষ খ. যুববর্ষ গ. নারীবর্ষ ঘ. প্রবীণবর্ষ **উত্তর: ঘ**

৬৯. আন্তর্জাতিক ক্ষুদ্রঋণ বর্ষ কোনটি? [ইবি: ০৬-০৭]
ক. ১৯৯৮ খ. ২০০০ গ. ২০০১ ঘ. ২০০৫ **উত্তর: ঘ**

৭০. আন্তর্জাতিক ভাষাবর্ষ প্রথম উদযাপন করা হয় - [ঢাবি: ১৪-১৫]
ক. ২০০৭ সালে খ. ২০০৮ সালে গ. ২০০৯ সালে ঘ. ২০১১ সালে **উত্তর: খ**

CamScanner

৭১. ২০১৩ সালকে জাতিসংঘ ঘোষণা করেছে – [ঢাবি: ১৩-১৪]
ক. ক্ষুদ্র ঋণ বর্ষ খ. পানি সহযোগিতা বর্ষ গ. বন বর্ষ ঘ. ভাষা বর্ষ **উত্তর: খ**

৭২. প্রথম জাতিসংঘ উন্নয়ন দশকের মেয়াদকাল ছিল – [তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০৪]
ক. ১৯৫১ - ১৯৬০ খ. ১৯৬১ - ১৯৭০ গ. ১৯৭১ - ১৯৮০ ঘ. ১৯৮১ - ১৯৯০ **উত্তর: খ**

৭৩. ২০১০-২০২০ সময়কালকে সার্ক কী দশক হিসেবে পালন করে? [ঢাকা ব্যাংকের অফিসার (ক্যাশ): ১৯]
ক. শিশু অধিকার দশক খ. দারিদ্র্য দূরীকরণ দশক গ. মানসম্মত শিক্ষা দশক ঘ. আন্তঃআঞ্চলিক সম্পর্কীয় দশক **উত্তর: ঘ**

ওজোনস্তরের অবক্ষয়

০১. ওজোনের রং কী? [বিএমইটি'র কম্পিউটার অপারেটর: ২৩]
ক. গাঢ় সবুজ খ. গাঢ় নীল গ. হলদে বেগুনি ঘ. ধবধবে সাদা **উত্তর: খ**

০২. বায়ুমন্ডলের যে স্তরে ওজোন স্তর রয়েছে - [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৬]
ক. ট্রপোমন্ডল খ. স্ট্রাটোমন্ডল গ. আয়নমন্ডল ঘ. ট্রপোবিরতি **উত্তর: খ**

০৩. অতিবেগুনি রশ্মির উৎস কী? [বিআরটিএ'র মোটরযান পরিদর্শক: ১৭]
ক. চন্দ্র খ. বৃহস্পতি গ. সূর্য ঘ. পৃথিবী **উত্তর: গ**

০৪. বায়ুমন্ডলের কোন উপাদান অতিবেগুনি রশ্মিকে শোষণ করে? [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৮]
ক. নাইট্রোজেন খ. অক্সিজেন গ. ওজোন ঘ. হিলিয়াম **উত্তর: গ**

০৫. নিচের কোন রশ্মি থেকে ওজোনস্তর পৃথিবীকে থেকে রক্ষা করে? [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ১৮]
ক. এক্সরে খ. আলফা রশ্মি গ. অতিবেগুনি রশ্মি ঘ. বিটা রশ্মি **উত্তর: গ**

০৬. কোন আলোক রশ্মি ত্বকে ভিটামিন তৈরিতে সাহায্য করে? [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক: ২১]
ক. বিটা রশ্মি খ. গামা রশ্মি গ. অতিবেগুনি রশ্মি ঘ. এক্সরে **উত্তর: গ**

০৭. বায়ুমন্ডলের ওজোন স্তরের গর্ত সম্পর্কে যে তথ্যটি সত্যি নয় - [আইএফআইসি ব্যাংকের অফিসার: ১৯]
ক. দক্ষিণ মেরুতে এই গর্ত সৃষ্টি হয় খ. বছরের নির্দিষ্ট ঋতুতে এই গর্ত সৃষ্টি হয়
গ. এলনিনো প্রভাবের ফলে এই গর্ত সৃষ্টি হয় ঘ. বায়ুমন্ডলে নির্গত ক্লোরোফ্লোরো কার্বনের ফলে এই গর্ত সৃষ্টি হয় **উত্তর: গ**

০৮. ঊর্ধ্বাকাশের বায়ুমন্ডলীয় ওজোনস্তর কিসের দ্বারা ক্ষয়প্রাপ্ত হয়? [ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী রসায়নবিদ: ৯৮]
ক. অ্যামোনিয়া গ্যাস খ. হিলিয়াম গ্যাস গ. ফ্রেয়ন গ্যাস ঘ. কার্বন ডাই অক্সাইড গ্যাস **উত্তর: গ**

০৯. সিএফসি আবিষ্কার করেন কে? / ক্লোরো ফ্লোরো কার্বন (সিএফসি) আবিষ্কার করেন কে? [জাতীয় সংসদ সচিবালয়ের ব্যক্তিগত কর্মকর্তা: ২৩]
ক. আব্দুস সালাম খ. অ্যালবার্ট আইনস্টাইন গ. থমাস মিডগ্লে ঘ. ক্যালভিন **উত্তর: গ**

১০. কোন গ্যাসটি ওজোন গ্যাসকে ভাঙতে সাহায্য করে? [সিএজি কার্যালয়ের অধীক্ষক: ৯৮]
ক. কার্বন ডাই অক্সাইড খ. হাইড্রোজেন সালফাইড গ. ব্রোমিন ঘ. ক্লোরো ফ্লোরো কার্বন **উত্তর: ঘ**

১১. ক্লোরো ফ্লোরো কার্বন বা সিএফসি বায়ুমন্ডলের কোন স্তরকে ক্ষতি করেছে? [সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার: ০৬]
ক. আয়নোস্ফিয়ার খ. স্ট্রাটোস্ফিয়ার গ. থার্মোস্ফিয়ার ঘ. মেসোস্ফিয়ার **উত্তর: খ**

১২. নিত্য ব্যবহার্য এরোসোলের কৌটায় লেখা থাকে সিএফসি বিহীন। সিএফসি গ্যাস কেন ক্ষতিকারক? [১৫তম বিসিএস]
ক. ফুসফুসে রোগ সৃষ্টি করে খ. গ্রিনহাউস ইফেক্টে অবদান রাখে
গ. ওজোনস্তরে ফুটো সৃষ্টি করে ঘ. দাহ্য বলে অগ্নিকান্ডের সম্ভাবনা ঘটায় **উত্তর: গ**

১৩. বায়মন্ডলের ওজনস্তর অবক্ষয় বা ছিদ্র বা ফাটলের জন্য কোন গ্যাসটির ভূমিকা সর্বোচ্চ? [২১তম বিসিএস]
ক. কার্বন ডাই অক্সাইড খ. জলীয় বাষ্প গ. নাইট্রিক অক্সাইড ঘ. সিএফসি **উত্তর: ঘ**

১৪. কোন গ্যাস ওজোনস্তরের সবচেয়ে বেশি ক্ষতি করে? [পিএসসি'র সহকারী পরিচালক: ০৬]
ক. হাইড্রোজেন সালফাইড খ. ক্লোরিন গ. ফ্লোরিন ঘ. ব্রোমিন **উত্তর: খ**

১৫. ফ্রেয়ন কার ট্রেড বা বাণিজ্যিক নাম? [কারা অধিদপ্তরের কারা তত্ত্বধায়ক: ০৬]
ক. CFC খ. DDT গ. CTS ঘ. BCF **উত্তর: ক**

১৬. রেফ্রিজারেটরের কম্প্রেসারের মধ্যে যে তরল পদার্থ ব্যবহার করা হয় তার নাম - [বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক: ০৬]
ক. জিওফ্রট খ. ফ্রেয়ন গ. অক্সিজেন ঘ. নিয়ন **উত্তর: খ**

১৭. বর্তমানে পরিবেশ-বান্ধব কোন গ্যাসটি রেফ্রিজারেটরের কম্প্রেসরে ব্যবহার করা হয়? [৩৮তম বিসিএস]
ক. ট্রাইফ্লুরো ইথেন খ. টেট্রাফ্লুরো ইথেন গ. ডাইক্লোরো ইথেন ঘ. আর্গন **উত্তর: খ**

১৮. ২০১২ সালে কার্বন কর চালু করে - [মাউশি অধিদপ্তরের প্রদর্শক: ২১]
ক. যুক্তরাষ্ট্র খ. ব্রাজিল গ. জাপান ঘ. অস্ট্রেলিয়া **উত্তর: ঘ**

১৯. বিশ্বের শীর্ষ কার্বন নিঃসরণকারী দেশ কোনটি? [প্রত্নতত্ত্ব অধিদপ্তরের সহকারী কাস্টোডিয়ান: ২৩]
ক. যুক্তরাষ্ট্র খ. চীন গ. জাপান ঘ. কানাডা **উত্তর: খ**

২০. পৃথিবীতে সর্বোচ্চ কার্বন ডাই-অক্সাইড নিঃসরণকারী দেশ - [জীবন বীমা কর্পোরেশনের অফিস সহকারী: ২১]
ক. জাপান খ. যুক্তরাজ্য গ. যুক্তরাষ্ট্র ঘ. জার্মানি **উত্তর: গ**

CamScanner

গ্রিন হাউজ প্রতিক্রিয়া ও বৈশ্বিক পরিবর্তন

০১. **গ্রিন হাউস কী?** [৩৭তম বসিত্রিস]
ক. কাঁচের তৈরী ঘর খ. সবুজ আলোর ঘর গ. সবুজ ভবন ঘ. সবুজ গাছপালা **উত্তর: ক**

০২. **গ্রিন হাউস হলো** – [ডাক বিভাগের পোস্টাল অপারেটর: ২৩]
ক. অডিটরিয়াম খ. গ্যাস গ. সবুজ রংয়ের ঘর ঘ. শাকসবজি চাষের জন্য কাঁচের ঘর **উত্তর: ঘ**

০৩. **সূর্যরশ্মির শতকরা ৩৪ ভাগ প্রতিফলিত ও বিচ্ছুরিত হয়ে ক্ষুদ্র তরঙ্গরূপে পৃথিবী থেকে মহাশূন্যে চলে যাওয়াকে কী বলে?** [সোনালী ব্যাংকের সিনিয়র অফিসার: ১৯]
ক. আলবেডো খ. বিচ্ছুরন গ. রেডিয়েশন ঘ. প্রতিফলন **উত্তর: ক**

০৪. **গ্রিন হাউস ইফেক্ট বলতে কী বোঝায়?** [১২তম বিসিএস]
ক. তাপ আটকে পড়ে সার্বিক তাপমাত্রা বৃদ্ধি খ. প্রাকৃতিক চাষের বদলে ক্রমবর্ধমানভাবে কৃত্রিম চাষের প্রয়োজনীয়তা
গ. সূর্যালোকের অভাবে সালোকসংশ্লেষণে ঘাটতি ঘ. উপগ্রহের সাহায্যে দূর থেকে ভূমণ্ডলের অবলোকন **উত্তর: ক**

০৫. **পরিবেশ দূষণের ক্ষেত্রে নিচের গ্যাসসমূহের মধ্যে কোন গ্যাসটি গ্রিন হাউস ইফেক্টের জন্য প্রধানত দায়ী?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ০৭]
ক. CO_2 খ. H_2S গ. O_2 ঘ. SO_2 **উত্তর: ক**

০৬. **যে গ্রুপের সবগুলো অণুই গ্রিন হাউস গ্যাস** – [ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের সহকারী রসায়নবিদ: ৯৮]
ক. CO_2, N_2, O_2 খ. CO_2, H_2O, CH_4 গ. N_2, H_2O, CH_4, ঘ. CO_2, N_2, CH_4 **উত্তর: খ**

০৭. **জীবাশ্ম জ্বালানী দহনের ফলে বায়ুমণ্ডলে যে গ্রিনহাউজ গ্যাসের পরিমাণ সব চাইতে বেশি বৃদ্ধি পাচ্ছে - / জীবাশ্ম জ্বালানী দহনের ফলে বায়ুমণ্ডলে কোন গ্রিনহাউজ গ্যাসের পরিমাণ বেশি বৃদ্ধি পাচ্ছে?** [২৬তম বিসিএস]
ক. জলীয় বাষ্প খ. ক্লোরো ফ্লোরো কার্বন গ. কার্বন ডাই অক্সাইড ঘ. মিথেন **উত্তর: গ**

০৮. **গ্রিনহাউজ গ্যাসের কোন গ্যাস বর্তমানে বৃদ্ধি পাচ্ছে না?** [৪৫তম বিসিএস]
ক. জলীয় বাষ্প খ. মিথেন গ. কার্বন ডাই অক্সাইড ঘ. ক্লোরো ফ্লোরো কার্বন (সিএফসি) **উত্তর: ঘ**

০৯. **নিচের গ্রিনহাউস গ্যাসগুলোর কোনটির অবদান বায়ুমণ্ডলের উষ্ণতা সংরক্ষণে সর্বাধিক?** [জবি: ০৫-০৬]
ক. জলীয় বাষ্প খ. কার্বন ডাই অক্সাইড গ. মিথেন ঘ. ক্লোরো ফ্লোরো কার্বন **উত্তর: খ**

১০. **বিশ্বব্যাপী নিচের কোন অর্থনৈতিক খাত থেকে সবচেয়ে বেশি গ্রিন হাউজ গ্যাস নির্গত হয়?** [৪৫তম বিসিএস]
ক. পরিবহণ খ. শিল্প গ. ভবন নির্মাণ ঘ. বিদ্যুৎ ও তাপ উৎপাদন **উত্তর: ঘ**

১১. **বায়ুমণ্ডলে কার্বন ডাই অক্সাইড বৃদ্ধির প্রধান কারণ কী?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১২]
ক. গাছপালা কমে যাওয়া খ. ভূপৃষ্ঠের শিলার ভাঙন গ. যানবাহনের সংখ্যা বৃদ্ধি ঘ. ব্যাপক হারে জনসংখ্যা বৃদ্ধি **উত্তর: ক**

১২. **কোনটি গ্রিন হাউস এফেক্ট সৃষ্টির সহায়ক?** [বেবিচকের হিসাব সহকারী: ২১]
ক. সিএফসি খ. সিএনজি গ. নিয়ন ঘ. হিলিয়াম **উত্তর: ক**

১৩. **কোনটি গ্রিন হাউস গ্যাস?** [বন অধিদপ্তরের বন প্রহরী: ২৩]
ক. নাইট্রাস অক্সাইড খ. মিথেন গ. কার্বন ডাই অক্সাইড ঘ. সবগুলো **উত্তর: ঘ**

১৪. **নিম্নের কোনটি গ্রিন হাউস গ্যাস নয়?** [৩৭তম বিসিএস]
ক. নাইট্রাস অক্সাইড খ. কার্বন ডাই অক্সাইড গ. অক্সিজেন ঘ. মিথেন **উত্তর: গ**

১৫. **গ্রিন হাউজ গ্যাস নিঃসরণকারী শীর্ষ দেশ কোনটি?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]
ক. চীন খ. ভারত গ. রাশিয়া ঘ. যুক্তরাষ্ট্র (দ্বিতীয়) **উত্তর: ক**

১৬. **কোন দুইটি দেশ সর্বোচ্চ গ্রিন হাউজ গ্যাস নিঃসরণকারী দেশ?** [ঢাবি: ১৭-১৮]
ক. চীন ও যুক্তরাষ্ট্র খ. ভারত ও চীন গ. চীন ও রাশিয়া ঘ. সৌদিআরব ও ভারত **উত্তর: ক**

১৭. **নিচের কোন দেশটি মাথাপিছু গ্রিন হাউজ গ্যাস উদগীরণে সবচেয়ে বেশি দায়ী? / মাথাপিছু কার্বন নিঃসরণে শীর্ষ দেশ কোনটি?** [৩৭তম বিসিএস]
ক. রাশিয়া খ. কাতার গ. ইরান ঘ. জার্মানি **উত্তর: খ**

১৮. **গ্রিন হাউস প্রভাব বা ইফেক্টের পরিণতি কী?** [জাতীয় সংসদ সচিবালয়ের সহকারী পরিচালক: ০৬]
ক. তাপমাত্রা বৃদ্ধি খ. সবুজ গাছের বনায়ন গ. পানির তাপমাত্রা হ্রাস ঘ. মরুকরণ **উত্তর: ক**

১৯. **বৈশ্বিক উষ্ণতার জন্য বেশির ভাগ দায় কার?** [কর্মসংস্থান ব্যাংকের সহকারী অফিসার: ২১]
ক. সূর্যের খ. গাছপালার গ. মানুষের ঘ. সমুদ্রের **উত্তর: গ**

২০. **পৃথিবীর মোট বরফের কত ভাগ এন্টার্কটিকাতে আছে?** [চবি: ১৫-১৬]
ক. ৫০ খ. ৭০ গ. ৯০ ঘ. ৭৫ **উত্তর: গ**

২১. **আর্কটিকের বরফ গলে যাওয়ার কারণ** – [শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অফিস সহায়ক: ০৮]
ক. বৈশ্বিক উষ্ণতা খ. প্রলম্বিত গ্রীষ্মকাল গ. ভূমিকম্প ঘ. অতিরিক্ত বৃষ্টিপাত **উত্তর: ক**

২২. **বৈশ্বিক উষ্ণতার কারণ হলো** – [মৎস্য অধিদপ্তরের কম্পিউটার অপারেটর: ১৪]
ক. সৌর বিকিরণ খ. অধিক বৃষ্টিপাত
গ. সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বেড়ে যাওয়া ঘ. বায়ুমণ্ডলে মাত্রাতিরিক্ত কার্বন ডাই অক্সাইড জমা হওয়া **উত্তর: ঘ**

CamScanner

২৩. **বৈশ্বিক উষ্ণায়নের জন্য মূলত দায়ী যে গ্যাস** - [বাংলাদেশ রেলওয়ের ওয়েম্যান: ২৩]
ক. মিথেন খ. নাইট্রোজেন গ. কার্বন ডাই অক্সাইড ঘ. হিলিয়াম **উত্তর: গ**

২৪. **বিশ্ব উষ্ণায়নের লক্ষণ** - [ডাক বিভাগের মেইল অপারেটর: ০৮]
ক. অতি বৃষ্টি খ. ঝড় জলোচ্ছ্বাসের মাত্রা বৃদ্ধি গ. অনাবৃষ্টি ঘ. সবগুলোই **উত্তর: ঘ**

২৫. **গ্রিন হাউস প্রতিক্রিয়ার ফলে** - [২২তম বিসিএস]
ক. সমুদ্রতলের উচ্চতা বেড়ে যেতে পারে খ. নদ-নদীর পানি কমে যেতে পারে
গ. বৃষ্টিপাতের পরিমাণ কমে যেতে পারে ঘ. ওজোন স্তরের ক্ষতি নাও হতে পারে **উত্তর: ক**

২৬. **গ্রিনহাউজ এফেক্টের পরিণতিতে বাংলাদেশের সবচেয়ে গুরুতর ক্ষতি কী হবে?** [২৬তম বিসিএস]
ক. বৃষ্টিপাত কমে যাবে খ. উত্তাপ অনেক বেড়ে যাবে গ. নিম্নভূমি নিমজ্জিত হবে ঘ. সাইক্লোনের প্রবণতা বাড়বে **উত্তর: গ**

২৭. **নিম্নের কোন দুর্যোগটি বাংলাদেশের জনগণের জীবিকা পরিবর্তনের ক্ষেত্রে দীর্ঘস্থায়ী প্রভাব ফেলতে পারে?** [৩৭তম বিসিএস]
ক. ভূমিকম্প খ. সমুদ্রের জলস্তরের বৃদ্ধি গ. ঘূর্ণিঝড় ও জলোচ্ছাস ঘ. খরা বা বন্যা **উত্তর: খ**

২৮. **সমুদ্রপৃষ্ঠ ৪৫ সে.মি. বৃদ্ধি পেলে ২০৫০ সাল নাগাদ বাংলাদেশে জলবায়ু উদ্বাস্তু কত হবে?** [৩৬তম বিসিএস]
ক. ৩ কোটি খ. ৩.৫ কোটি গ. ৪ কোটি ঘ. ৪.৫ কোটি **উত্তর: খ**

২৯. **সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি নিচের কোন দেশকে সবচেয়ে বেশি প্রভাবিত করবে?** [ফাস্ট সিকিউরিটি ইসলামী ব্যাংকের অফিসার: ১৪]
ক. বাংলাদেশ খ. ইন্দোনেশিয়া গ. অস্ট্রেলিয়া ঘ. মালদ্বীপ **উত্তর: ঘ**

৩০. **কীভাবে মালদ্বীপ গঠিত হয়েছে?** [প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক: ১২]
ক. বড় দ্বীপ নিয়ে খ. দুইটি ছোট দ্বীপ নিয়ে গ. চারটি দ্বীপ নিয়ে ঘ. অনেকগুলো দ্বীপ নিয়ে **উত্তর: ঘ**

৩১. **কোন দেশে প্রথম সমুদ্রের তলদেশে মন্ত্রিসভার বৈঠক অনুষ্ঠিত হয়? / জলবায়ু পরিবর্তনের হুমকির ব্যাপকতা তুলে ধরার জন্য কোন দেশটি সমুদ্রের গভীরে মন্ত্রিসভার বৈঠক করেছে?** [৩৫তম বিসিএস]
ক. জাপান খ. মালদ্বীপ গ. শ্রীলংকা ঘ. ইন্দোনেশিয়া **উত্তর: খ**

৩২. **কোন দেশ সমুদ্রে তলিয়ে যাওয়ার আশংকায় অন্যদেশে জমি ক্রয়ের চিন্তা করছে?** [ডাক বিভাগের মেইল অপারেটর: ০৮]
ক. শ্রীলংকা খ. মালদ্বীপ গ. ফিজি ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

৩৩. **কোন দেশে সবচেয়ে বেশি গাছ রয়েছে?** [রাবি: ১৮-১৯]
ক. ব্রাজিল খ. রাশিয়া গ. যুক্তরাষ্ট্র ঘ. কানাডা **উত্তর: খ**

৩৪. **বিশ্বের কোন দেশে প্রথম গাছ কাটা বা বনায়ন উজাড় করা নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে?** [সোনালী ব্যাংকের অফিসার: ১৬]
ক. ডেনমার্ক খ. নরওয়ে গ. নেদারল্যান্ড ঘ. পোল্যান্ড **উত্তর: খ**

পুরস্কার ও সম্মাননা

০১. **নোবেল পুরস্কারের প্রবর্তক কে?** [বিএফআইডিসি'র সহকারী ব্যবস্থাপক: ৯৯]
ক. আইনস্টাইন খ. আলফ্রেড নোবেল গ. আলভা এডিসন ঘ. নিউটন **উত্তর: খ**

০২. **আলফ্রেড নোবেল কোন দেশের নাগরিক ছিলেন?** [বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ব্যক্তিগত সহকারী: ১৯]
ক. ইংল্যান্ড খ. নরওয়ে গ. সুইডেন ঘ. আয়ারল্যান্ড **উত্তর: গ**

০৩. **আলফ্রেড নোবেল কী আবিষ্কার করেছিলেন?** [৩০তম বিসিএস]
ক. রেডিও খ. টেলিভিশন গ. ডিনামাইট ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**

০৪. **ডাইনামাইট আবিষ্কার করেন** - [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে সহকারী ইন্সট্রাক্টর: ১২]
ক. আলফ্রেড নোবেল খ. উইলিয়াম মারডক গ. জোসেফ প্রিস্টলি ঘ. টমাস আলভা এডিসন **উত্তর: ক**

০৫. **নোবেল পুরস্কার প্রবর্তকের মূল আবিষ্কার মুখ্যত কী উদ্দেশ্যে ব্যবহৃত হয়? / আলফ্রেড নোবেলের মূল আবিষ্কার বর্তমানে মূলত কী উদ্দেশ্যে ব্যবহৃত হয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৮]
ক. শিল্প উন্নয়নের জন্য খ. যোগাযোগের জন্য গ. সৃষ্টির জন্য ঘ. ধ্বংসের জন্য **উত্তর: ঘ**

০৬. **নোবেল পুরস্কারের প্রবর্তক আলফ্রেড নোবেল ধনী হয়েছিলেন** - [১৮তম বিসিএস]
ক. জাহাজের ব্যবসা করে খ. ইস্পাত কারখানার মালিক হিসেবে
গ. তেলের খনির মালিক হিসেবে ঘ. উন্নত ধরনের বিস্ফোরক আবিষ্কার করে **উত্তর: ঘ**

০৭. **কত সালে নোবেল পুরস্কার প্রবর্তন করা হয়?** [সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী: ১৯]
ক. ১৮৯৬ খ. ১৯০১ গ. ১৮৭৬ ঘ. ১৯০০ **উত্তর: খ**

০৮. **কোন দেশ থেকে নোবেল পুরস্কার দেয়া হয়?** [প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১০]
ক. যুক্তরাষ্ট্র খ. যুক্তরাজ্য গ. সুইডেন ঘ. বেলজিয়াম **উত্তর: গ**

০৯. **কতদিন পর পর নোবেল পুরস্কার দেওয়া হয়?** [এসআইবিএল'র প্রবেশনারী অফিসার: ১১]
ক. বছরে পাঁচবার খ. বছরে দুইবার খ. দুই বছরে একবার ঘ. বছরে একবার **উত্তর: ঘ**

১০. **নোবেল পুরস্কারের অর্থমূল্য কত?** [বেবিচকের সহকারী প্রকৌশলী: ২৩]
ক. ৮০ লক্ষ ক্রোনা খ. ৯০ লক্ষ ক্রোনা খ. ১ কোটি ক্রোনা ঘ. ১ কোটি ১০ লক্ষ ক্রোনা **উত্তর: ঘ**

CamScanner

১১. **মোট কয়টি বিষয়ে নোবেল পুরস্কার দেয়া হয়?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক: ১৩]
ক. ৬ খ. ৭ গ. ৮ ঘ. ৯ **উত্তর: ক**
ব্যাখ্যা: ১৯০১ সালে নোবেল পুরস্কার চালুর পর থেকে ৫ টি বিষয়ে নোবেল পুরস্কার দেওয়া হতো। ১৯৬৯ সালে অর্থনীতিতে নোবেল পুরস্কার চালুর পর বর্তমানে মোট ৬ টি বিষয়ে নোবেল পুরস্কার দেওয়া হয়। বিষয়গুলো হলো পদার্থবিজ্ঞান, রসায়ন, চিকিৎসা, সাহিত্য, শান্তি ও অর্থনীতি। চিকিৎসায় পুরস্কার ঘোষণা দেয় ক্যারোলিন্সকা ইনস্টিটিউট, সাহিত্যে ঘোষণা দেয় সুইডিস একাডেমি, শান্তিতে ঘোষণা দেয় নরওয়েজিয়ান নোবেল কমিটি, পদার্থবিজ্ঞান ও রসায়নে ঘোষণা দেয় রয়েল সুইডিস একাডেমি অব সাইন্সেস এবং অর্থনীতিতে ঘোষণা দেয় দেয় সুইডেনের কেন্দ্রীয় ব্যাংক Sveriges Riksbank এর অর্থায়নে রয়েল সুইডিস একাডেমি অব সাইন্সেস।

১২. **নিচের কোন বিষয়গুলোতে নোবেল পুরস্কার দেওয়া হয়?** [৩৭তম বিসিএস]
ক. পদার্থবিজ্ঞান ও রসায়ন খ. চিকিৎসা ও অর্থনীতি গ. সাহিত্য ও শান্তি ঘ. সবগুলোই **উত্তর: ঘ**

১৩. **কত সালে সাহিত্যে নোবেল পুরস্কার প্রবর্তিত হয়?** [ইবি:১৭-১৮]
ক. ১৯০১ খ. ১৯১১ গ. ১৯১৩ ঘ. ১৯১৭ **উত্তর: ক**

১৪. **সাহিত্যে সর্বোচ্চ পুরস্কার কোনটি?** [সিলেট গ্যাস ফিল্ডের সহকারী ব্যবস্থাপক: ২১]
ক. নোবেল পুরস্কার খ. বুকার পুরস্কার গ. পুলিৎজার পুরস্কার ঘ. ম্যাগসেসে পুরস্কার **উত্তর: ক**

১৫. **সুইডিস বিজ্ঞানী আলফ্রেড নোবেল যে বিষয়ে পুরস্কার দিয়ে যাননি?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১৩]
ক. পদার্থবিজ্ঞান খ. রসায়ন গ. শান্তি ঘ. অর্থনীতি **উত্তর: ঘ**

১৬. **কত সালে অর্থনীতিতে নোবেল পুরস্কার প্রবর্তিত হয়?** [চবি: ১৬-১৭]
ক. ১৯৬৮ খ. ১৯৭০ গ. ১৯৭১ ঘ. ১৯৬৯ **উত্তর: ঘ**

১৭. **নোবেল পুরস্কারের জন্য প্রার্থী নির্বাচনে কয়টি কমিটি কাজ করে?** [যবিপ্রবি: ১৯-২০]
ক. ৫ খ. ৬ গ. ৭ ঘ. ৮ **উত্তর: খ**

১৮. **নরওয়েজিয়ান নোবেল কমিটি কোন ক্ষেত্রে নোবেল পুরস্কার ঘোষণা করে?** [আইসিবি'র অফিসার: ১১]
ক. অর্থনীতি খ. শান্তি গ. চিকিৎসা ঘ. সাহিত্য **উত্তর: খ**

১৯. **কোন দেশ থেকে নোবেল শান্তি পুরস্কার ঘোষণা করা হয়?** [চবি: ১৭-১৮]
ক. সুইডেন খ. নরওয়ে গ. ডেনমার্ক ঘ. বেলজিয়াম **উত্তর: খ**

২০. **নিচের কোন সংস্থাটি শান্তি বিষয়ে নোবেল পুরস্কার ঘোষণা করে?** [প্রাণিসম্পদ অধিদপ্তরের মাঠ সহকারী: ০৭]
ক. সুইডিশ একাডেমি খ. নোবেল কমিটি অব দ্য নরওয়েজিয়ান পার্লামেন্ট
গ. রয়েল সুইডিশ একাডেমি অব সায়েন্স ঘ. কোনোটিই নয় **উত্তর: খ**

২১. **সাহিত্যে প্রথম নোবেল জয়ী কে? / Who was the first recipient of the Nobel Prize for literature?** [বিআরইবি'র সহকারী পরিচালক: ১৬]
ক. জর্জ অরওয়েল খ. শেক্সপিয়ার গ. হেনরি ডুনান্ট ঘ. সুলি প্রুধোম **উত্তর: ঘ**

২২. **নোবেল বিজয়ী নারী কতজন?** [৪৫তম বিসিএস]
ক. ৪০ খ. ৫০ গ. ৫৭ ঘ. ৬৩ **উত্তর: ঘ**

২৩. **প্রথম নোবেল বিজয়ী নারী কে?** [বিএফআইডিসি'র সহকারী ব্যবস্থাপক: ১৩]
ক. ম্যারি কুরি খ. আইরিন কুরি গ. ইউনি ম্যান্ডেলা ঘ. লরা জেনি **উত্তর: ক**

২৪. **সাহিত্যে এ পর্যন্ত নোবেল জয়ী নারীর সংখ্যা কত?** [প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহকারী পরিচালক: ১৩]
ক. ১১ জন খ. ১২ জন গ. ১৪ জন ঘ. ১৭ জন **উত্তর: ঘ**

২৫. **সাহিত্যে নোবেল পুরস্কারজয়ী প্রথম নারী বা মহিলা কে?** [এলজিইডি'র কার্য সহকারী: ২৩]
ক. সেলমা লেগারলফ খ. সিগ্রিড উন্দসেট গ. গ্রেজিয়া ডেলেদ্দা ঘ. পার্‌ল বাক **উত্তর: ক**

২৬. **শান্তিতে নোবেল পুরস্কারজয়ী প্রথম নারী বা মহিলা কে?** [এনসিসি ব্যাংকের প্রবেশনারী অফিসার: ০৯]
ক. আলভা মায়ার ডাল খ. অং সান সুচি গ. বার্থাভন সুটনার ঘ. মাদার তেরেসা **উত্তর: গ**

২৭. **কতজন আফ্রিকান নারী শান্তিতে নোবেল পুরস্কার পেয়েছেন?** [বেরোবি: ১৩-১৪]
ক. ১ জন খ. ২ জন গ. ৩ জন ঘ. ৪ জন **উত্তর: গ**

২৮. **কোন নারী অর্থনীতিতে প্রথম নোবেল পুরস্কার পান?** [পিকেএসএফ'র সহকারী ব্যবস্থাপক: ১৬]
ক. তাওয়াক্কুল কামরান খ. নাগিব মাহফুজ গ. শিরিন এবাদি ঘ. ইলিনর অস্ট্রম **উত্তর: ঘ**

২৯. **নিচের কোন ব্যক্তি সাহিত্যে নোবেল পুরস্কার পান?** [মিডল্যান্ড ব্যাংকের এমটিও: ১৫]
ক. লিনাস পলিং খ. স্যামুয়েল বেকেট গ. এলিনর অস্ট্রম ঘ. কোইচি তানাকা **উত্তর: খ**

৩০. **কোন মুসলিম মনীষী সর্বপ্রথম নোবেল পুরস্কার পান? / কোন মুসলিম মনীষী সর্বপ্রথম শান্তিতে নোবেল পুরস্কার পান?** [২৭তম বিসিএস]
ক. ইয়াসির আরাফাত খ. নাগিব মাহফুজ গ. আনোয়ার সাদাত ঘ. প্রফেসর আব্দুস সালাম **উত্তর: গ**

৩১. **কোন আরব লেখক সর্বপ্রথম সাহিত্যে নোবেল পুরস্কার পান?** [রাকাব'র সিনিয়র অফিসার: ০৬]
ক. তৌফিক আল হাকিম খ. ইব্রাহিম আল মাজিনি গ. নাগিব মাহফুজ ঘ. তাহা হোসেন **উত্তর: গ**

৩২. **নাগীব মাহফুজ কোন সালে নোবেল পুরস্কার লাভ করেন?** [বিআরইবি'র হিসাবরক্ষক: ১৫]
ক. ১৯৭৮ খ. ১৯৮০ গ. ১৯৮৮ ঘ. ১৯৯০ **উত্তর: ঘ**

CamScanner

৩৩. **নাগিব মাহফুজ কী হিসেবে বিখ্যাত?** [এলজিইডি'র অফিস সহায়ক: ২৩]
ক. ঔপন্যাসিক খ. কবি গ. ঐতিহাসিক ঘ. নাট্যকার **উত্তর: ক**

৩৪. **নোবেল বিজয়ী আরবি ঔপন্যাসিক?** [চবি: ১৪-১৫]
ক. হুসাইন হাইকেল খ. নজীব কিলানী গ. নাগিব মাহফুজ ঘ. তুহা হুসাইন **উত্তর: গ**

৩৫. **নোবেল বিজয়ী প্রথম মুসলিম নারী** - [বিভিন্ন মন্ত্রণালয়ের অফিস সহায়ক: ১৮]
ক. সিফাতই রাব্বানী খ. জান্নাতুল ফেরদৌস গ. শিরিন এবাদি ঘ. ড. বেনজীর আহমদ **উত্তর: গ**

৩৬. **কোন মুসলিম নারী সর্বপ্রথম নোবেল শান্তি পুরস্কার পান?** [রাকাব'র সিনিয়র অফিসার: ১১]
ক. বেনজির ভুট্টো খ. মনিকা আলী গ. শিরিন এবাদি ঘ. মাদার তেরেসা **উত্তর: গ**

৩৭. **ইরানের মানবাধিকার কর্মী শিরিন এবাদি কোন সালে শান্তি পুরস্কার পেয়েছিলেন?** [সমাজসেবা অধিদপ্তরের অফিস সহায়ক: ০৫]
ক. ২০০১ সালে খ. ২০০২ সালে গ. ২০০৩ সালে ঘ. ২০০৪ সালে **উত্তর: গ**

৩৮. **শিরিন এবাদি হলেন** - [প্রাণিসম্পদ অধিদপ্তরের মাঠ সহকারী: ০৭]
ক. বিখ্যাত বিজ্ঞানী খ. নোবেলজয়ী গ. বিখ্যাত অভিনেত্রী ঘ. বিখ্যাত লেখিকা **উত্তর: খ**

৩৯. **নোবেল বিজয়ী শিরিন এবাদি কোন দেশের নাগরিক?** [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক: ১৩]
ক. তুরস্ক খ.ইরান গ. ইংল্যান্ড ঘ. কুয়েত **উত্তর: খ**

৪০. **সাহিত্যে নোবেল বিজয়ী ওরহান পামুক কোন দেশের নাগরিক?** [বাংলাদেশ রেলওয়ে সহকারী কমান্ড্যান্ট: ০৭]
ক. ইরান খ. গ্রিস গ. রাশিয়া ঘ. তুরস্ক **উত্তর: ঘ**

৪১. **'হোয়াইট ক্যাসেল' উপন্যাসের রচিয়তা কে?** [জাবি: ০৯-১০]
ক. ইমরে কারতেজ খ. ওরহান পামুক গ. হুয়ান রুলফো ঘ. জে. এম. কোয়েটজি **উত্তর: খ**

৪২. **ভারত উপমহাদেশ থেকে এখন পর্যন্ত কতজন নোবেল পুরস্কার পেয়েছেন?** [২৫তম বিসিএস]
ক. চারজন খ. পাঁচজন গ. ছয়জন ঘ. বারোজন **উত্তর: ঘ**

৪৩. **নোবেলজয়ী দ্বিতীয় এশীয় ব্যক্তিত্ব** - [রাকাব'র সিনিয়র অফিসার: ১৪]
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. অমর্ত্য সেন গ. চন্দ্রশেখর ভেঙ্কট রমন ঘ. মাদার তেরেসা **উত্তর: গ**

৪৪. **ভারত উপমহাদেশে বিজ্ঞানে প্রথম নোবেল পুরস্কার পান কে? / ভারত উপমহাদেশে পদার্থ বিজ্ঞানে প্রথম নোবেল পুরস্কার পান কে? / নোবেল পুরস্কারপ্রাপ্ত দক্ষিণ এশীয় প্রথম বিজ্ঞানী** - [বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা: ২৩]
ক. এইচ. জি. খোরানা খ. আব্দুস সালাম গ. সিভি রমন ঘ. চন্দ্র শেখর **উত্তর: গ**

